বিংশ শতাব্দী

HIMALAYA READERS

ILLUSTRATED

PRIMER	- - -	80 pages - -	10 an
READER I	- -	88 pages - -	12 annas
READER II	- -	88 pages - -	12 annas
READER III	- -	112 pages - -	Re. 1
READER IV	- -	136 pages - -	Re. 1-2
READER V	- -	136 pages - -	Re. 1-4

MACMILLAN AND CO., LIMITED
CALCUTTA, BOMBAY, MADRAS, LONDON

বিংশ শতাব্দী

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

রঙমহলে অভিনীত

প্রথম অভিনয়, ২৫শে ডিসেম্বর ১৯৪৪

মিত্র ও ঘোষ
১০, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা, ১২

শ্রীযুক্ত শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

প্রীতিভাজনেষু—

ভূমিকা

বিংশশতাব্দী প্রকাশিত হ'ল। রঙমহল কর্ত্তৃপক্ষ নাটকখানিকে সাহসের সঙ্গে সাদরে গ্রহণ করেছেন ব'লে রঙমহলের কর্ণধার সুপ্রসিদ্ধ-নট শ্রীযুক্ত অহীন্দ্র চৌধুরী ও স্বত্বাধিকারী শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাহসের কথা বলছি এই কারণে যে, বিংশশতাব্দীর মূল বক্তব্য রক্ষণশীলতার বিরোধী এবং এমন বৈজ্ঞানিক বিষয় এসে পড়েছে, যাতে বাংলার ভাবপ্রবণ দর্শক-শ্রেণীর রক্ষণশীল মন গ্রহণ করবে কিনা এ সম্বন্ধে দ্বিধা হওয়া স্বাভাবিক।

বইখানি Revolving Stage-এ অভিনীত হ'য়েছে। মফঃস্বলে যাঁরা পর্দ্দার দৃশ্যপথ দিয়ে অভিনয় ক'রবেন তাঁরা যেন, প্রত্যেক দৃশ্যে আসবাব-পত্র ব্যবহারের অজুহাতে প্রতি দৃশ্যে Curtain বা Screen ব্যবহার না করেন। একটা discover scene ও একটা cover scene ফেলে অভিনয় ক'রলে অভিনয় ভাল হবে—তাতে গতি আসবে। দৃষ্টান্তস্বরূপ, প্রথম যেখানে বক্তা কথা বলেন—সে কথা তিনি Screen-এর বাইরে এসে বলবেন, তারপর সাজান মঞ্চের দৃশ্য। তারপর তাকে ঢাকবে একটা পর্দ্দা দৃশ্যপট—শ্যামাদাসের মায়ের বাড়ী তাতে হেমন্ত এবং শৈলজা প্রবেশ করবে। তেমনি চতুর্থ দৃশ্যে টেলিফোনের কথা নেপথ্যে হবে। রঙ্গমঞ্চে থাকবে ডাঃ বোস। তারপর আসবে অণিমা। দ্বিতীয় অঙ্কের যে দৃশ্য শ্যামাদাস ব্রজবিহারীর সঙ্গে কথা বলবে—সেটা পর্দ্দা দৃশ্যপট হবে! তারা কথা বলতে বলতে প্রবেশ করবে। এবং সেই দৃশ্যেই করুণা দাঁড়িয়ে থাকতে থাকতেই শ্যামাদাস গিনিপিগের খাঁচা হাতে বেয়ারার সঙ্গে কথা বলতে বলতে প্রবেশ করবে। তা'হলেই দেখবেন হাঙ্গামা হবে না। আসবাব না থাকাতেও কোন অঙ্গহানি হবে না, অথচ অভিনয়ে গতি আসবে।

অভিনয়ের সময় সংক্ষেপের জন্য কোন কোন স্থান সংক্ষিপ্ত ক'রে নেওয়া হ'য়েছে। সে স্থানগুলি চিহ্নিত করে দেওয়া সম্ভবপর হ'ল না। ইতি—

বিনীত

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

প্রথম রজনীর সংগঠনকারিগণ

প্রথম অভিনয়—২৫শে ডিসেম্বর, ১৯৪৪

পরিচালক ও আচার্য্য	...	শ্রীঅহীন্দ্র চৌধুরী
প্রযোজক ও স্বত্বাধিকারী	...	শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়
হারমোনিয়ম	...	শ্রীহরিদাস মুখোপাধ্যায়
পিয়ানো	...	শ্রীসুধীর দাস
তবলা	...	শ্রীপূর্ণচন্দ্র দাস
বেহালা	...	শ্রীকালী সরকার
চেলো	...	শ্রীক্ষীরোদ গাঙ্গুলী
ক্ল্যারিওনেট	...	শ্রীতিনকড়ি দাস
ট্রাম্‌পেট	...	শ্রীবৃন্দাবন দে
করতাল	...	শ্রীকানাই দাস
স্মারক	...	শ্রীকালিপদ সরকার ও শ্রীমনোমোহন চট্টোপাধ্যায়
মঞ্চশিল্পী	...	শ্রীবৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়
মঞ্চাধ্যক্ষ	...	শ্রীবঙ্কিম দত্ত
আহার্য্য সংগ্রাহক	...	শ্রীকেশব দাস

আলোক সম্পাতকারী—শ্রীখগেন দে, শ্রীমন্মথ ঘোষ, শ্রীশ্যামসুন্দর কর, শ্রীতারক দাঁ ও শ্রীক্ষুদিরাম দাস

ব্যবস্থাপক	...	শ্রীসন্তোষকুমার দাস
এ্যাম্পলিফায়ার	...	শ্রীমধুসূদন আঢ্য

প্রথম অভিনয় রজনীর পাত্র-পাত্রীগণ

শ্যামাদাস শাস্ত্রী	...	শ্রীঅহীন্দ্র চৌধুরী
হেমন্ত	...	শ্রীমিহির ভট্টাচার্য্য
কৃষ্ণদাস	...	শ্রীঅমল বন্দ্যোপাধ্যায়
ব্রজবিহারী ঘোষাল	...	শ্রীসন্তোষ দাস
ডাঃ হিরণ্ময় বসু	...	শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়
রামদাস	...	শ্রীবিজয়কার্ত্তিক দাস
নগেন	...	শ্রীপ্রফুল্লকুমার দাস
রমেশ	...	শ্রীজীবন চট্টোপাধ্যায়য়
অ্যাটর্নি	...	শ্রীপ্রবোধকুমার মুখোপাধ্যায়
কর্ম্মচারী	...	শ্রীবিপিন দাস ও শ্রীবিশ্বনাথ দাস
গোমস্তা	...	শ্রীঅমূল্য হালদার
রতন	...	শ্রীতুলসী চক্রবর্ত্তী
দরোয়ান	...	শ্রীগোপাল মুখোপাধ্যায়
পুরোহিত	...	শ্রীনবদ্বীপ দাস
বেয়ারা	...	শ্রীপুলিন পাল, শ্রীকানাই চক্রবর্ত্তী

শ্রোতাগণ—শ্রীহরিধন মুখোপাধ্যায়, শ্রীবিশ্বনাথ সোম, শ্রীগোপাল নন্দী, শ্রীরামকৃষ্ণ সরকার, শ্রীসনৎ মুখোপাধ্যায়, শ্রীহরেকৃষ্ণ সেন, শ্রীকমল দত্ত, শ্রীসত্যনারায়ণ পাঠক, শ্রীতুলসী পাল, শ্রীঅজিত মুখোপাধ্যায়, আরতি, বেবি, শ্রীশিবনাথ চক্রবর্ত্তী

শৈলজা	...	শ্রীমতী রাধারাণী
অণিমা	...	„ শান্তি গুপ্তা
করুণা	...	„ সুহাসিনী
হৈমবতী	...	„ পদ্মাবতী
কীর্ত্তনগায়িকা	...	শ্রীমতী দুর্গাবতী দেবী ও শ্রীমতী ইন্দু দেবী

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

[কোন একটি রঙ্গমঞ্চে বৈজ্ঞানিক বক্তৃতা হইতেছে। যবনিকা অপসারণের পর দেখা গেল রঙ্গমঞ্চের পাদপ্রদীপের সম্মুখে এক ব্যক্তি দাঁড়াইয়াছেন। হাত জোড় করিয়া তিনি বলিলেন]

বক্তা—আপনারা অনুগ্রহ ক'রে চুপ করুন। আপনাদের সানুনয় নিবেদন জানাচ্ছি। আজ যিনি আপনাদের সম্মুখে বক্তারূপে উপস্থিত, তাঁর পরিচয় আপনারা পেয়েছেন। তিনি বয়সে নবীন হলেও জ্ঞানে প্রবীণ। বিজ্ঞান-জগতে বাংলার তিনি গৌরব। দেশে দেশান্তরে তিনি বিজ্ঞানে প্রগাঢ় পাণ্ডিত্য অর্জ্জন করেছেন। মাত্র তাই নয়। বিজ্ঞানে পাণ্ডিত্য অর্জ্জন ক'রে তিনি নিজেকে শুধু গবেষণার কাজেই আবদ্ধ রাখেন নি। বাঙালীর জীবনে তিনি বিজ্ঞানকে সার্থকভাবে কার্য্যকরী ক'রে তুলবার জন্যে প্রাণপণ চেষ্টা করছেন। তাঁর নব-প্রতিষ্ঠিত Bengal Scientific Research-এর কথা আপনারা সকলেই জানেন। তাঁর এই প্রচেষ্টা মাত্র একটা শিল্প-প্রতিষ্ঠান স্থাপনের প্রচেষ্টা নয়, লাভ করবার উদ্দেশ্যে ব্যবসা করাই মাত্র তাঁর উদ্দেশ্য নয়। তিনি এই শিল্প-প্রতিষ্ঠানের কর্ম্মীদের মনকে সত্য বিজ্ঞান-বিশ্বাসী এবং বিজ্ঞান-অভিমুখী ক'রে তুলতে চান। শুধু কর্ম্মীদেরই নয়—সমগ্র বাঙালী জাতির মন এবং দৃষ্টিকে এইদিকে ফেরাতে চান। আমি আশা করি, আপনারা জাতীয় গৌরব এবং ভবিষ্যৎ আশা ভরসা সম্বন্ধে সচেতন হ'য়ে মন দিয়ে তাঁর বক্তব্য শুনবেন। তাঁর বক্তব্য প্রায় শেষ হ'য়ে এসেছে। এই শেষের অংশের প্রতি তিনি আপনাদের মনোযোগ বিশেষভাবে আকৃষ্ট করতে চান। তাই তাঁরই

অনুরোধক্রমে তাঁর বক্তব্যের মধ্যেই আমাকে এই কথা ক'টি নিবেদন করতে হ'ল।

দৃশ্যান্তর

[রঙ্গমঞ্চের মঞ্চ ঘুরিয়া গেল। দেখা গেল—টেবিল চেয়ার সাজানো মঞ্চের উপর শ্যামাদাস শাস্ত্রী দাঁড়াইয়া বক্তৃতা করিতেছে। চেয়ারগুলিতে কয়েকজন বিশিষ্ট ব্যক্তি উপবিষ্ট। বিশিষ্ট ব্যক্তিগুলিকে বেশভূষায় ধনী বলিয়া মনে হয় না—অধ্যাপক নেতা শ্রেণীর বিশিষ্ট ব্যক্তি]

শ্যামাদাস—আমার বক্তব্য শেষ হ'য়ে এসেছে। পরিশেষে বিশেষভাবে যে কথাটি আপনাদের কাছে বলতে চাই, সেটি হচ্ছে আমাদের জীবন-মরণ সমস্যার কথা। আমাদের সামনে এগিয়ে আসছে ধ্বংস। পৃথিবীর সমস্ত জাত যখন বিজ্ঞানকে মনেপ্রাণে গ্রহণ ক'রে দ্রুততম গতিতে আবিষ্কারের পর আবিষ্কার ক'রে জীবন-পথে এগিয়ে চলেছে, তখন যদি আমরা প্রাচীনকালের অনুভূতিসর্ব্বস্ব জীবনযাপন করতে চাই—তবে আমাদের ধ্বংস অনিবার্য্য। দর্শন সাহিত্য সঙ্গীত চিত্রশিল্প প্রভৃতি ললিতকলায় বাঙালীর জীবন সমৃদ্ধ। দালালী ব্যবসায়েও আমাদের বড়বাজারের বন্ধুরা চতুর। টাকাও তাঁরা তাতে অনেক উপার্জ্জন ক'রেছেন। কিন্তু তাতে জাতীয় সম্পদ এক কণাও বৃদ্ধি পায় নি। কালে কালে অনেক ধর্ম্মগুরু আবির্ভূত হয়েছেন। তাঁদের প্রেরণায় মানুষ উচ্ছ্বসিত হ'য়ে ভগবানকে আকুলভাবে আহ্বান ক'রেছে। কিন্তু তবু তিনি আবির্ভূত হন নি, পাপের উচ্ছেদ হয় নি। ধর্ম্ম-জীবনের মহিমা আজ ফুটে উঠেছে আমাদের দারিদ্র্যে। আমরা নিরন্ন, আমরা অর্দ্ধনগ্ন, আমাদের পেটে ভাত নাই—পরনে কাপড় নাই—আমাদের পরমায়ু সংক্ষিপ্ত। এ সমস্তরই কারণ হ'ল আমাদের বিজ্ঞান-বিমুখতা। আমরা বাল্যকাল থেকে আজ পর্য্যন্ত বইয়ে পড়ছি—ভূমিকম্প হয় পৃথিবীর আভ্যন্তরীণ তাপ বৃদ্ধির

জন্যে—কিন্তু তবু আমরা ভূমিকম্প হ'লেই কল্পনা করি বাসুকী মাথা নাড়ছেন। আমরা জানি 'গ্রহণ' কি কারণে হয়; তবু আমরা গ্রহণ হ'লেই খোল করতাল বাজিয়ে মেতে উঠি, রাত্রি দুপুরে গঙ্গাস্নানে ছুটে যাই, রান্নাঘরের তৈজসপত্র ফেলে দিয়ে পরলোকের পথ প্রশস্ত করি। এর চেয়ে শোচনীয় মানসিক পরিণতি আর কি হ'তে পারে? পরলোক-সর্ব্বস্ব জাত—তাই তার ইহলোক নাই। স্বর্গে সুধাস্বাদের কামনায়—মর্ত্ত্যভূমে অর্দ্ধাশনে দিন কাটাই। পরলোকে মুক্তির জন্যে—ইহলোকে চিরদাসত্ব বরণ ক'রে নিয়েছি। এ জাতের তাই স্বাভাবিক গতি—ফোঁটা তিলক কেটে—পরলোক নামক এক অস্তিত্বহীন অবাস্তব মহা বিস্মৃতির দিকে—

[প্রেক্ষাগৃহের মধ্যে সম্মুখের আসন হইতে উপবিষ্ট একটি ফোঁটা তিলক কাটা একজন ধনীজনোচিত-বেশভূষাবিশিষ্ট প্রৌঢ় উঠিয়া দাঁড়াইল। তাহার নাম ব্রজবিহারী]

ব্রজ—আপনার কথার আমি তীব্র প্রতিবাদ করছি। আপনি থামুন।

মঞ্চে উপবিষ্ট জনৈক বিশিষ্ট ব্যক্তি—আপনি বসুন। আপনার বক্তব্য থাকলে আপনি পরে বলবেন।

ব্রজ—এ অন্যায়—অত্যন্ত অন্যায়। আমি এর প্রতিবাদ করছি।

ব্রজবিহারীর পার্শ্বোপবিষ্ট তাঁহার তরুণী ভাগ্নী করুণা—মামা! মামা!

ব্রজ—থাম তুমি করুণা। (শ্যামাদাসকে) আপনি বৈজ্ঞানিক; আপনি বিজ্ঞান সম্বন্ধে বলুন। কিন্তু এ ভাবে ঈশ্বর ধর্ম্ম এসব নিয়ে ঠাট্টা করবার আপনার কোন অধিকার নেই।

(শ্যামাদাস পাদপ্রদীপের সম্মুখে অগ্রসর হইয়া আসিল)

শ্যামা—আপনি যদি দয়া ক'রে উপরে উঠে এসে আপনার বক্তব্য বলেন তবে ভাল হয়।

(ব্রজবিহারী দম্ভভরা পদক্ষেপে উপরে উঠিয়া গেল)

করুণা—মামা !

শ্যামা—একি ? করুণা—তুমি ? এস, তুমিও ওপরে এস।

(করুণাও উপরে উঠিয়া গেল)

শ্যামা—তোমার মামা উনি ?

করুণা—হ্যাঁ।

(ব্রজবিহারী উভয়ের মধ্যস্থলে আসিয়া)

ব্রজ—হ্যাঁ, করুণা আমার ভাগ্নী। এক সময় করুণা আপনার ছাত্রী ছিল, সে আমি জানি। কিন্তু সে পরিচয় করবার আমার সময় নয়। আমি আপনার বক্তব্যের তীব্র প্রতিবাদ জানাতে এসেছি।

শ্যামা—ভাল কথা। বলুন আপনার কি প্রতিবাদ আছে—বলুন।

ব্রজ—কেন আপনি ঈশ্বরকে নিয়ে ঠাট্টা ইঙ্গিত করছেন ?

শ্যামা—আপনি আমাকে ভুল বুঝছেন। ঈশ্বরকে নিয়ে আমি কোন ঠাট্টা ইঙ্গিত করি নি।

ব্রজ—ক'রেছেন।

শ্যামা—না।

ব্রজ—ক'রেছেন। আপনি ফোঁটা তিলেকের কথা বলেছেন। আরও অনেক কথা বলেছেন। কিন্তু ঈশ্বর রহস্যের বস্তু নন।

শ্যামা—সে কথা আমি আপনার চেয়ে কম জানি না। ঈশ্বরই হ'ল পরম রহস্য, সে বস্তু নয়, সেই হ'ল পরম বিজ্ঞান—

ব্রজ—তবে ? তবে কোন্ অধিকারে তাকে নিয়ে আপনি ব্যঙ্গ ক'রছেন ?

শ্যামা—তাঁকে ব্যঙ্গ করি নি ? তাঁকে না জেনে যারা ফোঁটা তিলক কেটে কিংবা রুদ্রাক্ষ ধারণ ক'রে জানার ভাণ করে—সংসারকে মায়া ঘোষণা

ক'রে অলস জড়তায় আচ্ছন্ন হয়—তাদের প্রতি হয়তো কটাক্ষ করেছি, ঈশ্বরকে নিয়ে ব্যঙ্গ করি নি।

ব্রজ—যাদের কথা আপনি বললেন—আমি তাদেরই একজন। আমার ফোঁটা তিলক দেখে নিশ্চয় বুঝতে পারছেন।

শ্যামা—আপনাকে ব্যক্তিগত ভাবে কোন কথা বলি নি। তবে আপনি যখন তাঁদেরই একজন, তখন আপনার সম্পর্কে কথাটা প্রযোজ্য।

ব্রজ—সে অধিকার আপনার নাই।

শ্যামা—সাদাকে সাদা, কালোকে কালো বলবার অধিকার প্রত্যেকেরই আছে।

ব্রজ—সুতরাং সর্ব্বসমক্ষে আপনার সমস্ত বক্তৃতার ভণিতার আড়ালে যে কালো সত্য লুকিয়ে আছে, সেটুকু প্রকাশ ক'রে দেবার অধিকার আমার আছে।

শ্যামা—অবশ্যই আছে।

ব্রজ—বিজ্ঞান-প্রীতির তত্ত্ব প্রচার ক'রে আপনি একটা কারখানা গ'ড়ে তুলতে চান।

শ্যামা—একটা নয়, অসংখ্য।

ব্রজ—সংখ্যার আরম্ভ একে। সেই একটা কারখানার শেয়ার আপনি বেচতে চান। আপনার বক্তৃতাটা কোন তত্ত্ব নয়—একটা বিজ্ঞাপন। ভাল—আমি আপনার কারখানার পঞ্চাশ হাজার টাকার শেয়ার কিনতে চাই। যাবেন আমার ওখানে; আপনি অবশ্য কাল সকালেই যেতে ইচ্ছুক—তা জানি; কিন্তু কাল আমার সময় হবে না। পরশু যাবেন। এই নিন আমার কার্ড।

শ্যামা—ধন্যবাদ। আপনার কার্ডের আমার প্রয়োজন নেই। আপনাকে আমি জানি। আপনার ভাগ্নী করুণা এক সময় আমার ছাত্রী ছিল। দামী গাড়ী, দামী শাড়ী, জড়োয়া গহনা প'রে সে যখন বিজ্ঞানের ক্লাসে ঢুকত—তখন থেকেই তার অভিভাবক যে ধনী তা জানতাম। আবার

বিজ্ঞানের ছাত্রীটিকে যখন দূর্ব্বার গোছা বাঁধা রাখী বেঁধে ক্লাসে আসতে দেখতাম—তখনই বুঝেছিলাম তার অভিভাবকের হাতে কবচ আছে—পলা গোমেদ আছে—কিন্তু ফোঁটা তিলক, অতটা ঠিক ধারণা ক'রতে পারি নি। এখন বুঝতে পারছি আমার অনুমানের চেয়ে অনেকগুণ বেশী ধন সঞ্চয় ক'রেছেন আপনি। আপনার ধর্ম্মে বিশ্বাস স্বাভাবিক।

করুণা—আপনি এসব কি বলছেন? আমি আপনার ছাত্রী—আপনাকে শ্রদ্ধা করি। কিন্তু তবু এসবের প্রতিবাদ করছি আমি। এ কি ব্যক্তিগত আক্রমণ নয়?

শ্যামা—সত্য খানিকটা অপ্রিয়ই হয় করুণা! সত্যের জন্য যদি তোমরা আঘাত পাও—তবে আমি নিরুপায়। ধর্ম্মগুরু, যাঁরা মানুষের কল্যাণের জন্য প্রাণপাত সাধনা ক'রেছেন, তাঁদের আমি শ্রদ্ধা করি তোমাদের চেয়ে বেশী। কিন্তু সেই কল্যাণের বস্তু আত্মসাৎ ক'রে যারা স্বার্থের জন্যে তাকে অকল্যাণের বস্তু ক'রে তোলে—পৃথিবী তাদের ক্ষমা ক'রবে না।

করুণা—তার মানে?

শ্যামা—তার মানে? তার মানে হ'ল—তোমাদের মত এই ধারার ঈশ্বর-বিশ্বাস ধর্ম্মনিষ্ঠা আছে দু শ্রেণীর লোকের। এক ধনী আর এক দরিদ্র। দরিদ্রকে বঞ্চনা ক'রে সঞ্চয়ের অপরাধ থেকে মুক্তি পাবার জন্যে জন্মান্তর এবং পূর্ব্বজন্মের কর্ম্মফলের কর্ত্তা ঈশ্বরকে বিশ্বাস ছাড়া ধনীর গতি নাই। আর ঈর্ষ্যার ক্ষোভের দাহ থেকে মুক্তি পাবার জন্যে দরিদ্রেরও এই বিশ্বাস ছাড়া গতি নাই।

করুণা—তা হ'লে যারা পরকে বঞ্চিত ক'রে ধনী হ'তে চায়, ধন না থাকার জন্যে যাদের মনের দাহের নিবৃত্তি হয় না—তারাই ঈশ্বরে অবিশ্বাস ক'রে বিজ্ঞানে বিশ্বাস করে। বিজ্ঞান-বিশ্বাসীরা বৈজ্ঞানিক কারখানার দৌলতে ধনী হ'য়ে ফোঁটা তিলক কাটে—রুদ্রাক্ষ ধারণ করে। Bengal

Scientific Research-এর প্রতিষ্ঠাতাও একদিন ফোঁটা তিলক কাটবেন, অন্ততপক্ষে পরমব্রহ্মে বিশ্বাসী হবেন ব'লে আশা করা যায়।

শ্যামা—বাক্‌যুদ্ধে তুমি কুশলা করুণা এবং তুমি সার্থক ধনী-কন্যা। কিন্তু অঙ্কশাস্ত্রে আর বিতর্কবিদ্যায় তফাৎ আছে। বাক্‌যুদ্ধ ক'রে ফাঁসীর আসামীকে নির্দোষ প্রতিপন্ন করা যায়, জজ-কোর্টের রায় হাইকোর্টে পাল্টায়, কিন্তু অঙ্কের ফল, সে এক, যতবার সেটাকে কষবে—সেই একই উত্তর দাঁড়াবে। বৈজ্ঞানিকের জীবন অঙ্কের জীবন। ওর উত্তর এক।

করুণা—আপনার জীবনের অঙ্কফলের দিকে সাগ্রহে চেয়ে রইলাম। এস মামা—চ'লে এস।

ব্রজ—আপনি আসছেন তো পরশু আমার ওখানে? পঞ্চাশ হাজার টাকার শেয়ার কিনব আমি।

শ্যামা—না।

ব্রজ—না? কেন, ফোঁটা তিলকধারী ডিরেক্টার বা শেয়ার হোল্ডার হ'লে আপনার যন্ত্রপাতিও কি বৈষ্ণব হ'য়ে যাবে না কি? যন্ত্রধ্বনির বদলে কি তাতে মৃদঙ্গধ্বনি উঠবে?

শ্যামা—না। কারখানাটা তা হ'লে Production-এর চেয়ে Profit-এর জন্যে বকের মত লোভী হ'য়ে উঠবে।

করুণা—অর্থাৎ বকধার্ম্মিক। (শ্যামাদাস হাসিল, করুণা তাহার মুখের দিকে মুহূর্ত্তের জন্য চাহিয়া ফিরিল) এস মামা, চ'লে এস। বকের কাছেও মাছ বাঁচে; কিন্তু বৈজ্ঞানিক মানুষ যখন ব্যবসা করে—পুকুর কেটে, পয়সা দিয়ে মাছ ছেড়ে খাবার দিয়ে মাছ পোষে—তখন মাছের আর পরিত্রাণ থাকে না। জালে ধরা না পড়লে পালকেরা পুকুর মেরে মাছ ধ'রে খায়। এস, বাড়ী এস।

ব্রজ—(শ্যামাদাসের কাছে আগাইয়া আসিল) Mr. Sastri—ধর্ম্মবিশ্বাস নিয়ে আপনি কেন এত উত্তেজিত হচ্ছেন ? আপনি নাস্তিক—তার জন্যে আমি আপনাকে ভ্রান্ত মনে করি, কিন্তু আপনার বৈজ্ঞানিক বুদ্ধিকে শ্রদ্ধা করি। আপনিও আমার ব্যবসা-বুদ্ধিতে আস্থা রাখতে পারেন। Bengal Scientific Research-কে আমরা গ'ড়ে তুলতে পারি—we can make it a great success. আমি এক লক্ষ টাকার শেয়ার কিনব।

শ্যামা—ধন্যবাদ Mr. Ghoshal. কিন্তু সে হয় না। আমার পরিকল্পনা কাজে পরিণত করতে capital অবশ্যই চাই—কিন্তু সে capital capitalist-এর কাছ থেকে আসবে না।

ব্রজ—(তাহার মুখের দিকে স্থির দৃষ্টিতে চাহিল—যে দৃষ্টি অত্যন্ত রহস্যময় বলিয়া বোধ হইল। তারপর একটু মৃদু হাসিয়া) I wish you every success, Mr. Sastri.

শ্যামা—ধন্যবাদ।

ব্রজ—আশা করি, আবার আমাদের দেখা হবে। নমস্কার। এস করুণা।

শ্যামা—নমস্কার।

(করুণা ও ব্রজবিহারীর প্রস্থান)

শ্যামা—(প্রেক্ষাগৃহের দর্শকদের দিকে চাহিয়া) আমার বক্তব্য আজকের মত শেষ হ'য়েছে। শেষের দিকে যে অবাঞ্ছনীয় ঘটনাটুকু ঘ'টে গেল—তার জন্যে আমি দুঃখিত। পরিশেষে, অসংখ্য ধন্যবাদের সঙ্গে আপনাদের আমি নমস্কার জানাচ্ছি।

[মঞ্চের উপর উপবিষ্ট বিশিষ্ট ব্যক্তিগণ উঠিলেন। শ্যামাদাসকে অভিনন্দন জানাইয়া প্রস্থান করিলেন]

১ম—Congratulations Mr. Sastri.

শ্যামা—Thanks.

২য়—আপনি ভাল বলেছেন Mr. Sastri—এ ছাড়া আমাদের বাঁচার উপায় নাই।

শ্যামা—নমস্কার।

৩য়—এ সম্বন্ধে আপনার সঙ্গে একদিন আলোচনা করতে চাই Mr. Sastri. (হাত বাড়াইলেন)

শ্যামা—সে তো আমার সৌভাগ্য। (করমর্দ্দন করিল)

৩য়—ব্রজবিহারী ঘোষাল সম্বন্ধে কিন্তু আপনি সাবধান হবেন Mr. Sastri. He is a dangerous man.

শ্যামা—All capitalists are dangerous.

৩য়—(হাসিলেন) Yes, that's true—but he is more dangerous. ওই ভাগ্নীটিকে দেখলেন তো?

শ্যামা—করুণাকে আমি জানি। সে আমার ছাত্রী ছিল।

৩য়—ঘোষালের সমস্ত ধন সম্পদ ওই ভাগ্নীকে ফাঁকি দিয়ে। ঘোষালকে আমি দেখেছি পথের ফকীর। বড়লোক ভগ্নীপতির Business-এ পঞ্চাশ টাকার কেরাণী।

শ্যামা—ও সব কথা থাক। Let us part to-day. Good night.

৩য়—Good night! (প্রস্থান)

[শ্যামাদাস টেবিলের উপর হইতে বই তুলিয়া লইতেছেন, এমন সময় দরজা দিয়া প্রবেশ করিল একটি তরুণী। ইঙ্গবঙ্গ সমাজের মেয়ে। মেয়েটির নাম অণিমা]

অণিমা—Hallo শ্যামল! How do you do?

শ্যামা—(পিছাইয়া গেল) কে? কে?

অণিমা—আমি কি এতই পাল্টে গেছি শ্যামল, যে তুমি আমায়—

শ্যামা—অ্যানি! অণিমা!

অণিমা—Yes, I am your Anny শ্যামল, কিন্তু তুমি—

শ্যামা—এক মিনিট, কিছু মনে ক'রো না। আমি শ্যামল নই, আমি শ্যামাদাস।

অণিমা—আমার কাছে তুমি শ্যামল। আমিই তোমার শ্যামাদাস নাম পাল্টে শ্যামল দিয়েছিলাম, and you accepted it very gladly.

শ্যামা—পরবর্ত্তী কালে আরও আনন্দের সঙ্গে, I mean very very gladly. শ্যামল পাল্টে আবার আমি শ্যামাদাস হ'য়েছি অণিমা, তুমি আমায় শ্যামাদাস ব'লেই ডেকো।

অণি—(হাসিয়া) তুমি কি আমায় আঘাত দিতে চাচ্ছ শ্যামাদাস? But you miss your aim. আমি তোমায় শ্যামাদাস ব'লেই ডাকব।

শ্যামা—ধন্যবাদ।

অণিমা—ধন্যবাদগুলো বাক্যব্যয়ের মধ্যে অপব্যয় শ্যামাদাস—ওগুলো বাদ দিয়ে কথা বল। বিলেত থেকে কবে ফিরলে?

শ্যামা—ফিরেছি ডিসেম্বরে। ছ মাস হ'য়ে গেল।

অণিমা—ছ মাস! আমাকে একটা খবর দাও নি তুমি?

শ্যামা—সময় হয় নি। কিছু মনে ক'রো না।

অণিমা—একটা খবরও দিতে পারতে তুমি। Post card-এর দাম বেড়েছে—কিন্তু তিন পয়সার বেশী নয়। আমার মূল্য কি তোমার কাছে তার চেয়েও কম?

শ্যামা—তোমার মূল্য আমার কাছে অঙ্কে ধরা পড়ে না মিস্ মুখার্জ্জী—

অণিমা—Excuse me. তোমার কথার মধ্যেই বাধা দিচ্ছি। আমি আর মিস্ মুখার্জ্জী নই,-মিসেস বোস—শ্যামল—I mean শ্যামাদাস—

শ্যামা—Really? আমি তোমাকে অভিনন্দন জানাচ্ছি অণিমা। কিন্তু ভাগ্যবান Mr. Bose. আসেন নি?

অণি—নিশ্চয়, তিনিই আমাকে জোর ক'রে তোমার বক্তৃতা শুনতে নিয়ে

এসেছিলেন। তিনিও একজন বৈজ্ঞানিক—অবশ্য ডাক্তার। তোমার সঙ্গে আলাপ করবার জন্যে তিনি ব্যগ্র হ'য়ে বাইরে অপেক্ষা ক'রে রয়েছেন। (নেপথ্যের দিকে অগ্রসর হইয়া) Dr. Bose—

শ্যামা—Dr. Bose আসতে আসতে আমার বক্তব্যটা শেষ ক'রে নিই মিসেস বোস—rather Anny—বলেছিলাম না—মূল্যের কথা ? অঙ্কে যে মূল্য ধরা পড়ে না—তাতে আর শূন্যতে কোন তফাৎ নেই।

(Dr. Bose প্রবেশ করিল

প্রৌঢ় ভদ্রলোক, নিখুঁত সাহেবী পোষাক)

অণি—তার মানে ?

শ্যামা—আপনিই Dr. Bose? Let me introduce myself—আমি অ্যানির—I mean মিসেস্ বোসের একজন পুরনো বন্ধু। (হাত বাড়াইল)

Dr. Bose—(শ্যামাদাসের হাত চাপিয়া ধরিল) তা হ'লে আমার আর একটা পরিচয় আপনার কাছে দিই। আমি আপনার একজন ভক্ত। আপনার প্রবন্ধ যেখানে যা বের হয়—আমি গভীর মনোযোগের সঙ্গে পড়ি।

শ্যামা—আমার সৌভাগ্য।

Dr. Bose—আমরা কি বাইরে যেতে যেতে কথা বলতে পারি না ? রাত্রি হ'য়ে যাচ্ছে।

শ্যামা—চলুন মিসেস্ বোস, সেই ভাল।

অাণ—(নিজে হাত বাড়াইয়া) রূঢ়তার মার্জ্জনা আছে শ্যামল—অভদ্রতা অমার্জ্জনীয়। Give me your hand. (নিজে শ্যামাদাসের হাত টানিয়া লইল)

দ্বিতীয় দৃশ্য

[পল্লীগ্রাম। কলিকাতার নিকটস্থ কয়েক মাইল দূরবর্ত্তী সহরতলীতে শ্যামাদাসের পৈত্রিক বাড়ী। নিতান্ত মধ্যবিত্ত গৃহস্থের বাড়ী। বাড়ীখানি পুরানো। বাড়ীর বাহিরের দিক। একতলা পাকা বাড়ীর বেশ পরিসর একটি বারান্দা। বারান্দাতে উঠিবার সিঁড়িটি দুইপাশে দুটি হাতী শুঁড় দিয়া ঘেরা। বারান্দার দুইপাশে দুইটি করবী ও যুঁইয়ের ঝাড়। আসবাবপত্রের মধ্যে একখানি তক্তাপোষ, কয়েকটি মোড়া, খান দুই পুরানো চেয়ার। ঘরের দরজার মুখে শ্যামাদাসের বিধবা মা শৈলজা দেবী একখানি পত্র পড়িতেছিলেন। তাঁহার সম্মুখে একপাশে দাঁড়াইয়া আছে হেমন্ত। হেমন্ত প্রিয়দর্শন যুবা, শ্যামাদাসেরই সমবয়সী, শ্যামাদাসের খুড়তুত ভাই। শৈলজা দেবী চিঠি পড়া শেষ করিয়া মুখ তুলিয়া হেমন্তের দিকে চাহিলেন]

শৈলজা—চিঠিখানা পড়বি হেমন্ত ?

হেমন্ত—বড়দা' চিঠি লিখে আমায় পড়তে দিয়েছেন জ্যাঠাইমা। আমি পড়েছি।

শৈলজা—বাংলা দেশের বিখ্যাত পণ্ডিত বুনো রামনাথের সব চেয়ে প্রিয় শিষ্য দুর্গাদাস শাস্ত্রীর বংশের ছেলের চিঠি।

(হাসিলেন। তারপর চিঠিখানা ছিঁড়িয়া ফেলিতে উদ্যত হইলেন)

হেমন্ত—চিঠিখানা ছিঁড়ে ফেলবে জ্যাঠাইমা ?

শৈলজা—(অর্দ্ধেক করিয়া ছিঁড়িয়া) হ্যাঁ।

হেমন্ত—কিন্তু ছিঁড়ে ফেললেই কি চিঠিখানার অস্তিত্ব চ'লে যাবে ?

শৈলজা—(আরও টুক্‌রা করিয়া) ঠিক বলেছিস্—ছিঁড়ে ফেললেও টুক্‌রো টুক্‌রো হ'য়ে থাকবে। তাতে ঘর অপবিত্র হবে।

হেমন্ত—চিঠিখানা কিন্তু বড় ভাল লিখেছিল বড়দা'। আমার ইচ্ছে ছিল—চিঠিখানা তোমার কাছ থেকে চেয়ে নেব।

শৈলজা—তুই দাঁড়া হেমন্ত, টুক্‌রোগুলো উনোনে দিয়ে হাত ধুয়ে আস্‌ছি আমি.। (প্রস্থান)

হেমন্ত—(আপন মনে আবৃত্তি করিল) বঞ্চিত যে ছেলে—
তারি তরে চিত্ত যার দীপ্ত দীপ জ্বেলে
আপনারে দগ্ধ করি করিছে আরতি
বিশ্ব-দেবতার।

[নেপথ্য হইতে খুব উচ্চকণ্ঠে কথা বলিয়া প্রবেশ করিল কেষ্টদাস। শ্যামাদাস ও হেমন্তের সে খুড়তুত ভাই। তাহাদের অপেক্ষা বয়সে ছোট। পোষাকে পরিচ্ছদে আপ-টু-ডেট কলিকাতার ছেলে। বয়াটে মূর্খ। শ্যামাদাস ও হেমন্তের লেখাপড়ার কৃতিত্বে সে ঈর্ষ্যান্বিত]

কেষ্টদাস—বিদ্বান পণ্ডিত জনের মা কই গো? কোথায়? বলি অ জ্যাঠাইমা!

হেমন্ত—কি কেষ্ট—এমন ক'রে চেঁচাচ্ছিস কেন?

কেষ্ট—আরে বাপরে! ভাবী কপিসম্রাট—উড্ডীয়মান সাহিত্যিকপ্রবর হেমন্তদা' যে! আমার অভিনন্দন গ্রহণ কর। তারপর জ্যাঠাইয়ের দলের সম্রাজ্ঞী আমাদের জ্যাঠাইমা কোথায় বল তো?

হেমন্ত—কেন? কি দরকার তাঁকে?

কেষ্ট—গাধার লাথির চেয়ে বিলিতী ঘোড়ার লাথি অনেক শক্ত, সেই কথাটা মা-জননীকে সবিনয়ে নিবেদন ক'রতে এসেছি। অ জ্যাঠাইমা! (সে বাড়ীর দিকে আগাইয়া চলিল)

হেমন্ত—(কেষ্টর হাত ধরিয়া) গাধার লাথি যদি বা সহ্য করা যায় কেষ্ট, চীৎকার কোন মতেই সহ্য করা যায় না। চুপ কর্ তুই।

কেষ্ট—হাত ছেড়ে দাও হেমন্তদা'—ভাল হবে না বলছি। ওই, ওই, পাক দিচ্ছ কেন?

হেমন্ত—টানাটানি করিস্ নে। তোরই হাতে লাগবে। আমার বড় মুগুর

দুটো দেখেছিস্ তো ? সে দুটো নিয়ে আমি রোজ এক্সারসাইজ করি। তোর চেয়ে আমার জোর অনেক বেশী।

কেষ্ট—সেই জন্যেই তোমার লেখাগুলো এমনি কাঠখোট্টা। ছাড় ছাড়। মাইরী বলছি, ইয়ার্কী আমি পছন্দ করি না। ছাড়—হাত ছাড়।

হেমন্ত—বিলাতী ঘোড়া ব'লে কি বলছিলি ? তুই তো বিলিতী ঘোড়া বলিস্ শ্যামাদাসকে আমি জানি।

কেষ্ট—কেন ? বলবে না কেন ? জ্যাঠাইমা আমাকে মুখ্যু গাধা বলে কেন ?

হেমন্ত—বড়দা'র কথা কি বলছিলি ?

কেষ্ট—বড়দা' জ্যাঠাইমার নামে নোটিশ দিয়েছে। একটা লোক নোটিশ নিয়ে এসেছে।

হেমন্ত—নোটিশ ?

কেষ্ট—হ্যাঁ, হ্যাঁ, নোটিশ। এতদ্দ্বারা আপনি শ্রীমতী শৈলজা দেবী, আপনাকে জানানো যাইতেছে—তারপর আমি আর পড়ি নি।

(হেমন্ত কেষ্টর হাত ছাড়িয়া দিয়া বাহিরের দিকে আগাইয়া গেল)

হেমন্ত—(নিজের হাতখানা অন্য হাত দিয়া টিপিতে টিপিতে) বাপরে ! বাপরে ! বাপরে !

কেষ্ট—কে মহাশয় ? কে নোটিশ এনেছেন ?

(রমেশ নামক কর্ম্মচারীর প্রবেশ)

রমেশ—নমস্কার।

হেমন্ত—কিসের নোটিশ মশাই ? ব্যাপার কি ?

রমেশ—আমি Bengal Scientific Research-এর Director Mr. S. Sastri-র কাছে থেকে আসছি। শ্রীযুক্তা শৈলজা দেবীর সঙ্গে দেখা ক'রতে চাই। তাঁর নামে একটা নোটিশ আছে।

হেমন্ত—কিসের নোটিশ ? দেখি।

রমেশ—আপনি অনুগ্রহ ক'রে শৈলজা দেবীকেই খবর দিন—তাঁর সঙ্গে দেখা ক'রেই সব বলব আমি।

নেপথ্য হইতে শৈলজা—হেমন্ত, ভদ্রলোককে বুঝিয়ে দে, আমি সে কেলে হিন্দু ঘরের মেয়ে। আমি পর্দ্দা মানি। উনি আমার সঙ্গে দেখা ক'রতে চাইলেই আমি ওঁর সঙ্গে দেখা ক'রতে পারি না। ওঁর যা বলবার আছে, উনি তোকে বলুন। আপত্তি হয়, ফিরে যান কিংবা দেওয়ালে লটকে নোটিশ জারী করুন।

কেষ্ট—হুঁ-হুঁ বা-বা। No চালাকী and no ফালাকী! Cold cold words—কালা কালা বাত।

হেমন্ত—তুই থাম্ কেষ্ট, তুই থাম্। কই দেখি, আপনার নোটিশ দেখি। কিসের নোটিশ?

কেষ্ট—বোধ হয় মাকে মাতৃপদ থেকে খারিজ ক'রতে চান—এতদ্দ্বারা আপনি শ্রীমতী শৈলজা দেবী, আপনাকে—

হেমন্ত—কেষ্ট!

কেষ্ট—নাও বাবা, আমি চুপ করেছি। তুমি একাই বকো।

(রমেশ হেমন্তকে নোটিশ দিল, হেমন্ত পড়িয়া দেখিতে লাগিল)

রমেশ—এই গ্রামের ওদিকে, Bengal Scientific Research-এর কারখানার ধারে যে বাগান এবং বস্তী আছে, সেই বস্তী বাগানের তুয়ের তিন অংশ কিনেছে Bengal Scientific Research Ltd.

হেমন্ত—এখন Bengal Scientific Research-এর কারখানার Extension-এর জন্যে ওই বাগান আর বস্তীটার দরকার হ'য়েছে।

রমেশ—আজ্ঞে হাঁ্যা। তাই শৈলজা দেবীকে তাঁর অংশ বিক্রী করবার জন্যে

notice দিয়েছেন। Partition Suit-এর notice আর কি!

(হেমন্ত চুপ করিয়া রহিল)

বস্তীর চাষীদের ওপরেও নোটিশ দেওয়া হ'য়েছে।

হেমন্ত—দেখুন, নোটিশখানা আপনি ফিরে নিয়ে যান। বলবেন—Mr. Sastri-কে—হেমন্তবাবু ব'লে এক ভদ্রলোক—এ নিয়ে আপনার সঙ্গে কথা বলতে আসবেন।

(অন্তরাল হইতে শৈলজা বাহির হইয়া সম্মুখে আসিলেন)

শৈলজা—না। কই আপনার নোটিশ? আমি নিজের হাতেই নোটিশ নিচ্ছি।

হেমন্ত—জ্যাঠাইমা।

শৈলজা—অপেক্ষা কর হেমন্ত, এঁর সঙ্গে কথাটা সেরে নিই। (রমেশের প্রতি) আর আপনার কিছু দরকার আছে?

রমেশ—এই রসিদটাতে সই—মানে নোটিশ যে পেলেন—(কাগজ কলম বাহির করিল)

শৈলজা—দিন। (নিজেই হাত বাড়াইয়া কাগজ কলম লইয়া সই করিয়া দিলেন)

রমেশ—যদি উত্তর কিছু দেন—

শৈলজা—উত্তর? বলবেন, ওখানে যে গরীবেরা বাস ক'রে আছে—তারা আমার শ্বশুরকুলের তিন পুরুষের আশ্রিত। তাদের রক্ষা আমাকে করতেই হবে। বিনা মামলায় আমি বস্তী বাগানের অংশ ছাড়ব না।

রমেশ—বেশ তাই বলব। (রমেশের প্রস্থান)

হেমন্ত—জ্যাঠাইমা, কাজটা বোধ হয় তুমি ঠিক করলে না।

শৈলজা—তোর সঙ্গে কথা পরে হবে হেমন্ত, আগে কেষ্টর সঙ্গে কথা বলে নিই। কেষ্ট!

কেষ্ট—ও বাবা, এ যে একেবারে রাণী দুর্গাবতীর মতন স্বর ধরলে! ধমকাও যে! বল না, কি বলবে! সামনে তো দাঁড়িয়েছি।

শৈলজা—লোকটি ব'লে গেল—নোটিশেও লেখা রয়েছে—কোম্পানী বাগান-বস্তীর দুয়ের তিন অংশ কিনেছে। ওর একভাগ আমার, একভাগ ছিল হেমন্তর মায়ের—সে ভাগ অনেক দিন আগে ঠাকুরপো বিক্রী ক'রে-ছিলেন। আর একভাগ তোর মায়ের—

কেষ্ট—আমার মায়ের ভাগ আমি বেচে দিয়েছি।

শৈলজা—বেচে দিয়েছিস্? কেন?

কেষ্ট—কেন আবার কি? আমার মায়ের সম্পত্তি আমি বেচে দিয়েছি। আমার খুসী—ইচ্ছা। ব্যস্।

শৈলজা—পৈত্রিক সম্পত্তিগুলো বেচে এই রকম ক'রে কথা বলতে লজ্জা করে না তোর?

কেষ্ট—লজ্জা? কেন? নিজের সম্পত্তি বিক্রী করেছি তাতে লজ্জা করবে কেন? তা ছাড়া বিচার ক'রে দেখতে গেলে তিন পুরুষে আমারই তো বেচারাম; আমাদেরই তো বেচার কথা। প্রথম পুরুষ কেনারাম কেনে, দ্বিতীয় পুরুষ রাজারামেরা ভোগ করে, তৃতীয় পুরুষ বেচারামেরা বেচে। আমি বেচে দিয়েছি। হেমন্তের বাবা যে দ্বিতীয় পুরুষেই রাজারাম বেচারাম—দুই রামের কাজ একাই সেরে গেছে। ছাই ফেলতে ভাঙা কুলো, যত দোষ আমার। বড়দা'র কোম্পানী মোটা দাম দিতে চাইলে —দিয়েছি ঝেড়ে। বেশ করেছি। তার আর আবার এত বাত কিসের? I don't care—আমার সম্পত্তি আমি বেচেছি। লজ্জা-ফজ্জার ধার ধারি নে বাবা। I don't care!

(বলিতে বলিতে চলিয়া গেল)

শৈলজা—হায় রে কাল! কালের মাহাত্ম্য—নইলে এত বড় শাস্ত্রী-বংশের

ছেলেদের এই পরিণাম হয়! (একটা দীর্ঘনিঃশ্বাস ফেলিলেন। তারপর বলিলেন) হেমন্ত!

হেমন্ত—বল জ্যাঠাইমা।

শৈলজা—তোর বাপ অনেক দিন আগেই শাস্ত্রী-বংশের কুলধর্ম্ম ত্যাগ করেছিল; বাড়ী থেকে কেটে বেরিয়ে গিয়েছিল। তবু তোরই ওপর আমি এখনও প্রত্যাশা রাখি। আমার একটা কাজ ক'রে দিবি?

হেমন্ত—এমন ক'রে বললে আমি লজ্জা পাই জ্যাঠাইমা।

শৈলজা—তুই বাবা কাল একবার হরিমোহনবাবু উকীলের কাছে যাবি। তাঁর কাছ থেকে এই নোটিশটার একটা জবাব লিখিয়ে আনবি।

হেমন্ত—তুমি কি সত্যি-সত্যিই বড়দা'র সঙ্গে মামলা করবে জ্যাঠাইমা?

শৈলজা—আমাকে কি কখনও মিথ্যে কথা বলতে শুনেছিস্? কোম্পানীর লোককে আমি তোর সামনেই জবাব দিয়েছি।

হেমন্ত—না না, জ্যাঠাইমা—

শৈলজা—না নয়, হেমন্ত!—মামলা আমাকে লড়তেই হবে।

হেমন্ত—না জ্যাঠাইমা, না! নিজের ছেলের ওপর এত রাগ করে না।

শৈলজা—রাগের জন্যে নয় হেমন্ত, বস্তীর প্রজাদের রাখবার জন্যে আমাকে মামলা লড়তে হবে। প্রজাদের বসিয়ে গেছেন তোদের ঠাকুরদাদা। তিনি ঐ জায়গা কিনে নিজে হাতে বাগান করেছিলেন, বস্তী বসিয়েছিলেন। আমরা তখন তিন বউ নতুন এসেছি। শ্বশুর আদর ক'রে স্নেহ ক'রে—আমাদের নামে বাগান-বস্তী কিনেছিলেন। আমরা তিন বউ মিলে—কতদিন বাগানের কচি গাছে জল দিয়েছি, আঁচল ভ'রে তরকারী আনাজ তুলে এনেছি। ওই প্রজাদের সঙ্গে আমাদের তিন পুরুষের সম্বন্ধ। তোদের আঁতুড়ে ওরাই এগুনীর কাজ করেছে। তোরা যখন ছোট ছিলি—তখন কাজের ভিড় থাকলে—ওদের বাড়ীতেই তোদের

রেখে এসেছি। তারা তোদের দেবতার ছেলের মত যত্ন করেছে।— আজ শ্যামাদাসই বল্ আর কোম্পানী বল্—তাদের উঠিয়ে দেবে— আর আমি তাই সহ্য করব ?

হেমন্ত—তুমি বল জ্যাঠাইমা, আমি শ্যামাদাসদা'কে তোমার কাছে নিয়ে আসি।

শৈলজা—না হেমন্ত, তার মুখ আমি দেখব না। শাস্ত্রী-বংশের ছেলে হ'য়ে সে কুলধর্ম্ম ত্যাগ করেছে। আমি ব'লে যাব দশজনকে—আমি মরলেও সে যেন আমার মুখে আগুন না দেয়।

হেমন্ত—ছি-ছি-ছি! কি বলছ জ্যাঠাইমা! অনেকক্ষণ রোদ্দুরে দাঁড়িয়ে তোমার মাথা গরম হ'য়ে উঠেছে। চল চল—ভেতরে চল।

শৈলজা—দেশবিখ্যাত বুনো রামনাথের শিষ্যের বংশ শাস্ত্রী-বংশ। কলকাতায় যখন দিগ্বিজয়ী পণ্ডিত এল—তখন গোটা বাংলা দেশের মান যায়। জগন্নাথ তর্কপঞ্চানন—শিবনাথ বাচস্পতি পর্য্যন্ত মাথা হেঁট করলেন। কলকাতার রাজা-রাজড়ারা ছুটে গিয়ে পড়ল নবদ্বীপের বনে—বুনো রামনাথের ভাঙা কুঁড়ের উঠোনে। রামনাথ এসে বাংলার মান বাঁচালেন। দিগ্বিজয়ী পণ্ডিত মাথা নীচু ক'রে ফিরে গেলেন। কলকাতার রাজা-রাজড়ারা কুবেরের ঐশ্বর্য্য দিয়ে তাঁকে কলকাতায় বাস করাতে চাইলে। রামনাথ থাকলেন না। রাজা-রাজড়াদের অনুরোধে—তাঁর সব চেয়ে প্রিয় শিষ্য আমার বড়শ্বশুর তোদের প্রপিতামহকে দিয়ে গেলেন। সেদিন তিনি কেঁদেছিলেন। তাঁর বংশ। আজ আমি বুঝতে পারি তিনি কেন কেঁদেছিলেন।

হেমন্ত—বুদ্ধিমান লোক ছিলেন তোমার বড়শ্বশুর জ্যাঠাইমা। বিলেতে যদি কেউ জায়গা জমি বাড়ী ঘর দিয়ে আমায় সেখানে বাস করতে বলে

—তবে আমি সেখানে গিয়ে বাসও করি আবার দেশ ছেড়ে যাবার সময় হাপুস নয়নে কেঁদে ভাসিয়েও দি জ্যাঠাইমা।

শৈলজা—ছি ছি হেমন্ত, ছি!

হেমন্ত—(শৈলজার মুখের দিকে চাহিয়া) না না না। ওটা আমি ঠাট্টা করছিলুম। আমার ঠাকুরদাদার বাবা—আমার সঙ্গে ঠাট্টার ডবল সম্বন্ধ কিনা!

শৈলজা—না। এমন ঠাট্টা ক'রো না। তোমাদের প্রপিতামহ গুরুর আজ্ঞা পালন না ক'রে পারেন নি। কিন্তু তিনি কলকাতা শহরের মধ্যে বাস করেন নি। বাস ক'রেছিলেন—কলকাতার পাশে—গঙ্গার ধারে এই পাড়াগাঁয়ে। ঐশ্বর্য্যও তিনি নেন নি। নিয়েছিলেন শুধু গ্রাসাচ্ছাদনের উপযুক্ত সামান্য জমি। যে ঐশ্বর্য্য তাঁকে কলকাতার ধনীরা সেকালে দিতে চেয়েছিলেন—সে নিলে আজ তোমরা টেবিলে ব'সে খানা খেতে। শাস্ত্রী-বংশ দু পুরুষ আগে বিলেত গিয়ে মেম বিয়ে ক'রে এসে ট্যাস ফিরিঙ্গী হ'ত।

হেমন্ত—কিছু মনে ক'রো না জ্যাঠাইমা। এবার তোমার কথার প্রতিবাদ করব আমি। তাতে ফিরিঙ্গী হওয়া আটকেছে, কিন্তু তাতে তো শাস্ত্রী-বংশের ছেলের কেষ্টদাস হওয়া আটকায় নি। বড়দা' কি ওই—

শৈলজা—তুই থাম্ হেমন্ত। তার নাম আমার কাছে করিস্ নে।

হেমন্ত—নিজের নামটা তুমি সার্থক ক'রে তুলেছ জ্যাঠাইমা। শৈলজা মানে—পাষাণ-নন্দিনী, পাথরের মেয়ে—

শৈলজা—হ্যাঁ হেমন্ত, আমি পাথর। শুধু পাথর নয়, মরা পাথর। গায়ে কোন দিন বোধ হয় শ্যাওলার সবুজ আভাও পড়বে না। কিন্তু আমি পাথর হ'লাম কেন বলতে পারিস্?

হেমন্ত—অভিমান। জ্যাঠাইমা, তার জন্যে আমি তোমাকে দোষ দিই নে।

বড়দা'র সঙ্গে তোমার কি হ'য়েছে সে আমি জানি না, কিন্তু সে নিশ্চয় অত্যন্ত হৃদয়হীনের মত কিছু ক'রেছে। না হ'লে তোমার এত বড় অভিমান হ'ত না।

শৈলজা—না না হেমন্ত, না। অভিমান নয়। পাপ! তার পাপে আমি পাথর হ'য়ে গেলাম। কেষ্টর কথা বললি; কেষ্ট বংশের কলঙ্ক। বংশের কোন্ গুপ্ত পাপের ফলে ও এমন বুদ্ধিহীন দুষ্টমতি হ'য়ে জন্মেছে। শাস্ত্রী-বংশের পাপ। পাপের প্রায়শ্চিত্ত আছে। কিন্তু কর্ম্মদোষে পুণ্যফল বিকৃত হ'য়ে পাপে পরিণত হয় হেমন্ত, সে পাপ কত বড় পাপ বলতে পারিস্?

(ঝিয়ের প্রবেশ)

ঝি—মা! বেলা যে দুপুর গড়াতে চলল মা!

শৈলজা—হেমন্ত, সংসারে সকল পাপের খণ্ডন হয় গোবিন্দের প্রসাদে। গোবিন্দজীকে অবিশ্বাসের পাপ, তার কি মার্জ্জনা আছে—না হয়?

(প্রশ্ন করিয়া তিনি স্থির দৃষ্টিতে হেমন্তর দিকে চাহিলেন। হেমন্ত মাথা হেঁট করিয়া চুপ করিয়া রহিল)

ঝি—(এই নীরবতার সুযোগে) মা!

শৈলজা—যাচ্ছি। তুই যা।

ঝি—আর কখন মুখে জল দেবেন মা?

শৈলজা—বল্ হেমন্ত, আমার কথার উত্তর দে?

হেমন্ত—এ সব কথা পরে হবে জ্যাঠাইমা। এখন বেলা অনেক হ'য়েছে, গোবিন্দজীর ভোগ হ'য়ে গেছে। মুখে একটু জল দেবে চল।

শৈলজা—না। আগে তোর উত্তরটা আমাকে দে। তোর উত্তর শুনে যদি মুখে আমার জল নাই রোচে তবে আজ না হয় উপোস ক'রেই থাকব। বামুনের ঘরের বিধবা একটা দুটো উপোসে মরব না। জানিস্, শ্যামাদাস

বিলেত থেকে এল—তাকে বুকে নেবার জন্মে প্রায়শ্চিত্তের আয়োজন ক'রে রেখেছিলাম; সে এসে বসল। আমি তাড়াতাড়ি গোবিন্দজীর চরণামৃত দিতে গেলাম। সে মুখ সরিয়ে নিলে। বললে—ওর মধ্যে কত কি রোগের বিষ থাকতে পারে, সে ও খাবে না। তারপর বললে—ওসব সে মানে না। প্রায়শ্চিত্ত সে করবে না। শুধু তাই নয় হেমন্ত, কথায় কথায় সে বললে—মানুষে আর জানোয়ারে তফাৎ শুধু মানুষ বুদ্ধিমান জানোয়ার। যে মানুষের বুদ্ধি নাই, সে জানোয়ার ছাড়া কিছু নয়। ওই—ওই বাগ্দীদের জন্মে বললে। শ্যামাদাসকে বললাম—তোর মুখ আমি দেখতে চাই নে। সে চ'লে গেল। আমি তিন দিন নিরম্বু উপোস ক'রে উপুড় হ'য়ে প'ড়ে ছিলাম। শ্যামাদাসের মৃত্যুশোক ভোগ করা আমার সেইদিন হ'য়ে গেছে, এখন—

হেমন্ত—জ্যাঠাইমা, জ্যাঠাইমা কি বলছ তুমি ?

শৈলজা—কথা আমার শেষ করতে দে বাবা। সেই দিন শ্যামাদাস আমার কাছে মরেছে। আজ আবার তোর কথা শুনে আমার বুকটা কেমন ক'রে উঠল। আমার কথা তুই যেন এড়িয়ে যেতে চাচ্ছিস্। তোকে আর শ্যামাদাসকে আমি পৃথক্ ক'রে দেখি নি। তবু নিজের পেটের সন্তানের সমান পরের সন্তান হয় না। আমার কথার উত্তর অসঙ্কোচে তুই দে। তোর উত্তর শুনে যদি বুঝি শাস্ত্রী-বংশের শেষ ছেলে তুইও মরেছিস্—তবে শ্যামাদাসের জন্মে যদিন কেঁদেছিলাম—তার চেয়ে কম দিনই কাঁদব। বল্, আমার কথার উত্তর দে। (অপেক্ষা করিয়া) হেমন্ত !

হেমন্ত—জ্যাঠাইমা !

শৈলজা—বল্ হেমন্ত ! তবে কি বুঝব, তুইও আমার গোবিন্দজীকে বিশ্বাস করিস্ নে ? তুইও মানুষকে জানোয়ার ভাবিস্ ? শ্যামাদাসের পাপকে তুই পাপ ব'লে স্বীকার করিস্ নে ?

হেমন্ত—মানুষকে আমি ভালবাসি জ্যাঠাইমা।

শৈলজা—তুই আমাকে বাঁচালি হেমন্ত। তোকে আশীর্বাদ করি—তুই দীর্ঘজীবী হ। ওরে, তোর ওপর আমার গোবিন্দজীর সেবার ভার দিয়ে আমি নিশ্চিন্ত হ'য়ে চোখ বুজতে পারব।

হেমন্ত—সে কথা পরে হবে জ্যাঠাইমা—এখন চল, মুখে একটু জল দেবে চল।

[সঙ্গে সঙ্গে নেপথ্য হইতে শাস্ত্রীদের বাগান ও বস্তীর প্রজা রতন ডাকিল]

নেপথ্যে রতন—মা ঠাকরণ!

হেমন্ত—কি বিপদ! এ সময়ে আবার কে এল?

শৈলজা—রতন?

নেপথ্যে-রতন—হ্যাঁ মা। আমি।

শৈলজা—কি রতন? এস, ভেতরে এস।

(রতন এবং আরও ২।৩ জনের প্রবেশ)

রতন—পেনাম। পেনাম মেজ দাদাঠাকুর!

হেমন্ত—তোদের কি আসবার সময় অসময় নাই রতন?

রতন—বড় বিপদ হ'ল যে দাদাঠাকুর! হেথা ছাড়া মোরা যাই কনে কও? মায়ের অভয় পাই কোথাকে বলেন?

শৈলজা—কি? বিপদ কি হ'ল রতন?

রতন—একডা ক'রে লুটিশ জারী ক'রে গেল যে মা ঠাকরণ। কয় কি যে, ঘরের দাম নিয়া উঠি যাতি হবে। কেষ্টদাদা কইল যে, বড়দাদাবাবু নাকি লুটিশ দিয়েছে।

হেমন্ত—সে হবে পরে। এখন তোরা বাড়ী যা।

রতন—পরে হবে কি দাদাবাবু? আমাদের পিতিপুরুষের ভিটি, আপনকাদের শ্রীচরণ—এ সব ছাড়ি আমরা যাব কনে গো? (চোখ মুছিল)

হেমন্ত—মরেছে রে! তা এখুনি কাঁদিস্ কেন? পিতিপুরুষের ভিটি এখনই এই ভরা দুপুরে ছেড়ে যেতে হচ্ছে না। আমাদের শ্রীচরণও আমরা কেড়ে নিই নি। নাও—চরণের ধুলো নিয়ে এখন বাড়ী যাও। ও নোটিশের কথা আমরা জানি। ওর ব্যবস্থা হবে। জ্যাঠাইমার মুখে এখনও জল ওঠে নি।

রতন—(ব্যস্ত হইয়া) তা জানি না দাদাবাবু, হায় রে মুরুক্ষুর বুদ্ধি! তাই বেশ কথা, পরে কথা হবে। চল্—চল্ রে বাড়ী চল্! পেনাম—পেনাম।

[শৈলজা এতক্ষণ স্তব্ধ হইয়া দাঁড়াইয়া ছিলেন। এইবার রতনদের প্রস্থানোদ্যত দেখিয়া বলিলেন]

শৈলজা—দাঁড়া রতন।

রতন—মা!

শৈলজা—বাগ্দীর ছেলে তোরা। শুনি তোদের বাপ-পিতামো নাকি ডাকাত ছিল। তাদের লাঠিতে নাকি ঢেলা আটকাত, মানুষের মাথার হাড় চূর হ'য়ে যেত। তাদের সড়কীতে নাকি সারবন্দী মানুষ গেঁথে যেত?

রতন—মা, তেনারা ছিলেন পুণ্যাত্মা মানুষ।

শৈলজা—তোরা কি একেবারেই লাঠি সড়কী ধরতে জানিস্ না?

হেমন্ত—জ্যাঠাইমা! জ্যাঠাইমা!

শৈলজা—যদি কেউ তোদের তুলতে আসে, তবে লাঠি মেরে তাদের তাড়িয়ে দিবি, মাথা ভেঙে দিবি।

হেমন্ত—জ্যাঠাইমা!

শৈলজা—দরকার হয় সড়কী দিয়ে তাদের গেঁথে ফেলবি।

(প্রস্থানোদ্যত, কয়েক পা অগ্রসর হইলেন)

রতন—ওগো মা, এ কি কইছ গো মা তুমি? বড়দাদাবাবু—

শৈলজা—(ফিরিয়া) বড়দাদাবাবু তোদের ম'রে গেছে।

(আবার দুই পা অগ্রসর হইলেন)

শৈলজা—(আবার ফিরিলেন) কোন ভয় নেই তোদের। মামলা মকদ্দমা যা করতে হয় আমি করব। (প্রস্থান)

তৃতীয় দৃশ্য

(ব্রজবিহারীবাবুর বাড়ীর আপিস)

[ধনী-জনোচিত বাড়ী ঘর। আপিস-ঘরখানির চারদিকের দেওয়ালে ছবি টাঙানো। অধিকাংশগুলিই factory-র ছবি! যে-সব factory-র তিনি Managing Director—সেই সব factory-র ছবি। ছবিগুলির নীচে factory-গুলির নাম লেখা—Braja Bihari Cotton Mills Ltd., Braja Bihari Chemical Works Ltd., Braja Bihari Iron Works Ltd. ইত্যাদি। প্রত্যেকটির নীচে আরও লেখা—Managing Director – Braja Bihari Ghoshal. কয়েকখানি তাঁহার নিজের ছবি। নীচে লেখা—"বাংলার নবযুগের ধনপতি সওদাগর—ব্রজবিহারী ঘোষাল।"

কয়েকখানি বিজ্ঞাপনের বড় প্রতিলিপিও দেখা যায়ঃ—

"B. B. Ghoshal Enterprises.—SAFE, SOLID, SOUND"

বাংলায় লেখা—"ব্রজবিহারীবাবু কোন প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট থাকলেই লোকে অবিচলিত বিশ্বাসে তার শেয়ার কিনে থাকে।" ব্রজবিহারী চেয়ারে বসিয়া আছেন। একজন কর্ম্মচারী সম্মুখে দাঁড়াইয়া একটি বিজ্ঞাপনের খসড়া পড়িয়া শুনাইতেছিল। ব্রজবিহারী চোখ বুজিয়া শুনিতেছেন]

কর্ম্মচারী—ব্রজবিহারীবাবুর গড়া প্রতিষ্ঠানে ফাঁকি নাই। প্রতিষ্ঠানগুলির উদ্দেশ্য মহৎ, বৃহৎ আদর্শে অনুপ্রাণিত। নতুন বাংলাদেশ গ'ড়ে তুলবার জন্যেই তিনি তাঁর সকল শক্তি নিয়োজিত করেছেন। নতুন বাংলা—সোনার বাংলা—তার মণিকার—ব্রজবিহারী ঘোষাল। বাংলার সঙ্গে

ব্রজবিহারীর প্রতিষ্ঠানগুলির নাড়ীর সম্বন্ধ। আপনি নিজেকে এই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত করতে দ্বিধা করবেন না, বিলম্ব করবেন না।

ব্রজ—Good, very good—বেশ হ'য়েছে, ভাল হ'য়েছে। সব কাগজে পাঠিয়ে দাও। Monthly-গুলোর full page—দৈনিকগুলোর অন্তত কোয়ার্টার পেজ। বুঝলে ?

কর্ম্মচারী—আপনার ফোটো—

ব্রজ—কারখানার ইঞ্জিনে হাত দিয়ে যেটাতে দাঁড়িয়ে আছি, এবার সেইটে দাও।

কর্ম্মচারী—যে আজ্ঞে।

[ব্রজবিহারী ফাইল উল্টাইতে আরম্ভ করিলেন। কর্ম্মচারী চলিয়া যাইতেছিল। তিনি আবার ডাকিলেন]

ব্রজ—শোন।

(কর্ম্মচারী ফিরিল)

দালাল রামদাস মাড়োয়ারীর আসবার কথা আছে। এলেই তাকে পাঠিয়ে দেবে।

কর্ম্মচারী—যে আজ্ঞে।

[ব্রজবিহারী আবার ফাইল উল্টাইতে আরম্ভ করিলেন]

(নেপথ্য হইতে দালাল রামদাস)

নেপথ্যে রামদাস—ঘোষালবাবু আছেন ? মিষ্টার ঘোষাল ?

নেপথ্যে রামদাস—ঘোষাল মশয় !

ব্রজ—এস এস, রামদাস এস।

(রামদাসের প্রবেশ)

রাম—রাম রাম বাবুজী, তবিয়ৎ আচ্ছা ?

ব্রজ——রাম রাম। হ্যাঁ, শরীর ভাল। কিন্তু তোমার খবর কি? টেলিফোনে পাই না। লোক পাঠিয়ে পাই না—

রাম—আরে বাপ রে বাপ রে! যে কাম আপনি মশা হামাকে দিলেন—সীতারাম—সীতারাম! Bengal Research তো তাজ্জব কি কারখানা রে বাবা! রাম! রাম! একটো richman shareholder নেহি, বিলকুল কোই প্রফেসর, কোই ডক্টর, আউর তামাম employee উসকে shareholder। বিনা ধনীসে কারখানা চলেরে বাবা? উসকে share লিয়ে কি করবেন মশা আপনি? উ কারখানা গেল, লাল বাতী জ্বললো—গণেশজী ইন্দুরের উপরসে উল্টাইয়া গিরলেন ব'লে। উ ছোড়ি দেন আপনি। আরে মশয়, বিনা পতিসে সতী ভইয়া, বিনা প্রভুসে দাস।

আমীর বেগম্ কসবি, আউর বিনা দাঁতেসে হাস॥

কহে কবি রামদাস—

ব্রজ—(বরাবর ফাইল উল্টাইতেছিলেন) তুমি থাম রামদাস। তুমি তা' হ'লে কিছু করতে পার নি?

রাম—দেখেন ঘোষালবাবু, আপনারা কাটেন বোকরী, মুচি বাজায় ঢাক, হামি আপলোককে গালভি দি, রামনামভি মুখে বলি, হাজারো বার। —আউর বোকরীকে চামড়াভি কিনি বিলায়েৎমে চালানভি দি। হামারা মুনাফা লিয়ে বাত। আপনি দিবেন দালালী—হামি করবে না কেনে মশা? করিয়েছি কুছ। তব আপনি হামারা দোস্ত আদমী—

ব্রজ—ও কথা থাক। কি ক'রেছ বল?

রাম—আরে বাপ রে! আওরৎকো লিয়ে বাউরা রাজাকে মাফিক হো গেয়া আপ! সবুর কিজিয়ে! এ কিষণদাস! এ ভাই! আ যাইয়ে ভিতরমে।

(কেষ্টদাসের প্রবেশ)

কেষ্ট—Good morning!

ব্রজ—Good morning, বসুন, আপনি বসুন।

রাম—বসুন কাহে বলছেন ঘোষাল মশা? উনকে একঠো চাকরী দিতে হোবে আপকে। হামি বাত দিয়েছি। উ একঠো শালা হ্যায়। বইঠে গা কাহে আপকো সামনে?

ব্রজ—আচ্ছা তোমরা তা হ'লে ওঘরে ব'স।

(রামদাস ও কেষ্টর প্রস্থান)

(করুণার প্রবেশ)

করুণা—মামা!

ব্রজ—বল!

করুণা—আমি আজ মোটর নিয়ে গিয়েছিলাম একটু কাজে। মামী আমাকে তার জন্যে যাচ্ছেতাই বকলেন। শুধু রূঢ় নয়—জঘন্য ভাষায় বকলেন। তোমাকে না জানিয়ে আমি আর পারলাম না। কিছুদিন থেকেই মামী কথাবার্ত্তায় মাত্রা ছাড়িয়ে যাচ্ছেন।

ব্রজ—তোমার মামী বলছিলেন—আর আমিও লক্ষ্য করেছি—করুণা, তোমার চলা-ফেরায় তুমি মাত্রা ছাড়িয়ে যাচ্ছ।

করুণা—কথাটা বেশ খোলসা ক'রে বলবে মামা?

ব্রজ—তার কি প্রয়োজন আছে? তুমি বুঝতে পার না? কলেজ থেকে ফিরতে তোমার দেরী হয়—

করুণা—তোমার কথাটা ঠিক মেনে নিতে পারলাম না মামা। আগেও ফিরতে দেরী হ'ত। সপ্তাহে দু-তিন দিন আমি কলেজ থেকে সিনেমায় গিয়েছি। সে তুমি জানতে, তাতে তোমার অমতও ছিল না।

ব্রজ—কিন্তু আজকাল তুমি সিনেমায় যাও না।

করুণা—যাই না। তার চেয়ে অনেক ভাল কাজেই যাই। মধ্যে মধ্যে Dr. Sastri-র Laboratoy-তে যাই। তাঁর কারখানাতেও যাই। এবং

আমার যতদূর ধারণা—তোমার আপত্তি সেখানেই। মামীর আপত্তি অবশ্য অন্যখানে—আমি বেশ বুঝতে পারছি, আমার অস্তিত্ব তাঁর কাছে কাঁটার মত অস্বস্তিকর হ'য়ে উঠেছে।

ব্রজ—মামীর কথা থাক, পরে হবে। কিন্তু শাস্ত্রীর ওখানে যাওয়াটা আমি যদি অপছন্দ করি, তবে সেটা কি আমার পক্ষে খুব অন্যায় হবে করুণা? আর শাস্ত্রীর ওখানে এমন কি তোমার শিখবার আছে যে, তুমি সেখানে যাও? বাড়ীতে তাঁর কিসের Laboratory?

করুণা—Biology-র Laboratory. ডক্টর শাস্ত্রী এককালে Biology-তে Research করতেন। সে এক অদ্ভুত research।

ব্রজ—Biology-তে? কিন্তু লোকে যে বলে কি একটা গ্যাস নিয়ে তিনি research করেন?

করুণা—হ্যাঁ। এখন তিনি কেমিষ্ট্রি নিয়েই পাগল! বায়োলজি আমার সাবজেক্ট, আমি তাঁর বাড়ীতে গিয়ে—তাঁর সেই পুরণো research-গুলো দেখি। এক সময় বায়োলজির research-এর মধ্যে মৃত্যুর রহস্য খুঁজতে চেয়েছিলেন।

ব্রজ—গোবিন্দ! গোবিন্দ! হরি—হরি—হরি! সেইজন্যেই লোকটির এই অবস্থা। দু নৌকায় পা দিয়েছে, লোকটা ডুববে। (ফাইল তিনি উল্টাইয়া চলিয়াছেন) ওঃ! তুমি আর সেখানে যাবে না। বুঝলে? I don't like it.

করুণা—But I do like it. বিজ্ঞানের ছাত্রী আমি, তিনি একজন বড় বৈজ্ঞানিক—তাঁর research সম্বন্ধে আমার কৌতুহল নিবৃত্তি করতে যাই আমি। এর মধ্যে আমি অন্যায় কিছু দেখতে পাই না। তবে সেদিন সভার মধ্যে তোমাদের বাদ-প্রতিবাদের কথা তুলে যদি বল—তিনি তোমার অপমান ক'রেছেন, তবে—

ব্রজ—(কথার মধ্যপথেই বলিয়া উঠিলেন) ওতে আমার অপমান হয় না করুণা। (বলিতে বলিতে তাঁহার রূপের পরিবর্ত্তন হইল, শান্ত-বিনয় যেন খোলসের মত খসিয়া গেল। চেয়ার ছাড়িয়া উঠিয়া দাঁড়াইলেন) ছোট বড় তিরিশটা মিল আমার অধীনে। অন্তত ষাট হাজার লোকের অন্ন-বস্ত্রের ভার আমার হাতে। যত বড়ই পণ্ডিত ও হোক্—ওর কথায় আমার অপমান হয় না। আমি ওর চেয়ে অনেক ওপরে। আমার অপমান এক করতে পারি আমি। যদি দাম্ভিকের মত বলি—এসব আমার কীর্ত্তি; আমিই মানুষের অন্নদাতা। তবেই আমি আমার অপমান করব। সেজন্যে নয়। লোকটা নানাভাবে আমাদের ক্ষতি করবার চেষ্টা করছে। এর জন্যে আমি ওকে শিক্ষা দেব। লোকটার অত্যন্ত স্পর্দ্ধা। প্রবন্ধের পর প্রবন্ধ লিখে যাচ্ছে, আমাদের ব্যবসায়ের আসল উদ্দেশ্য হ'ল —নিজেদের Bank-এর খাতা ভরিয়ে তোলা। একদিকে কারখানায় যারা প্রাণপাত পরিশ্রম ক'রে খাটে, তাদের অন্ন-বস্ত্র মেরে আমরা পোলাও কালিয়া খাই, রেশম-পশম পরি, মোটর চড়ি। অন্যদিকে—দেশের লোক যারা আমাদের তৈরী জিনিস কেনে—অতি লাভে তাদের আমরা শোষণ করি—

করুণা—এ কথাগুলো তিনি তো মিথ্যে কথা বলেন নি মামা।

ব্রজ—(চমকিয়া উঠিলেন) মানে? কি বলতে চাও তুমি?

করুণা—আমি আর কি বলব? সমস্ত পৃথিবী শুদ্ধই তো এই কথা বলে।

ব্রজ—অক্ষমের ঈর্ষ্যার কথা ওগুলো। তা ছাড়া—। না—থাক। তুমি আমার স্নেহের পাত্রী, তোমাকে আমি রূঢ় কথা বলতে চাই নে।

করুণা—রূঢ় কথা বলতে বাকী রাখলে না মামা। কাজেই তুমি বললেই পারতে কি বলতে চাও।

ব্রজ—বলতে চাই, তুমি নিজেও ঈর্ষ্যান্বিত হ'য়ে উঠেছ। সেই কারণেই এই সব কথাগুলো তোমার মুখ দিয়ে বের হচ্ছে।

করুণা—তুমি নিজে রেগে গেছ মামা? তাই জন্যে নিজের বলা পুরণো কথাগুলোও তুমি ভুলে যাচ্ছ। (হাসিল)

ব্রজ—করুণা, তুমি তোমার অধিকারের সীমা ছাড়িয়ে যাচ্ছ।

করুণা—তুমিই তোমার অধিকারের সীমা ছাড়িয়ে যাচ্ছ মামা। সত্য কথা বলবার অধিকার বন্ধ করবার ক্ষমতা পৃথিবীতে কারও নাই। তোমারও নাই। আমি আমার অধিকারের মধ্যেই রয়েছি, আমি শুধু সত্য কথা বলেছি।

ব্রজ—করুণা!

করুণা—তুমি যখন গরীব ছিলে, চাকরী করতে বাবার কাছে, বাবা তখন সবে দুটো মিল করেছেন। তুমি মিল থেকে ফিরে এসে ঠিক এই সব কথাই বলতে—যা আজ শাস্ত্রী বলছেন তোমার সম্পর্কে, যাকে তুমি আজ বলছ —অক্ষমের ঈর্ষ্যার কথা। সেই সত্য কথাগুলোকেই তোমায় মনে পড়িয়ে দিচ্ছি আমি।

ব্রজ—মনে পড়াবার প্রয়োজন নাই। আমার নিজেরই মনে আছে। আমি যা বলতাম, তা তোমারই ঠিক মনে নাই। তোমার বাবা ছিল অত্যন্ত মদ্যপ, ব্যভিচারী, তোমার মায়ের মৃত্যুর পর সে যে আচরণ ক'রেছে, তাতে সমাজের সকলেই তাকে নিন্দা করত।

করুণা—মামা!

ব্রজ—সম্পদকে যারা এমনি ক'রে বিলাসে ব্যভিচারে অমিতাচারে অপব্যয় করে, তাদের চিরকাল আমি ঘৃণা করি, তোমার বাবাকেও ঘৃণা করতাম। তোমার বাবার জঘন্য কষ্টদায়ক ব্যাধির কথা মনে হ'লে আমার মনে হয়—

করুণা—মামা!

ব্রজ—সে ব্যাধি ঈশ্বরের মৃত্যুদণ্ড। (কথা শেষ করিয়া ব্রজবিহারী এতক্ষণে স্তব্ধ হইলেন)

করুণা—মামা, তুমি কি বললে, ভেবে দেখেছ ?

ব্রজ—যা সত্য, তাই বলেছি।

করুণা—কিন্তু ওর পরেও খানিকটা সত্য আছে—সে কথাটা বললে না কেন? না, লজ্জায় জিভে আটকে গেল? বাবার মত পাপীর সম্পদকে ভিত্তি ক'রে তোমার বড়লোক হওয়ার কথাটা গোপন করছ কেন? যে সোনার গেলাসে বাবা মদ খেতেন, সেই এঁটো গেলাসে তুমি খাও ডাবের জল ঘোলের শরবত। বাবার মৃত্যুর পর তাঁর ব্যবসাকে হাতে নিয়ে তাকে তুমি বহুগুণ বাড়িয়েছ, কিন্তু সেটুকু হাতে না এলে—চিরকাল তোমাকে চাকরী ক'রেই কাটাতে হ'ত—সে কথা স্বীকার ক'রতে লজ্জা পাচ্ছ কেন?

ব্রজ—আমার ভাগ্য আমাকে অন্য ভাবে দিত।

করুণা—ভাগ্য তো বড ভাল লোক মামা। আমার বাবাকে মেরে তোমাকে তার সৌভাগ্য দিয়েছে, আবার তাকে গালাগাল করবার অধিকারও দিয়েছে!

(হৈমবতী—ব্রজবিহারীর স্ত্রীর প্রবেশ)

হৈম—বলি হচ্ছে কি? সকাল থেকে—ব্যাপারটা কি?

করুণা—মামার ভাগ্যফল নিয়ে একটু আলোচনা হচ্ছে মামী। নতুন ধরণের জ্যোতিষশাস্ত্র—একটু জটিল ব্যাপার; তুমি ঠিক বুঝবে না।

ব্রজ—করুণা, বার বার তুমি তোমার অধিকারের সীমার বাইরে যাচ্ছ।

করুণা—না, বাইরে যাই নি।

হৈম—বাইরে যাস্ নি? বলি—হ্যাঁ লা ধিঙ্গী বিশ-বছুরী কলেজ-খুকী, আমি কালা না কি যে, কিছু শুনি নে মনে করছিস্? তুই যে ওরই ঘরে দাঁড়িয়ে ওকেই গালাগাল করছিস্—সেটা কিসের অধিকার, কোন্ অধিকার, শুনি?

করুণা—মামা, তুমিও কি ঠিক ওই কথা বল ?

ব্রজ—করুণা, তুমি কি নিজেই বুঝতে পারছ না—তুমি কতখানি উদ্ধত হ'য়েছ ?

করুণা—আমার স্বর্গগত বাপকে যখন তুমি সত্যভাষণের নামে গালাগাল দিলে, তখন এ কথাটা তুমি বুঝতে পেরেছিলে ? (এখন তার প্রতিধ্বনি শুনে চমকে উঠলে চলবে কেন ? দেওয়ালের গায়ে কথা ছুড়লে—দেওয়ালও ফিরিয়ে দেয়।) আমি মানুষ। আমার বাপকে অপমান ক'রলে আমি তোমায় পুজো ক'রব—এ তুমি কল্পনা ক'রতে পার না।

হৈম—তা করবি কেন ? কালসাপের ঝাড় যে। অমৃতি খেতে দিলেও ওগরাবি বিষ।

করুণা—আমার বাবা তোমাদের স্বামী-স্ত্রীকে অমৃত হয়তো খাওয়ান নি, কিন্তু দু' বেলা নিয়মিত দুধ রাবড়ী খাওয়াতেন—সে কথা তুমিও বোধ হয় ভুলে যাও নি মামী।

হৈম—কি বললি হারামজাদী ?

করুণা—এইবার আমাকে চুপ করালে মামী। তোমার বাবাকেও আমি ওই জঘন্য জানোয়ার বলতে পারব না।

হৈম—শুনছ, তুমি শুনছ ?

ব্রজ—তুমি একটু চুপ কর হৈম। করুণা, তোমার বক্তব্য শেষ হ'য়েছে ?

করুণা—সবই বাকী রয়েছে মামা, শেষ ক'রতে আর দিলে কই তোমরা ?

ব্রজ—ভাল, শেষ কর। আমারও কিছু বক্তব্য রয়েছে।

করুণা—সম্ভবত আমি যা জিজ্ঞাসা ক'রব, তার উত্তর দিলেই তোমার বক্তব্য শেষ হবে মামা। আমি বেশ বুঝতে পারছি ?

ব্রজ—বল।

করুণা—মোটরের কথা বলতে এসেছিলাম। সে যাক। মামী একেবারে গোড়ার কথা তুলেছে। বলেছে—তোমার ঘরে দাঁড়িয়ে আমি তোমায়

গালাগালি দিচ্ছি। গালাগাল তোমাকে আমি দিই নি। কিন্তু তোমার ঘরে দাঁড়িয়ে কথা বলছি—এ কথা কি সত্য? বাড়ী কি তোমার?

ব্রজ—করুণা, তুমি অত্যন্ত উত্তেজিত হ'য়েছ।

করুণা—না মামা। মানুষ যখন নিজের অবস্থা বুঝতে পারে, তখনই তার অবস্থা সব চেয়ে সুস্থ অবস্থা। বল, তুমি উত্তর দাও। বাড়ী কার?

হৈম—বাড়ী আমার। আমার নামে বাড়ী।

করুণা—মামা?

ব্রজ—হ্যাঁ। বাড়ী তোমার মামীর।

করুণা—ব্যবসা? ব্যাঙ্কের টাকা?

ব্রজ—তোমার টাকা ব্যবসায়ে খাটছে। তোমার বাবার মৃত্যুর পর ব্যবসাকে লিমিটেড কোম্পানী করা হ'য়েছিল—ব্যবসার যা দাম হ'য়েছিল—তার পরিমাণ শেয়ার তোমার রয়েছে।

করুণা—তোমারও শেয়ার আছে। আমার চেয়ে তোমার বেশী শেয়ার আছে।

ব্রজ—করুণা—

হৈম—থাম তুমি। হ্যাঁ আছে। ঢের বেশী আছে। এতগুলো কারখানা চালাচ্ছে ও, থাকবে না?

করুণা—কারখানা তো আসলে কুলি মজুরে মিস্ত্রীতে চালায় মামী। কই তাদের তো শেয়ার নাই!

ব্রজ—করুণা, আবার তোমাকে বলছি, তোমার স্পর্দ্ধার সীমা অতিক্রম ক'রে যাচ্ছ তুমি।

করুণা—তোমার বাড়ীর বাইরে গেলেই, আমার সীমার গণ্ডী বেড়ে যাবে মামা। একটা কথা—আমার কি আছে বলবে আমাকে? বুঝিয়ে দেবে আমাকে? দিয়ে দিবে আমাকে? তোমার বাড়ীর বাতাসে আমার দম বন্ধ হ'য়ে আসছে।

ব্রজ—করুণা !

করুণা—যদি বল—পাবে না, তাও ব'লে দাও আমাকে। আমি আপত্তি ক'রব না। হাসতে হাসতে চ'লে যাব।

হৈম—দাও না, ওর কি আছে ফেলে দাও না তুমি !

ব্রজ—করুণা, আমি তোমার অভিভাবক। আমি তোমার অমঙ্গলের কোন কাজ করি নি। তুমি এখন শান্ত হও। এর পর এ নিয়ে তোমার সঙ্গে কথা বলব।

করুণা—(মামার পা ছুঁইয়া প্রণাম করিল) আমি চললাম। (যাইতে যাইতে ফিরিয়া) তোমাকে প্রণাম করতে মন চাইছে না মামী, কিছু মনে ক'রো না।

ব্রজ—করুণা !

করুণা—আমি পৃথিবীর শক্ত মাটির উপর দাঁড়াতে চলেছি মামা, আমাকে আর পিছু ডেকো না।

ব্রজ—করুণা ! (অনুসরণ করিতে উদ্যত হইলেন)

হৈম—(পিছন হইতে হাত ধরিয়া বাধা দিলেন) না। যাক।

ব্রজ—ছাড় হৈম। করুণাকে যেতে দিতে আমি পারি নে। সেটা আমার অন্যায় হবে।

চতুর্থ দৃশ্য

[Dr. Bose-এর বাড়ী। ইঙ্গ-বঙ্গ সমাজের বিশিষ্ট ব্যক্তিদের অনুরূপ বাড়ী ঘর ও আসবাবপত্র। অণিমা বা অ্যানি মেয়েটি কৌচের উপর অর্দ্ধশায়িত অবস্থায় টেলিফোনের রিসিভার ধরিয়া কথা বলিতেছে। অ্যানি কথা বলিতেছে—শ্যামাদাসের সহিত। ঘরে অ্যানি একা]

অণিমা—Yes, yes, Anny speaking—অণিমা আমি অ্যানি। yes—yes. আমার গলার আওয়াজ শুনেই তোমার বুঝতে পারা উচিত ছিল।

তা' ছাড়া শ্যামল ব'লে তোমাকে আর কে ডাকতে পারে অ্যানি ছাড়া? কি? Oh! শ্যামল বলে ডাকতে আবার তুমি বারণ ক'রছ? You see—বারণ করাটা তোমার হাতে, হাজার বার বারণ ক'রতে পার তুমি। কিন্তু সেটা মানা বা না-মানা আমার হাতে। And I tell you শ্যামল, I tell you frankly, আমি মানব না। Never! (হাসিয়া) তুমি অবশ্য এর জন্যে আদালতে আমার বিরুদ্ধে ডিফামেশন স্যুট আনতে পার; আমি আদালতে প্রমাণ ক'রে দেব—শ্যামল is a sweeter name than শ্যামাদাস। (খিল-খিল করিয়া হাসিয়া উঠিল) যাকগে—What's a name, ও কথা যেতে দাও। এখন কখন আসছ বল? আমরা তোমার জন্য অপেক্ষা ক'রে রয়েছি। ডাক্তার তো কাল থেকে বিশবার জিজ্ঞাসা ক'রেছেন—শাস্ত্রী এলেন না কেন? কি? আজও আসছ না তুমি? কেন? কাজ? কি কাজ? Oh no, no, no, আমি শুনব না। কিছুতেই না। কি? You have found out something! কি সেটা? What is it; তোমার research-এর ব্যাপার!

(Dr. Bose-এর প্রবেশ)

অণিমা—Is it very interesting?

Dr. Bose—Mr. Sastri-র সঙ্গে কথা বলছ?

অণিমা—(ঘাড় নাড়িয়া ইঙ্গিতে তাহাকে উত্তর দিল। টেলিফোনে বলিয়া গেল) আমি গেলে আমাকে দেখাবে? দেখাবে! কাল সকালে? কেন? আজ সন্ধ্যায় নয় কেন? কি? Students—মানে শিষ্য নিয়ে ব্যস্ত আছ! I see! বেশ তা' হ'লে কাল সকালে। That's alright! বাই—না, বিদায় সম্ভাষণটা বাংলাতেই ভাল। আজ আসি!

(হাসিয়া টেলিফোন রাখিয়া দিল। হাসিমুখে Bose-কে বলিল)—শ্যামল is splendid—he is a darling !

(Dr. Bose হাসিলেন)

অণিমা—হাসছ যে ?

Bose—এমনি।

অণিমা—(বক্রহাসি হাসিয়া) তুমি ঈর্ষ্যাতুর হ'য়ে উঠছ।

Dr. Bose—হ'য়ে ওঠা তো স্বাভাবিক। কিন্তু না। তুমি নিশ্চিন্ত থাক। আমি তা হই নি। (হাসিল) আকাশে সূর্য্য ওঠে, শিশিরবিন্দুর মধ্যে তার প্রতিবিম্ব পড়ে, তার জন্যে শিশিরবিন্দু আর সূর্য্যের মধ্যস্থলবর্ত্তী শূন্যলোক ঈর্ষ্যা ক'রে ক'রবে কি ?

অণিমা—ক্রমশ তোমার কথাবার্ত্তার হেঁয়ালি জটিল হ'য়ে উঠছে। জেলাসির ওটা একটা বড় লক্ষণ।

Dr. Bose—(জিভ কাটিয়া) না, না অণিমা, Dr. শাস্ত্রীর মত শক্তিমান্ ব্যক্তিকে শুধু শ্রদ্ধাই করা যায়, ঈর্ষ্যা তাঁকে করা যায় না।

অণিমা—কত বড় শক্তিশালী সে, তুমি জান না।

Dr. Bose—অবশ্য তোমার চেয়ে কম জানি। তুমি তাঁকে আমার চেয়ে অনেক বেশী দেখেছ।

অণিমা—It is like a dream. জান—সে সব কথা আমার স্বপ্ন ব'লে মনে হয়। দশ বছর আগে শ্যামলকে দেখেছিলাম লণ্ডনে। চব্বিশ পঁচিশ বছরের তরুণ, big eyes, shy looks, লণ্ডনে আমাদের বাসায় এসেছিল বাবার সঙ্গে দেখা ক'রতে। শুনলাম—বাঙালীর ছেলে, দেশে M. Sc. পাস ক'রে বায়োকেমেস্ট্রিতে special training নিতে একটা scholarship যোগাড় ক'রে England এসেছে। (সে হাসিল) You know ? জান ? সেদিন আমি ওর সঙ্গে কথা বলি নি। মনে

হ'য়েছিল—এমন dull, shy, uninteresting young man আমি আমি আমার জীবনে দেখি নি।

Dr. Bose—(হাসিয়া) And you took pity on him—বেচারাকে দেখে তোমার খুব মায়া হ'ল!

অণিমা—না। আমার ঘৃণা হ'য়েছিল।

Dr. Bose—তোমার দৃষ্টির প্রশংসা ক'রতে পারলাম না অণিমা। Love and Hatred, ভালবাসা এবং ঘৃণা, ও দুটো আলো এবং অন্ধকারের মত চেহারায় আলাদা হ'লেও বস্তুতে এক। এই রকমই নাকি পণ্ডিত-জনেরা ব'লে থাকেন।

অণিমা—তুমিও ব'লতে পার ইচ্ছে হ'লে। আমি সেটা মেনে নিচ্ছি। (হাসিল) কারণ দু বছর পর যেদিন ওকে আবার দেখলাম সেদিন দেখলাম সে আর আর এক মানুষ। নির্ভীক Young man big eyes, dreamy looks, বড় বড় চোখে স্বপ্নাতুর দৃষ্টি, এসে আমাদের বাড়ীর বারান্দায় দাঁড়িয়ে বাবার জন্যে অপেক্ষা ক'রছে। বাবা একজন ভাল সংস্কৃত-জানা Indian student খুঁজছিলেন। তাঁর বন্ধু একজন Professor সংস্কৃত শিখতে চেয়েছিলেন। সেই বিজ্ঞাপনের উত্তরে সে বাবার সঙ্গে দেখা ক'রতে এসেছিল। বাবা ওকে বললেন—তুমি বিজ্ঞানের ছাত্র, সংস্কৃত তুমি কেমন ক'রে পড়াবে? যেমন-তেমন সংস্কৃত জানার কাজ তো এ নয়! ও বললে—আমার শাস্ত্রী উপাধিটার দিকে আপনার মনোযোগ আকর্ষণ করছি। আমার বাবা সংস্কৃতে কত বড় পণ্ডিত ছিলেন, সে তুমি জান। তিনি ওর সঙ্গে সংস্কৃত আলোচনা ক'রে অবাক্ হ'য়ে গেলেন। বাবা তৎক্ষণাৎ সুপারিশ ক'রে ফোন ক'রলেন প্রফেসর বন্ধুকে, ওকে নেমন্তন্ন ক'রলেন সেদিন আমাদের ওখানে খেতে। আমার সঙ্গে ওর আলাপ করিয়ে দিলেন and within a few hours আমরা

যেন কতকালের বন্ধু হ'য়ে গেলাম। সেই দিনই আমি ওর শ্যামাদাস নাম পাল্টে শ্যামল নাম দিয়েছিলাম, and he accepted it very gladly, সেও আমাকে অ্যানি ব'লে ডেকেছিল। ক্রমে আমরা গভীর অন্তরঙ্গ হ'য়ে উঠলাম। (কয়েক মুহূর্ত্ত স্তব্ধ থাকিয়া) তখন দেখলাম আর এক মানুষ। জীবনে তার সে কি উচ্ছ্বাস—সে কি passion! আবেগে সে আগুনের মত জলত। এক মুহূর্ত্ত যদি শ্যামলের দিকে অমনোযোগী হ'য়েছি তবে সে কি ওর অভিমান!

(আবার স্তব্ধ হইল)

Bose—(কয়েক মুহূর্ত্ত অপেক্ষা করিয়া) অতীত কথা মনে ক'রে দুঃখ পেলে অণিমা? (উঠিয়া কাছে গিয়া) তুমি কাঁদছ?

অণিমা—(মুখ তুলিয়া হাসিয়া) না। কিন্তু সেসব সত্যিই একটা স্বপ্ন।

Bose—অণিমা!

অণিমা—বল।

Bose—যদি চাও, তোমাকে মুক্তি দিতে আমি রাজী আছি।

অণিমা—ও কথা কেন বলছ তুমি? তুমি তো জান, আমি তোমাকে কতখানি শ্রদ্ধা করি!

Bose—শ্রদ্ধা! কিন্তু শ্রদ্ধার চেয়ে ভালবাসার দাবী যে অনেক বড় অ্যানি।

অণিমা—না। ও কথা ব'লো না তুমি। তুমি তো জান, ওতে আমি দুঃখ পাই।

Bose—তোমাকে দুঃখ দিতে চাই না বলেই ব'লছি অণিমা। তুমি হয়তো জান না—

অণিমা—জানি। আমি জানি। দুঃখ তুমি কোনদিন দাও নি। কিন্তু আজ দুঃখ দিতে চাও না ব'লে আমাকে যদি মুক্তি দিতে চাও তোমার অন্তরের বন্ধন ছিঁড়ে, তবে সে মুক্তি কি আমি নিতে পারি?

Bose—না, অ্যানি না। তোমাকে কোনদিন আমি বাঁধতে চাই নি। আমি তোমাকে—থাক ও কথা, থাক।

অণিমা—আমি জানি। আমি জানি, তুমি আমাকে—

Bose—ও কথা থাক অণিমা। অন্য কথা বল।

অণিমা—(হাসিয়া) অন্য কথা! কি অন্য কথা বলব? আমার কথায় তুমি বিনা দ্বিধায় শ্যামলের কর্ম্ম-জীবনের সঙ্গে নিজেকে জড়ালে। তুমি বড়লোক নও, তবু তোমার যা কিছু সম্বল, সব দিলে শ্যামলের enterprise-এ শুধু আমার কথায়—। আজ সেই কথা ছাড়া অন্য কথা যে মনে আমার আসছে না।

Bose—(হাসিল) একটা ভুল ধারণা তোমার সংশোধন ক'রে দিতে চাই। আশা করি, তুমি সেটাকে ভুল বুঝবে না।

অণিমা—বল।

Bose—আমি শ্যামাদাসবাবুকে তোমার মত ভালবাসি না, কিন্তু তোমার চেয়ে অনেক বেশী শ্রদ্ধা করি; তাঁর আদর্শে বিশ্বাস করি। সেই জন্যেই আমার সমস্ত সম্বল সঞ্চয়—তাঁর উদ্যমের সঙ্গে যুক্ত ক'রে দিয়েছি।

অণিমা—তুমি এ সত্যি বলছ?

Bose—তুমি তো জান আমি মিথ্যে কথা বলি না।

অণিমা—তুমি আমায় বাঁচালে।

(বেয়ারার প্রবেশ। অভিবাদন করিয়া ট্রের উপর একটি কার্ড ধরিল)

Bose—(কার্ড দেখিয়া) অ্যাটর্নি বাড়ীর লোক! Strange দু মিনিট অ্যানি, আমি আসছি। (বেয়ারা ও Bose-এর প্রস্থান)

[অণিমা উঠিল, দেওয়ালে ঝুলানো Bose-এর ছবির কাছে গেল, ফিরিয়া আসিয়া টেবিলের ফুলদানিটি লইয়া—ছবির নীচে রাখিল; রাখার সঙ্গে সঙ্গে আপন মনে গান ধরিল। ফুলদানী রাখিয়া গাহিতে গাহিতে সে ফিরিয়া আসিয়া বসিল]

(Dr. Bose প্রবেশ করিল)

Dr. Bose—(গান শেষ হইলে) একটা কথা জিজ্ঞেস ক'রব তোমাকে। তুমি Dr. শাস্ত্রীকে বিয়ে কর নি কেন ?

[অ্যানি Bose-এর মুখের দিকে চমকিয়া ফিরিয়া চাহিল, উত্তর দিল না]

Dr. Bose—অ্যানি ! You loved him.

অণিমা—(হাসিয়া) Yes, I loved him.

Dr. Bose—তবে ?

অণিমা—তবে ? সে আমায় ভালবাসত না।

Dr. Bose—ভালবাসত না ? কি বলছ তুমি ? একটু আগে তুমি বললে—আবেগে সে অগ্নিশিখার মত জ্বলত—

অণিমা—অকস্মাৎ, অত্যন্ত অকস্মাৎ তার সে আবেগ একদিন নিবে গেল। সপ্তাহের পর সপ্তাহ সে আর আমার সঙ্গে দেখা ক'রতে এল না। চিঠি লিখলে না। আমি চিঠি লিখলাম—উত্তর দিলে না। শেষে একদিন নিজে গেলাম তার সন্ধানে। দেখলাম আবার এক নতুন মানুষ। Strange looks in his eyes—কথা বললে যেন শুনতে পায় না, শুনতে পেলেও উত্তরে বলে হয় তো একটা কথা ! Deaf বলতে পার dumb বলতে পার, cold বলতে পার, মোট কথা—I found শ্যামল dead to me.

Dr. Bose—তুমি তাকে জিজ্ঞাসা ক'রলে না ?

অণিমা—(হাসিল) না।

Dr. Bose—তোমার নিজেকে তুমি জিজ্ঞাসা ক'রেছিলে ?

অণিমা—I was clean. তখনকার আমাকে তুমি আকাশগঙ্গার সঙ্গে তুলনা ক'রতে পার, মাটির একটা কণাও তখন আমাকে স্পর্শ করে নি।

Dr. Bose—তবে ?

অণিমা—তবে ! (হাসিল) তার মধ্যে তখন নতুন মানুষ জেগে উঠেছে,

যে মানুষকে আজ দেখছ। দেখলাম পড়ার মধ্যে ডুবে রয়েছে। কেমেস্ট্রি আর কেমেস্ট্রি। আমার দিকে চাইলে এক বিচিত্র দৃষ্টিতে। শান্ত কণ্ঠে বললে কয়েকটি কথা। বললে—আমাকে তুমি মাফ কর। আমি নিজেকে বুঝতে পারি নি। আমার—(অণিমা স্তব্ধ হইল, তারপর হাসিয়া বলিল) বললে—আমার আর ফেরার উপায় নাই। (আবার স্তব্ধ হইল। তারপর বলিল) শুনেছি সাবিত্রী মৃত সত্যবানকে বাঁচিয়েছিল, কিন্তু আমি তা পারি নি।

Dr. Bose—আমাকে তুমি মাফ কর অ্যানি। আমি ভেবেছিলাম, তুমিই তাঁকে দুঃখ দিয়েছিলে।

অণিমা—যে দুঃখ আমি সেদিন পেয়েছিলাম, সেই দুঃখেই আমি সেদিন পাগল হ'য়ে গিয়েছিলাম। শ্যামল England-এ ছিল ব'লে আমি ভারতবর্ষে চ'লে এলাম। মানুষকে দুঃখ দেওয়া হ'ল আমার পেশা। লজ্জা-নীতি ধর্ম্ম সমস্ত কিছুকে ভাসিয়ে দিলাম। তীব্র নিষ্ঠুর হাসি হেসে—ব্যঙ্গশ্লেষে পৃথিবীকে জর্জ্জরিত ক'রে ছুটে বেড়াচ্ছিলাম উল্কার মত। হঠাৎ একদিন দেখা হ'ল তোমার সঙ্গে। তখন আমার চরমতম দুঃসময়—

Dr. Bose—থাক অণিমা, থাক।

অণিমা—বাবা আমার ব্যবহারে লজ্জিত হ'য়ে ঘোষণা ক'রে আমার সঙ্গে তখন সকল সম্বন্ধ ত্যাগ ক'রেছেন। আমার দেহ তখন রুগ্ন—তুমি আমায় সস্নেহে সাদরে স্থান দিলে। (স্তব্ধ হইল) জান? তোমাকে আমি গ্রহণ ক'রেছিলাম—তোমার ঐশ্বর্য্য ভোগ ক'রে একদিন তোমায় ত্যাগ ক'রব ব'লে? (দুই হাতে মুখ ঢাকিল)

Dr. Bose—অণিমা! অ্যানি! ছি! এ রকম করে না।

অণিমা—Please—Please—

Dr. Bose—না, না। চল, ওঠ! Dr. শাস্ত্রীর ওখানে যাব আমরা।

অণিমা—না। সে ব্যস্ত আছে।

Dr. Bose—থাকুন ব্যস্ত। ব্যস্ত থাকেন অন্য কোথাও আমরা চ'লে যাব। চল, ডাঃ শাস্ত্রীকে কিছু জানাবার আছে important something, very important.

অণিমা—Very important ?

Dr. Bose—ব্রজবিহারী ঘোষালের অ্যাটর্ণি বাড়ী থেকে লোক এসেছিল।

অণিমা—সে দিনের সেই ফোঁটা-তিলক কাটা মিলিওনেয়ার—

Dr. Bose—ভদ্রলোক ডাঃ শাস্ত্রীর ওপর থাবা বাড়াচ্ছেন ব'লে মনে হচ্ছে। ওঠ, যাও কাপড়চোপড় পাল্টে এস।

অণিমা—না, থাক। বেশ আছি, চল।

পঞ্চম দৃশ্য

ডক্টর শাস্ত্রীর ল্যাবোরেটারি

[মাইক্রসকোপ টেষ্ট টিউব শিশি বোতল সাজানো টেবিল। একপাশে একটি র‍্যাকে কয়েকটি খাঁচা; খাঁচায় গিনিপিগ ও খরগোশ কতকগুলি। প্রত্যেক জাতীয় জন্তর খাঁচা তিনটি করিয়া আছে। একটি ছোট টেবিলের উপর একটি মাইক্রস-কোপ। করুণা ও ডক্টর শাস্ত্রী রহিয়াছেন ঘরে। করুণা মাইক্রসকোপে কিছু দেখিতেছে]

ডাঃ শাস্ত্রী—পরিষ্কার দেখতে পাচ্ছ ? নিউক্লিয়াসের presence বুঝতে পারছ ?

করুণা—পারছি।

ডাঃ শাস্ত্রী—Wonderfully well concealed. যেন একটা স্বেচ্ছাকৃত চাতুরী।

করুণা—(মাইক্রসকোপ হইতে মুখ তুলিয়া) বিচিত্র, অদ্ভুত !

ডাঃ শাস্ত্রী—আমার নোটগুলো পড় দেখি ; তোমার observation-এর সঙ্গে মিলিয়ে দেখ।

[করুণা টেবিলের উপর হইতে খাতা তুলিয়া পড়িতে আরম্ভ করিল ; ডাঃ শাস্ত্রী নিজে মাইক্রসকোপের ভিতর দিয়া দেখিতে লাগিলেন]

শাস্ত্রী—(দেখিতে দেখিতে) জীবনের এই আদিম রূপ, এর চেয়ে রহস্যময় আর কিছু আছে ? Cell, cell-এর মধ্যে ঘুরছে, অবিরাম ঘুরছে প্রটোপ্লাজ্‌ম। ওই ঘোরার বেগের মধ্যেই স্ফুরিত হচ্ছে জীবনীশক্তি ! পৃথিবীর সকল রসের সঙ্গে পৃথিবীর অবিরাম গতির সঙ্গে তার অবিচ্ছিন্ন সম্বন্ধ। (মাইক্রসকোপ হইতে মুখ তুলিয়া) নোটের সঙ্গে তোমার observation-এর অমিল পেলে বলবে।

করুণা—(খাতা রাখিয়া) কোন অমিল নাই।

শাস্ত্রী—আমার আপশোস করুণা, আজও আমি এমন একজন ছাত্র পেলাম না যে, তার সকল সংস্কারকে ত্যাগ ক'রে এই আবিষ্কারের সত্যকে তার জীবনের একমাত্র সাধনা ব'লে মেনে নিতে পারে। অথচ মানুষ ভগবান-ভগবান ক'রে এক কল্পনার সত্যকে পাবার সাধনায় অনাহারে প্রাণ দিয়েছে, আগুনে ঝাঁপ দিয়েছে, জলে ডুবেছে।

করুণা—ছাত্র পেলে আপনি সাহায্য করবেন ?

শাস্ত্রী—এক সময় বায়োলজি ছিল আমার সবচেয়ে প্রিয় শাস্ত্র। এর মধ্য থেকে উদ্‌ঘাটিত ক'রতে চেয়েছি মৃত্যুর রূপ। কিন্তু অকস্মাৎ একদিন কেমেষ্ট্রি হ'য়ে উঠল আমার সব। এ গবেষণা সেই থেকে বন্ধ হ'য়ে আছে।

করুণা—আমি যদি আপনার কাছে শিখতে চাই, এই সাধনাকে যদি আমি অবলম্বন ক'রতে চাই, আপনি আমাকে শেখাবেন ?

শাস্ত্রী—তুমি ?

করুণা—হ্যাঁ। আমি শিখতে চাই, আপনাকে সাহায্য ক'রতে চাই।

শাস্ত্রী—(তাহার দিকে চাহিয়া) না।

(করুণা তাহার মুখের দিকে চাহিল)

শাস্ত্রী—যে সংস্কারের মধ্যে তুমি মানুষ হ'য়েছ, তাতে তুমি একে গ্রহণ ক'রতে পারবে না, করুণা!

করুণা—আমি পারব। আপনি আমায় সুযোগ দিয়ে দেখুন।

শাস্ত্রী—তোমার অভিভাবক ?

করুণা—তিনি আমার মামা। তাঁর ব্যবহারেই আমার চোখ খুলেছে। আপনি সেদিন ঠিক ব'লেছিলেন—ঈশ্বরের দোহাই দিয়ে, ঈশ্বরের কাজ ব'লে নিজেদের মনগড়া ভাগ্যের দোহাই দেয় এক ধনী—দরিদ্রকে বঞ্চনা করা যাদের ধর্ম্ম—তারাই। সেই ধর্ম্মে অন্ধ হ'য়ে প্রতারণা ক'রতেও তাদের বাধে না। তিনি তাঁদেরই একজন। আমি তাঁর সঙ্গে সকল সংস্রব ত্যাগ ক'রেছি। আমাকে আজ কাজ ক'রেই খেতে হবে, আমি নিজের পায়ে দাঁড়াতে চাই। পৃথিবীর সত্যকে আমি জানতে চাই।

শাস্ত্রী—এ পথ বড় কঠিন পথ। তোমাকে আমি স্নেহ করি, তাই বলছি—এ পথে তোমার না আসাই ভাল। হয়তো আজকের এ মনোভাব তোমার সাময়িক—

করুণা—না, না। আপনি আমাকে বিশ্বাস করুন।

শাস্ত্রী—তুমি ভেবে দেখ করুণা। এ পথ নিষ্ঠুর সত্যের পথ। কল্পনার স্থান নাই, স্বপ্নেও সান্ত্বনা নাই ; আমার পৃথিবী অতি বাস্তব পৃথিবী। ধ্যান ধারণার স্থান নাই। আবেগের অবকাশ নাই, জন্মান্তর নাই, পরলোক নাই—

[বাহিরে দরজায় আঘাত পড়িল, কিন্তু সে শব্দ করুণা বা শাস্ত্রীর মনোযোগ আকৃষ্ট করিতে পারিল না]

শাস্ত্রী—শুধু আছে বৈচিত্র্যের বিস্ময়। এক কৌষিক দেহ থেকে বহু কৌষিক দেহ, উপাদান থেকে অবয়ব, অবয়ব থেকে রূপ, শক্তি থেকে গতি, চেতনা থেকে বোধ—

(আবার দরজায় আঘাত পড়িল)

শাস্ত্রী—বোধ থেকে বাসনা, বাসনা থেকে মন, মন থেকে বুদ্ধি—

[এবার দরজা খুলিয়া প্রবেশ করিল অণিমা এবং Dr. Bose]

অণিমা—ও মাগো! এ যে ভয়ানক তন্ময় হ'য়ে গেছ শ্যামল! ডেকে সাড়া পাই না!

শাস্ত্রী—অণিমা!

অণিমা—হ্যাঁ। তোমার চোখে যেন স্বপ্ন ভাসছে মনে হচ্ছে! কি স্বপ্ন দেখছিলে শ্যামল? Is it Biological?

শাস্ত্রী—Biological Science includes everything which deals with the Phenomena of Living Matter অণিমা। আমি এবং করুণা দুজনেই জীবন্ত মানুষ। Oh, excuse me—করুণার সঙ্গে তোমার পরিচয় করিয়ে দি।

অণিমা—আমি ওঁকে চিনি। সেদিন তোমার বক্তৃতার সময় তোমার সঙ্গে ঝগড়া ক'রেছিলেন।

শাস্ত্রী—হ্যাঁ। কিন্তু এখন উনি আমার সত্যকে উপলব্ধি ক'রেছেন। নিজে উনি Science student, আমার ল্যাবোরেটারীতে আমার research-এ সাহায্য ক'রতে চান।

অণিমা—Thats's very interesting. Life is drama. জীবনই নাটক এবং সে নাটকের মূল উপাদান Biological Truth. Is it not ?

শাস্ত্রী—তোমার সত্য উপলব্ধিতে আমি আনন্দ প্রকাশ করছি অণিমা।

অণিমা—Thanks. কিন্তু তুমি তো আমার পরিচয় ওঁকে দিলে না! করুণা দেবী, আমি অণিমা বোস। শাস্ত্রী এককালে আমাকে অ্যানি ব'লে ডাকত। শ্যামাদাসের বদলে আমি বলতাম শ্যামল। শ্যামাদাস কিন্তু এখন আর সে নামটা নিতে চায় না। আজ নতুন পরিচয়ের দিনে তোমাকে ঐ নামটা উপহার দিতে চাই। শ্যামলের বদলে শ্যামলী কিংবা শ্যামলিমা—

Dr. Bose—অণিমা—অ্যানি—

অণিমা—Don't disturb me please.

নেপথ্য হইতে—Dr. Sastri !

শাস্ত্রী—কে ?

(ব্রজবিহারীর প্রবেশ)

ব্রজ—আমি। মাফ ক'রবেন, আমি বিনানুমতিতেই প্রবেশ ক'রেছি। এই যে, এই যে করুণা! আমি ঠিক ভেবেছিলাম, তুমি এইখানে এসেছ। এস, বাড়ী এস।

করুণা—না। আমি আমার জীবনের পথ বেছে নিয়েছি।

ব্রজ—ডক্টর শাস্ত্রী!

শাস্ত্রী—বলুন!

ব্রজ—আমি যদি বলি আপনি আমার ভাগ্নীকে ভুলিয়ে—

করুণা—না। সে কথার আমিই প্রতিবাদ করছি।

অণিমা—উনি নিজেই ভুলেছেন Mr. Ghoshal. Biological truth is

very strange and mysterious, you see.—ভোলার ওপর হাত থাকে না। Is it not শ্যামল ?

শাস্ত্রী—অপেক্ষা কর অণিমা; তোমার কথার উত্তর দিচ্ছি। তার আগে—

ব্রজ—আমার কথার উত্তর দিলে আমি সুখী হব ডক্টর শাস্ত্রী।

শাস্ত্রী—করুণা, তোমার বয়স কত ?

করুণা—একুশ।

শাস্ত্রী—Mr. Ghoshal করুণা সাবালিকা। জীবনে স্বাধীনভাবে তার কাজ ক'রবার অধিকার হ'য়েছে। অণিমা, তুমি সত্যি বলেছ—Biological truth is very strange, and Biology is very interesting. You are right অণিমা, করুণা নিজেই মুগ্ধ হ'য়েছে আমার সাধনা দেখে—আমি মুগ্ধ হ'য়েছি তার নিষ্ঠা দেখে। (করুণার হাত ধরিয়া) আমরা জীবনে ভবিষ্যতে একসঙ্গেই অতঃপর পথ চলব। নারী এবং পুরুষ, স্বামী এবং স্ত্রী—; Congratulate কর অ্যানি!

অণিমা—এতে আমার চেয়ে কেউ খুশী নয় শ্যামল, আমার চেয়ে কেউ খুশী নয়। করুণা তোমার আরও একটা নাম দিচ্ছি। মাদাম কুরী, মাদাম কুরী—I congratulate you.

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

ঘোষালের বাড়ীর আফিস (প্রথম অঙ্ক অনুযায়ী)

[ঘোষাল বসিয়া ফাইল দেখিতেছে। কয়েকজন কুলি বড় প্যাকিংকেস লইয়া ঘরের মধ্য দিয়া একে একে যাইতেছে। ঘোষালের আসনের পিছনে একটি রেডিয়ো]

রেডিয়ো—রেডিয়ো থেকে বাংলায় খবর বলছি। জার্মান-সৈন্যেরা তাদের যান্ত্রিক বাহিনী নিয়ে দুর্দ্ধর্ষ গতিতে পোলাণ্ডের মধ্য দিয়ে এগিয়ে চলেছে। জার্মান-সৈন্যেরা যে সমস্ত জায়গা দখল করছে, সেখানে তারা যে অমানুষিক নিষ্ঠুরতা এবং অকল্পিত বর্ব্বরতা প্রকাশ করছে, তাতে পৃথিবীর মানুষ বোধ করি শিউরে উঠবে। এদিকে ফ্রান্সে এবং বৃটেনে সামরিক উদ্যোগ পূর্ণ উদ্যমে দ্রুততম গতিতে অগ্রসর হ'য়ে চলেছে। প্রথম বৃটিশ সৈন্যদল কাল ফ্রান্সের উপকূলে অবতরণ করেছে।

(ঘোষালের স্ত্রীর প্রবেশ)

ঘো-স্ত্রী—বলি এসব হচ্ছে কি ?

ঘোষাল—অ্যাঁ ?

ঘো-স্ত্রী—অ্যাঁ ?! অ্যাঁ কি ? কানে শুনতে পাও না ? না, চোখে দেখতে পাও না ? না, মাথা খারাপ হ'য়েছে, কিছু বুঝতে পার না ?

রেডিয়ো—বৃটিশ সৈন্যদলের অবতরণের সময় ফ্রান্সের অধিবাসীরা যে উল্লাস প্রকাশ করেছে—

ঘো-স্ত্রী—(দ্রুতবেগে অগ্রসর হইয়া কল ঘুরাইয়া বন্ধ করিয়া দিল) বাপরে—

বাপরে—বাপরে! দিনরাত ঘ্যানর—ঘ্যানর, যুদ্ধ, উল্লাস, বর্ব্বরতা মাথা খারাপ ক'রে দিলে রে বাবা!

ঘোষাল—বন্ধ ক'রে দিলে!

ঘো-স্ত্রী—হ্যাঁ, দিলাম। কিন্তু এ সমস্ত হচ্ছে কি?

ঘোষাল—কি?

(একটা লোক একটা কেস লইয়া প্রবেশ করিল)

ঘো-স্ত্রী—ওই যে! বলি গোটা বাড়ীটা কি মাল গুদোম ক'রে তুলবে নাকি? ওগুলো বাড়ীতে ঠাসাই করছ কেন?

ঘোষাল—চুপ কর। ওগুলো হচ্ছে জার্ম্মানীর তৈরী ওষুধ। এর পর আর বাজারে পাওয়া যাবে না। তখন এক টাকার ওষুধ বিশ টাকায় বিক্রী হবে।

ঘো-স্ত্রী—ও মা! তাই বল! আমি বলি কি সব ছাই পাঁশ এনে পুরছে ঘরে! (কুলির প্রতি) তা আয়রে বাবা আয়। দেখিস্ যেন ফেলে ভাঙিস্ নে মুখপোড়া!

(নেপথ্যে রামদাস দালাল)

নেপথ্যে-রামদাস—বাবুজী! ঘোষাল সাব!

ঘো-স্ত্রী—অঃই। এলেন সেই মুখপোড়া! আয় রে আয়।

(ঘোষালের স্ত্রী এবং কুলির প্রস্থান)

(রামদাসের প্রবেশ)

রাম—রাম রাম বাবুজী!

ঘোষাল—রাম রাম। তারপর তোমার খবর বল?

রাম—খবর আর হামার কেয়া ঘোষালবাবু, খবর তো আভি আপনার মশ্লা! লড়াই তো লাগ গেয়া। আব তো আপনি যেইসা রাখবেন দুনিয়া ওইসা থাকবে।

"লাগে লড়াই মরে সিপাহী রাজাকে ছুটে ঘুম,
ঘরমে বইঠ্‌কে হাসেন শেঠজী নাফাকে মরসুম!"
কহে কবি রামদাস—

ঘোষাল—থাম রামদাস, থাম! এখন তুমি কি করলে বল?

রাম—আরে বাপরে। ধৈরয তো ধরেন মশা,—এত্তো বেস্তো হোবেন তো বিলকুল গড়বড় হো যায়েগা।

ঘোষাল—তুমি বুঝতে পারছ না রামদাস। যুদ্ধ বেধে গেল। গত যুদ্ধে গ্যাস নিয়ে যুদ্ধের পত্তন হ'য়েছে। এবার বোধ হয়—শেষ পর্য্যন্ত গ্যাসই হবে প্রধান অস্ত্র। আমি জানি ডাঃ শাস্ত্রী গ্যাস নিয়ে—যাক, সে কথা থাক। মোট কথা, আমি যা বলেছি তা যদি না পার—

রামদাস—থামেন, ঘোষাল সাব থামেন। সব ঠিক হ্যায়। দেখিয়ে তো ই কেয়া হ্যায়? (পকেট হইতে একতাড়া কাগজ বাহির করিয়া দিল)

ঘোষাল—(দেখিতে আরম্ভ করিল)

নেপথ্যে কেষ্ট—Sir!

ঘোষাল—কে? কেষ্টদাস?

(কেষ্টদাসের প্রবেশ)

কেষ্ট—Good morning Sir!

ঘোষাল—Good morning! তারপর খবর কি?

কেষ্ট—এভরি থিং ও কে স্যার! দেখে এলাম জ্যাঠাইমা স্রেফ খাণ্ডব-দাহনের মত জ্বলছে। আমায় বললে—আমি বলব, রতন বাগ্দীকে সড়কী চালাতে আমি হুকুম দিয়েছি। নিজে আদালতে গিয়ে বলবে বললে।

ঘোষাল—Good.

কেষ্ট—তা হ'লে আমি কোর্টে যাই এখন। আজ আবার পার্টিশন স্যুটের সেলের দিন আছে।

ঘোষাল—আজই দিন? চল, আমি নিজে যাব। এস রামদাস, তোমায় বরং রাস্তায় নামিয়ে দিয়ে যাব। (সকলের প্রস্থান)

দ্বিতীয় দৃশ্য

শ্যামাদাসের পল্লীগ্রামের বাড়ী

হেমন্ত এবং শৈলজাদেবী

হেমন্ত—তুমি কি পাগল হ'লে জ্যাঠাইমা?

শৈলজা—তুই একে পাগলামি বলছিস্ হেমন্ত?

হেমন্ত—বলব না? বড়দা'র কারখানার লোকের সঙ্গে বাগ্দীদের ঝগড়া হ'ল, রতনা সড়কী দিয়ে লোক জখম করলে। আর তুমি আদালতে বলতে চললে যে, রতনকে সড়কী চালাতে হুকুম দিয়েছিলে তুমি! এ পাগলামি নয়?

শৈলজা—হুকুম তো আমি দিয়েছিলাম হেমন্ত।

হেমন্ত—না, দাও নি। তুমি বড়দা'কে আঘাত দেবার জন্যেই আদালতে যেচে সাজা নিতে চলেছ। (তাকে তুমি দুঃখ দিতে চাও; দেশের লোকের কাছে তার মাথা হেঁট করতে চাও যে, শ্যামাদাস তার মাকে ফৌজদারী সোপর্দ্দ ক'রেছে।)

শৈলজা—না। হুকুম আমি দিয়েছি। তুই আমাকে বাধা দিস্ নে হেমন্ত, আমি সত্যি কথা না ব'লে পারব না। (আমার ঠাকুর আমাকে তা হ'লে ক্ষমা করবেন না।

হেমন্ত—কখন তুমি হুকুম দিলে শুনি? যেদিন বিকেলবেলা ওদের ঝগড়া হ'ল, কাণ্ড হ'ল, সেদিন তুমি গোবিন্দজীর ভোগ দিয়ে দক্ষিণেশ্বর

গিয়েছিলে বেলা বারোটায়, ফিরেছ সন্ধ্যের সময়, সমস্ত ক্ষণ আমি তোমার সঙ্গে।

শৈলজা—হুকুম আমি তোর সামনেই দিয়েছিলাম। তোর মনে নেই।

হেমন্ত—জ্যাঠাইমা, তোমার বয়স বাহাত্তর হয় নি আমি জানি, কিন্তু এই বয়সে আমাকে বাহাত্তুরে কেমন ক'রে ধরল বুঝতে পারছি না। কি বলছ তুমি?

শৈলজা—তিন বৎসর আগে, যেদিন শ্যামাদাস ও বাগান বস্তীর জন্যে নোটিশ পাঠায়, রতনেরা ক'জন কেঁদে এসে পড়ল, সেদিন আমি এইখানে দাঁড়িয়ে তোর সামনে তাদের বলেছিলাম—শ্যামাদাসের লোক যদি কেউ আসে জবরদস্তি করতে, তবে তাদের লাঠি মেরে তাড়িয়ে দিবি, দরকার হয় সড়কী দিয়ে গেঁথে ফেলবি। মনে ক'রে দেখ্ তুই! রতন যখন তাই ক'রে ফেলেছে, তখন আদালতে গিয়ে সেই কথা স্বীকার ক'রে আমার সাজা আমি না নিলে—ওপারে গিয়ে কি জবাব দেব আমি?

হেমন্ত—ওপারের আইন আদালত সম্বন্ধে আমার খুব আক্কেল নেই জ্যাঠাইমা। তবে এটা ঠিক যে, এপার-ওপার যে কোন পারের আদালতে গিয়ে যদি ছেলের ওপর অভিমান বশে এই দায়িত্ব ঘাড়ে করতে যাও, তবে সেটা তোমার সত্যি বলা হবে না।

শৈলজা—কেন শুনি?

হেমন্ত—কথাটা তুমি বলেছিলে তিন বছর আগে। তারপর অনেক ঘটনা ঘ'টে গেল, অবস্থার পরিবর্তন অনেক হ'ল। যে দিন তুমি কথাটা বলেছিলে, সেদিন তুমি ছিলে এই বাগান বস্তীর একের তিন অংশের মালিক—বাগ্দীরা ছিল তোমার প্রজা। আইন-ধর্ম্ম অনুসারে না হোক দেশাচার অনুসারে জমিদার হিসেবে ওদের ভালমন্দের দায়িত্বের সঙ্গে সম্বন্ধ ছিল। তারপর বড়দা'র ওপর আক্রোশ বশে তুমি বাগান বস্তীর অংশ বিক্রী

ক'রে দিলে ব্রজবিহারী ঘোষালকে। আজ মামলা-মোকদ্দমা হচ্ছে Bengal Scientific Research-এর সঙ্গে ব্রজবিহারী ঘোষালের। বাগ্দীদের নাচাচ্ছে এখন ঘোষাল। ঘোষালের চাকরী নিয়ে কেষ্ট যে কত রকম উস্কানি দিচ্ছে বাগ্দীদের, সে তুমি জান না। এর পরেও তুমি বলতে চাও দায়িত্ব তোমার ?

(আস্ফালন করিয়া কথা বলিতে বলিতে কেষ্টদাসের প্রবেশ)

কেষ্ট—মার দিয়া কেল্লারে বাবা—যতোধর্ম্মস্ততো জয়, অন্যায় ফট্। এক ঘটি জল দাও দেখি জ্যাঠাইমা।

[কোঁচা দিয়া বাতাস খাইতে লাগিল]

[শৈলজা স্তব্ধ হইয়া রহিলেন, প্রথম হইতেই হেমন্ত চঞ্চল হইয়া উঠিল]

হেমন্ত—কি রে কেষ্ট, ব্যাপার কি ?

কেষ্ট—জল নিয়ে এস জ্যাঠাইমা, আগে জল নিয়ে এস। গোবিন্দজীর ক্ষীরের নাড়ুও বরং একটা নিয়ে এস।

হেমন্ত—কেষ্ট !

কেষ্ট—Please কপিসম্রাট, please. বুক শুকিয়ে বালুচর হ'য়ে গেছে ; কথা বলতে শক্তি নেই এখন। স্রেফ বায়ুবেগে ছুটে আসছি এই দুপুরে রোদ্দুরে।

শৈলজা—আমি এক্ষুনি জল নিয়ে আসছি কেষ্ট, তুই ব'স। হেমন্ত ওকে এখন বিরক্ত করিস্ নে। (প্রস্থান)

কেষ্ট—শুনলে তো ? বিরক্ত ক'রো না আমাকে। বাবা, জ্যাঠাইমার হুকুম। সাক্ষাৎ মহিষমর্দ্দিনী !

[হেমন্ত মাথা নত করিয়া চিন্তিত ভাবেই পায়চারি করিল]

কেষ্ট—উঃ! এদিকে rice-টা আছে খুব। পায়চারি করছে যেন সাক্ষাৎ আলমগীর। বলিহারী বাবা—চালটা যা হোক খুব শিখেছিলি। বলি

লিখিস্ ত কেতাব। হনুর বগলে ভানুকে পুরে দিয়ে হ'য়ে গেল বেদব্যাস। তার আবার এত চাল কিসের র‍্যা?

হেমন্ত—চুপ কর্ কেষ্ট।

কেষ্ট—তোর হুকুমে চুপ ক'রব হেমা?

হেমন্ত—জ্যাঠাইমা জল আনছেন, খেয়ে যত পারিস্ চেঁচাস্।

কেষ্ট—আদালতে চার বোতল লেমনেড, তিন গেলাস শরবত, ছটা ডাব মেরেছি হেমা। জ্যাঠাইমার ওই ক্ষীরের নাড়ুর জন্যে জলের ভাওতা দিলাম। পেটের মধ্যে এখন জাহাজ ভাসিয়ে দিলে ডুবে যাবে। গলায় আঙুল দিয়ে বমি ক'রলে তুই স্রেফ ভেসে যাবি।

হেমন্ত—এইবার থাম্ কেষ্ট, এইবার থাম্। আর এগুস্ না। এটা মিউনিসিপ্যাল এরিয়া।

কেষ্ট—কি বল্লি? ওর মানে কি?

হেমন্ত—ওর মানে তুই বুঝবি নে। মেলা চেঁচাস্ নে—চুপ কর। জ্যাঠাইমা আসছেন।

কেষ্ট—চেঁচাব না? আলবৎ চেঁচাব।

হেমন্ত—তবে চেঁচা।

কেষ্ট—নিশ্চয় চেঁচাব। তোর বিলিতী ঘোড়া যে কাৎ, শ্যামাদাস যে খতম—

[শৈলজা প্রবেশ করিতেছিলেন—জলের গেলাসটা তাহার হাত হইতে পড়িয়া গেল]

হেমন্ত—(ছুটিয়া গেল) জ্যাঠাইমা!

কেষ্ট—জলের গেলাসটা ফেললে তো জেঠাইমা!

(শৈলজা হেঁট হইলেন জলের গেলাস উঠাইবার জন্য)

হেমন্ত—কেষ্ট, কি বলছিলি তুই আগে বল্।

কেষ্ট—Mr. Sastri esquire-এর হ'য়ে গেছে। বাগান-বস্তীর partition-এর

মামলায় ডিগবাজী। ব্রজবিহারীবাবু সেলে দশ হাজার টাকা দাম দিয়ে বাগান-বস্তী ডেকে নিয়েছে।

শৈলজা—তুই ব'স কেষ্ট, আমি আবার জল নিয়ে আসি। (প্রস্থান)

হেমন্ত—তুই একটা রাস্কেল রে কেষ্ট—তুই একটা রাস্কেল।

কেষ্ট—Shut up হেমা। মুখ সাম্‌লে কথা বলবি। আমি রাগলে বাপ মাকেই খাতির করি না তুই কোথাকার জ্যাঠতুত ভাই! টাকের ওপর পরচুলো টানলে খুলে আসে। জ্যাঠতুত ভায়ের সঙ্গে সম্বন্ধ কিসের?

হেমন্ত—এইবার ঘাড় ধ'রে মাটিতে তোর মুখ রগ্‌ড়ে দেব।

কেষ্ট—তা দিবি বইকি। নইলে আর জ্ঞাতি শত্তুর বলবে কেন?

(শৈলজা দেবীর জলহাতে প্রবেশ)

শৈলজা—নে কেষ্ট, এই নে নাড়ু।

কেষ্ট—হেমাকে তুমি একটু সাবধান ক'রে দিও জ্যাঠাইমা। নইলে আমার সঙ্গে ভাল হবে না। বল্‌ছে, ঘাড়ে ধ'রে আমার মুখ রগ্‌ড়ে দেবে।

শৈলজা—ছি হেমন্ত!

হেমন্ত—জ্যাঠাইমা, আজ বুঝতে পারছি বলি রাজা কেন স্বর্গে যান নি। তোমার স্বর্গে যাবার ইচ্ছেকে লক্ষকোটী প্রণাম। এখন কেষ্টকে তুমি চেঁচাতে বারণ কর, নইলে তোমার স্বর্গে যাবার সময়ে জয়ধ্বনি করবার লোকের অভাব হবে। ওকে আমি তোমার আগেই স্বর্গে পাঠিয়ে দেব, মানে—সোজা বাংলায় খুন ক'রে ফেলব ওকে।

শৈলজা—আহা, মামলায় জিতেছে একটু আনন্দ ক'রবে না? এই তো আমিই বারবার গোবিনজীকে প্রণাম ক'রে এলাম।

হেমন্ত—তোমার কপালে ধুলোর দাগ আগেই আমি দেখেছি। কিন্তু একটা সত্যিকথা বল্‌বে জ্যাঠাইমা? প্রণামটা ক'রে এলে কিসের জন্যে? ব্রজবিহারী ঘোষাল জিতেছে বলে, না কেষ্টর প্রলাপের সত্যি অর্থ বুঝে?

শৈলজা—মামলায় জিতেছে ব'লে হেমন্ত।

হেম—তাতে কি মনে কর শ্যামাদাস দা' হেরেছে ?

কেষ্ট—হাইকোর্টের জজমেণ্ট বাবা, এর আর বাবা নেই। হাকিম ফেরে তো হুকুম ফেরে না। নো ওলোট নো পালট! কালই খবরের কাগজে বেরিয়ে যাবে।

হেমন্ত—এখন তোমাকে মিনতি করছি জ্যাঠাইমা, তুমি আর এগিয়ো না। বড়দা' তোমার সঙ্গে কোন খারাপ ব্যবহার করে নি। বাগান-বস্তী নিয়ে মামলা হয় তো হ'ত না, যদি না তুমি ব্রজবিহারী ঘোষালকে তোমার অংশ বিক্রী করতে। বাগান কাটতে তোমার আপত্তি, বস্তী ওঠাতে তোমার আপত্তি, সে বাগান-বস্তী নিয়ে ব্রজবিহারীর সঙ্গে মামলা করলেও কারখানা ক'রেছে বাগান-বস্তীর পাশে। নিজের সন্তানের সঙ্গে—

শৈলজা—না। যে নাস্তিক, সে আমার সন্তান নয়।

কেষ্ট—পায়ের ধূলো দাও জ্যাঠাইমা, পায়ের ধূলো দাও।

হেমন্ত—আমিও প্রণাম করছি জ্যাঠাইমা। আমি চললাম।

শৈলজা—হেমন্ত!

কেষ্ট—যেতে দাও জ্যাঠাইমা—যেতে দাও। ও হচ্ছে বিলিতী ঘোড়ার সহিস। Bengal Scientific Research-এর প্রচার-সচিব। শাস্ত্রী সাহেবের agent.

শৈলজা—হেমন্ত!

হেমন্ত—হ্যাঁ জ্যাঠাইমা—সেখানে আমি চাকরী করি। আজ প্রায় এক বছর হ'ল চাকরী করছি; কিন্তু তোমার কাছে শ্যামাদাসদা'র চাকর হিসেবে আমি আসি নি। আজও তোমার একটা কথাও তাকে বলি নি, তার কথাও তোমাকে লাগাই নি। তুমি আমার জ্যাঠাইমা, বড়দা' আমার দাদা—তোমাদের এই বিরোধে আমি কষ্ট পাই, তাই এসেছিলাম।

মা-ছেলের ঝগড়া যাতে মিটে যায়—তাই দেখতে চেয়েছিলাম। কিন্তু তুমি পাথর, সে লোহা। কাছাকাছি এলেই আগুন জ্বলে উঠছে। আমায় তুমি মাফ কর। আমি আর আসব না। (প্রস্থান)

কেষ্ট—কিছুই ভেবো না জ্যাঠাইমা। সব আমি ঠিক ক'রে দোব। দেখ না আমার মালিক, তোমার বেয়াই ব্রজবিহারীবাবু কি করে! নাস্তিকের নিকুচি ক'রে ছেড়ে দেবে। ভগবান্ মানি না! কত Paddy-তে কত rice বুঝিয়ে দেবে।

শৈলজা—কাল রতনের মামলার দিন নয় কেষ্ট?

কেষ্ট—হ্যাঁ। সে সম্বন্ধে তুমি কিছু ভেবো না জ্যাঠাইমা। সে ঘোষাল সাহেব ঠিক করছেন। রতনাকে জামিনে খালাস ক'রেছেন। বড় ব্যারিষ্টার দিয়েছেন। রতনার যদি জেলই হয়, তাও বলছেন—তার মেয়ে-ছেলেকে খেতে দোব।

শৈলজা—ভগবান তাঁর মঙ্গল করুন। কিন্তু তবু আমার দায়িত্ব আছে কেষ্ট। আমাকে কাল কোর্টে নিয়ে যেতে হবে।

কেষ্ট—তুমি বলবে তো রতনকে সড়কী চালাতে তুমি হুকুম দিয়েছিলে!

শৈলজা—হ্যাঁ। আমি বলেছিলাম রতনকে—সে কথা কোর্টে স্বীকার না করলে আমি শান্তি পাব না।

(নেপথ্যে রতন উত্তেজিত স্বরে ডাকিল)—মা-ঠাকরণ!—মা-ঠাকরণ!

শৈলজা—কে? রতন?

(রতনের প্রবেশ—উত্তেজিত উদ্‌ভ্রান্ত অবস্থা তার)

রতন—মা-ঠাকরণ!

শৈলজা—কি রতন? কি রে? কি হ'য়েছে বাবা?

রতন—বাঘের হাত থেকে বাঁচাতে জলে কুমীরের মুখে ঠেলে দিলে মা-ঠাকরণ?

কেষ্ট—এই রতনা, এই বেটা, এমন ক'রে চেঁচাচ্ছিস্ কেন?

রতন—চেঁচাচ্ছিস্ কেন? তুমি কিছু জান না দাদাঠাকুর? বাঘের আশে পাশে থাকে শেয়াল—বাঘের মড়ির পেসাদ পায়। কুমীরের আশে-পাশে কে থাকে জানি না। তুমি তাই। তুমি তাই। তুমি তাই।

(কেষ্ট খানিকটা সরিয়া গেল)

শৈলজা—কি হ'য়েছে রতন?

রতন—বিদেয় নিতে এসেছি মা-ঠাকরুণ। বস্তী ছেড়ে ছেলে-মেয়ের হাত ধরে উঠে যাচ্ছি। চিরকালটা আমাদের ভালোতে মন্দতে তোমাদের পায়ের ধূলো নিয়ে এসেছি—আজও তাই নিতে এসেছি, দাও পায়ের ধূলো দাও।

শৈলজা—উঠে যাচ্ছ? কেন রতন? মামলায় তো ঘোষাল মশাই-ই জিতেছেন।

রতন—তবে আর কুমীর বলছি কেন গো। তিনিই উঠিয়ে দিচ্ছেন। তলে তলে তিনি উচ্ছেদের সব ব্যবস্থা ক'রে রেখেছিলেন। মামলায় ডিক্রী পেয়ে সাথে-সাথেই আদালতের নাজির নিয়ে লোকজন সঙ্গে ক'রে এসেছেন। দখল নেবেন। আমাদের উঠে যেতে হবে। জিজ্ঞেস কর কেন ঘোষালের ওই চরটিকে—ওই কেষ্ট দাদাবাবুকে। ওই, ওই, হ'ল যত নষ্ট গুড়ের খাজা।

কেষ্ট—এই রতনা। কি বলছিস্? জানিস্—দোব থাপ্পড় মেরে মুখ ভেঙ্গে!

রতন—দেবে? দেবে? মুখ ভেঙ্গে দেবে? এস—এগিয়ে এস! আঃ কি বলব যে তুমি ঠাকুর বংশের ছেলে! আঃ নইলে—আজ আর একবার সড়কী আমি চালাতাম।

শৈলজা—এসব কি কাণ্ড কেষ্ট?

কেষ্ট—আমি কি জানি তার?

রতন—জান না? পেরথম আদালতে তোমার মুনিব যখন নিলেম ডাকলে, দাদাবাবু যখন হাইকোর্ট করলে, তখন আমাদিগে শমন দিলে, পরোয়ানা দিলে। আমরা মুখ্য-মানুষ শুধোলাম—কিসের পরোয়ানা। আমাদিগে বুঝালে—সাক্ষীর পরোয়ানা। তলে তলে তখন নালিশ করেছিলে।

সেদিন বুঝি নাই, আজ বুঝলাম। আমাদিগে আদালতে গরহাজির রেখে ডিক্রি করেছ। আজ বুঝলাম সব। তুমি জান না কিছু? মা-ঠাকরণ বাঘের মুখ থেকে বাঁচাতে তুমি জলে ফেলে দিয়েছ কুমীরের মুখে।

শৈলজা—কেষ্ট!

কেষ্ট—আমি কি করব? আমাকে চোখ রাঙালে কি হবে? আর হক কথা বলব আমি। আমি বাবা কাউকে ভয় করি না। মা-বাবাকেই ভয় করি না। তোমার বাগান বস্তী তুমি বেচেছ। করকরে টাকা ঠং ঠং ক'রে বাজিয়ে নিয়েছ। ঘোষাল সাহেব দু' দু' হাজার টাকা গুণে দিয়েছে। তোমার বাগানের আমের আঁটি চোষবার জন্যে সে এতগুলো টাকা দেয় নি। আর ওই বাগ্দীগুলোর দু' আনা চার আনা খাজনাতেও তার পেট ভরবে না। সম্পত্তি এখন তার—যা খুশী তার করবে। আমিই বা তার কি করব? তোমার বাড়ীতে দাঁড়িয়ে আছি—না হয় চলে চাচ্ছি। আর না হয় আসব না। (প্রস্থান)

রতন—মা-ঠাকরণ!

শৈলজা—অপরাধ আমার রতন। আমাকে তোরা—

রতন—না-না। ওকথা বল নি মা। বিনা মেঘে আমাদের মাথায় বাজ ভেঙে পড়বে। অপরাধ আমাদের অদেষ্টের। যার যে ঠাঁই কেনা মা—পিতি পুরুষের ভিটেয় মরণের ভাগ্যি আমরা ক'রে আসি নি—তুমি কি করবে বল?

শৈলজা—না। অপরাধ আমার। তোরা এক কাজ কর রতন। আমার বাড়ীর পুকুরের পাড়ে এসে তোরা বাস কর। অনেক জায়গা পড়ে আছে।

রতন—তাই কি হয় মা! ঠাকুরের মন্দির, তোমাদের বাড়ী, দিন রাত ছোঁয়াচ লাগবে। আমাদের অপরাধ হবে।

শৈলজা—না—না। আমি বলছি—অপরাধ হবে না।

রতন—শুধু কি বাড়ী মা? খাব কি? জমিগুলান যে আগেই গেছে গো। মহাজনে নিছে। তবু ছিলাম ভিটির মায়ায়! এইবার ভিটি গেল, বাঁধন থেকে ছাড়ান পেলাম মা-ঠাকরণ, এইবার আমরা যাই। কলে যাই, খাটব, খাব—

শৈলজা—না রতন, না! ওরে কলে মানুষের জাত থাকে না। ওখানে মানুষ ভগবান ভুলে যায়—

রতন—সেই জন্যি তো এতকাল যাইনি মা-ঠাকরণ—

শৈলজা—আজও যেতে পাবি নে। আমি বলছি আমার হুকুম।

রতন—মা-ঠাকরণ—

শৈলজা—আমার হুকুম রতন। যা—সব জিনিষ পত্তর নিয়ে উঠে আয়। ওই খিড়কীর বাগানে—জায়গা ক'রে নে। যা, দেরী করিস্ নি। যা।

(রতন চোখ মুছিতে মুছিতে চলিয়া যাইতেছিল)

শৈলজা—আর শোন। তোর মামলার কাল দিন আছে। সকাল বেলাতেই আমি তোকে সঙ্গে ক'রে নিয়ে যাব! নতুন উকীল দিতে হবে। ঘোষালের দেওয়া উকীল ব্যারিষ্টারকে আর বিশ্বাস নেই।

রতন—তার জন্যি তুমি কেন যাবে মা? ছি!

শৈল—আদালতেও আমার কাজ আছে। আমাকে যেতে হবে। তোর কোন ভয় নেই, আমি নিজে বলব—আমিই তোকে সড়কী চালাতে হুকুম দিয়েছিলাম। জেল যেতে হয়, আমিও যাব তোর সঙ্গে।

রতন—মা! কি বলছ তুমি? না। না! তা বলতি তুমি পাবা না।

শৈলজা—'না' নয় রতন, সত্যি আমাকে স্বীকার করতেই—হবে

রতন—না। আমি বলব তুমি হুকুম দাও নি। তাতেও না মান তার উপায়ও রতন জানে।

শৈলজা—রতন।

রতন—না, তোমার কথা অমি শুনব না। (প্রস্থান)

তৃতীয় দৃশ্য

[ডাঃ হিরণ্ময় বোসের বাড়ী। অণিমা এবং হিরণ্ময়]

অণিমা—ইস্পাতের ধারালো ছুরিতে ডাকাতে গলা কাটে, কিন্তু মিছরীর ছুরি তার চেয়েও ভয়ানক। রক্ত ঝরে না, দেখা যায় না অথচ মানুষের অন্তরটা ছিন্নভিন্ন হ'য়ে যায়। তোমার কথাবার্ত্তা আজকাল সেই রকম হ'য়ে উঠেছে। আমি সহ্য ক'রতে পারছি না।

হিরণ—আমার উপর তুমি অবিচার করছ। আমার কথার দুটো মানে নেই। মানে একটাই। আমার কথা যদি ধারালো মনে কর, তবে সে ছুরিই—ডাকাতের হাতের নয়, ডাক্তারের হাতের। যদি মিষ্টি মনে কর, তবে সে শুধু মিছরিই। সত্যিই তোমার গানের প্রশংসার ভাষা খুঁজে পাচ্ছি না। অ্যানি, আগে তোমার গানের মধ্যে Technique-টা I mean, সুর এবং ভঙ্গিটাই ছিল সর্ব্বস্ব, এখন তোমার গানে প্রাণের স্পর্শ উপচে পড়ছে। You have changed অ্যানি, তুমি বদলে গেছ।

অণিমা—(স্থির দৃষ্টিতে চাহিয়া) তুমি কি বলছ? আমি বদলে গেছি? Changed?

হিরণ—তুমি নিজে বুঝতে পার না?

অণিমা—যদি বদলে থাকি তাতে কি তুমি দুঃখ পেয়েছ?

হিরণ—তুমি এত অসহিষ্ণু হ'য়ে উঠছ কেন?

অণিমা—তোমার সহ্যশক্তির সীমা না পেয়ে আমি হাঁপিয়ে উঠেছি। তোমার সঙ্গে কথা বলতে আমার ভয় করে। তুমি কথা বল, তুমি হাস, আমার

মনে হয় তোমার হাসি কথার পেছনে আছে গভীর রহস্য, আমি তার তল পাই না। কেন তুমি আমাকে এ ভাবে দুঃখ দাও?

হিরণ—আমি তোমাকে দুঃখ দিই? তোমার তাই মনে হয়?

(দীর্ঘনিঃশ্বাস সহকারে কথাগুলি বলিল)

অণিমা—(কথার মধ্যস্থলেই বলিয়া উঠিল) Don't, Don't, Don't! এমন ভাবে দীর্ঘনিঃশ্বাস তুমি ফেলো না!

হিরণ—(উঠিয়া অণিমার হাত ধরিয়া) অ্যানি! অ্যানি!

অণিমা—না।

হিরণ—না-নয়, বস। শান্ত হও, স্থির হও। অ্যানি!

(অণিমা বসিল)

অণিমা—বল তুমি কি বলছ? সোজা সরল স্পষ্ট কথায় আমাকে বল।

হিরণ—তোমার জীবনে এইবার আপনার ছন্দ—

অণিমা—না, না, না। ছন্দ নয় ও আমি বুঝি না।

হিরণ—ছন্দ বোঝ না? আর তুমি এত ভাল নাচতে পার! Strange!

অণিমা—তোমাকে যোড় হাত করছি, তোমাকে আমি যোড় হাত করছি। বল আমার কি পরিবর্ত্তন হ'য়েছে?

হিরণ—যে ভালবাসা তোমার মধ্যে শুকিয়ে গিয়েছিল আবার সে বেঁচে উঠেছে। তুমি ভালবেসেছ।

অণিমা—What are you driving at? কাকে ভালবেসেছি?

হিরণ—তোমার নিজেকে তুমি ভালবেসেছ। নিজের স্বাস্থ্যের প্রতি তুমি মনযোগী হ'য়েছ; জীবনের পথে তোমার উন্মত্ত অধীর গতি সংযত হ'য়ে ধীর স্বাভাবিক হ'য়ে উঠেছে। তোমার গানের মধ্যে তারই স্পর্শ উপচে পড়ছে।

অণিমা—না। তুমি বলতে চাও, আমি শ্যামলকে আবার ভালবেসেছি।

হিরণ—তাই যদি হয়, ক্ষতি কি ? (আমার আনন্দ—তুমি সুস্থ হ'য়ে উঠেছ। তোমার নিজের ঘর-সংসারের প্রতি তোমার মায়া হ'য়েছে।

অণিমা—(টেবিলের উপর হইতে ফুলদানীটা লইয়া ছুড়িয়া দিতে উদ্যত হইল। কিন্তু হিরণ তাহার হাত ধরিয়া ফেলিল) ঘর-সংসার আমি চুরমার ক'রে দেব। (হিরণ হাত ধরিতেই) না, না, ছেড়ে দাও। ছেড়ে দাও।

হিরণ—অণিমা। আমি তোমাকে মিনতি করছি।

অণিমা—জান, আমি শ্যামলের ছায়া পর্য্যন্ত মাড়াই না!

হিরণ—জানি।

অণিমা—জান ? আমি তো রোজ বিকেলে তোমাকে ব'লে যাই—আমি শ্যামলের ওখানে যাচ্ছি।

হিরণ—কিন্তু তুমি যাও না সে আমি জানি।

অণিমা—তুমি তা হ'লে আমাকে সন্দেহ ক'রে অনুসরণ ক'রে দেখেছ—আমি কোথায় যাই ?

হিরণ—না। তুমি কোথা যাও, সে আমি জানি না। কিন্তু পরশু মিষ্টার শাস্ত্রী মিসেস্ শাস্ত্রীকে নিয়ে আমার chamber-এ এসেছিলেন। তাঁরাই বললেন, তুমি তাঁদের ওখানে যাও না।

অণিমা—এবং নিশ্চয় তুমি বলেছ যে,—সে কি ? সে তো রোজ আপনাদের ওখানে যায়!

হিরণ—তুমি আমার ওপর অবিচার করছ অ্যানি। তুমি যেখানেই যাও—তার জন্যে আমি কোনদিন কৌতূহল প্রকাশ করি নি, কখনও করবও না।

অণিমা—(উঠিয়া চলিয়া যাইতে যাইতে) সে কৌতূহল প্রকাশ করলে হয় তো ভাল করতে। এ অশান্তি, এ দুঃখ ভোগ থেকে নিষ্কৃতি পেতে।

হিরণ—যেয়ো না, শোন।

অণিমা—না।

হিরণ—'না' নয়, শোন।

অণিমা—বল।

হিরণ—আজ যদি তুমি একবার মিঃ শাস্ত্রীদের ওখানে যাও—

অণিমা—না।

হিরণ—আমার জন্যে অণিমা—আমার জন্যে। একটা অপ্রিয় কাজ—

অণিমা—অপ্রিয় কাজ?

হিরণ—হ্যাঁ। নিষ্ঠুর সত্য জানিয়ে আসতে হবে। এই Medical Report-টা দিয়ে আসবে।

অণিমা—Medical Report?

হিরণ—(একখানি কাগজ অণিমার হাতে দিল) ডাকেই পাঠাতে পারতাম। কিন্তু বার বার মনে হচ্ছে মিসেস্ শাস্ত্রীকে কিছু সান্ত্বনার কথা বলারও প্রয়োজন আছে।

(অণিমা report-খানি পড়িতে লাগিল)

হিরণ—মিসেস্ শাস্ত্রীর মাতৃত্বের আকাঙ্ক্ষা অত্যন্ত তীব্র। তিন বৎসর বিবাহিত জীবনে সন্তান না হওয়ার জন্য তিনি দুঃখ ক'রে চিঠি লিখেছিলেন কোন বান্ধবীকে। শাস্ত্রী জানতে পারেন।

অণিমা—(Report হইতে মুখ তুলিয়া) বল কি?

হিরণ—মানুষের মন বিচিত্র অ্যানি।

অণিমা—আমি তাকে রহস্য ক'রে নাম দিয়েছিলাম—মাদাম কুরী। করুণা আজ তিন বৎসর শ্যামলের research-এ অহরহ পাশে থেকে সে রহস্যকে সত্যে পরিণত ক'রে তুলেছে। করুণাকে নিয়ে শ্যামলের সে কি অহঙ্কার! করুণার দুঃখের আভাস তো একদিনও পাইনি।

হিরণ—মিসেস্ শাস্ত্রীর মুখ দেখে আমার চোখে জল এসেছিল অ্যানি। শাস্ত্রী

তাকে আমার Chamber-এ নিয়ে এসেছিলেন সন্তান না হওয়ার কারণ নির্দ্ধারণের জন্যে।

(দরজায় আঘাতের শব্দ হইল)

হিরণ—(অণিমার প্রতি) উঃ, আচ্ছা আদব-কায়দা-দুরস্ত বেয়ারা রেখেছ! নক না ক'রে আসবে না। Come in.

অণিমা—বেচারী করুণা! এর কি কোন প্রতিকার নেই?

হিরণ—না। চিকিৎসা-বিজ্ঞান আজও এর প্রতিকার আবিষ্কার ক'রতে পারে নাই। মিসেস্ শাস্ত্রী বন্ধ্যা।

[কথার মধ্যস্থলেই দরজা খুলিয়া গেল। ওপাশ হইতে করুণা এক পা দরজার দিকে বাড়াইল। হিরণ্ময় ও অণিমা এমন ভাবে বসিয়াছিল যে, করুণার প্রবেশ দেখিতে পাইল না। হিরণ্ময়ের কথা শেষ হইবামাত্র করুণা কাঁপিয়া উঠিয়া দরজার বাজু দুইটা চাপিয়া ধরিল। দরজার পাশের একটা টেবিল উল্টাইয়া গেল। শব্দে উভয়ে মুখ ফিরাইয়া করুণাকে দেখিয়া স্তম্ভিত হইয়া গেল। অণিমা তাড়াতাড়ি কাছে আসিল]

অণিমা—করুণা! করুণা!

করুণা—মাথাটা হঠাৎ কেমন ঘুরে গেল দিদি!

হিরণ—আসুন, এইখানে বসুন মিসেস শাস্ত্রী। একটু বসুন।

(করুণা ধীরে ধীরে আসিয়া বসিল)

অণিমা—একটু জল খাবে করুণা?

করুণা—থাক দিদি। আমি এসেছিলাম Dr. Bose—

হিরণ—আপনাকে কি বলব মিসেস্ শাস্ত্রী, সান্ত্বনা দেবার ভাষা আমি খুঁজে পাচ্ছি না।

করুণা—আমার ভাগ্য, আপনি কি করবেন?

অণিমা—স্বামীর সাধনায় নিজেকে ঢেলে দাও করুণা।

করুণা—সে সব পরের কথা দিদি। এখন ব্যবসায়ে হঠাৎ কোন গোলমাল হওয়ায় উনি বড় চঞ্চল হ'য়ে উঠেছেন। Dr. Bose, আপনি যদি একবার যান তবে বড় ভাল হয়।

হিরণ—ব্যবসায়ে গোলমাল ? কি হ'য়েছে বলুন তো ?

করুণা—আমি জিজ্ঞাসা করি নি। কিন্তু গোলমাল কিছু হ'য়েছে।

হিরণ—অণিমা, তুমি মিসেস্ শাস্ত্রীকে নিয়ে এস। আমি চললাম।

অণিমা—করুণা !

করুণা—একটু অপেক্ষা করুন দিদি। বড় ক্লান্তি বোধ করছি আমি।

[সে সোফার উপর শুইয়া পড়িল। কোন উচ্ছ্বাস প্রকাশ করিল না। অণিমা তাহার মাথার কাছে বসিয়া মাথায় হাত রাখিল]

অণিমা—মনকে শক্ত কর, করুণা ! শ্যামলের সাধনার মধ্যে নিজেকে ঢেলে দাও তুমি। দুঃখকে জয় কর।

করুণা—বড় ক্লান্ত। আমি আর পারছি না।

চতুর্থ দৃশ্য

শ্যামাদাসের ল্যাবরেটারী

শ্যামাদাস ও হেমন্ত

[দৃশ্যের প্রথমেই দেখা গেল, হেমন্ত একখানা চিঠি পড়িয়া শেষ করিয়া শ্যামাদাসকে ফেরত দিতেছে। শ্যামাদাস চিঠিখানা লইল। সে কথাবার্তা সংযতভাবে বলিতেছিল। কিন্তু বরাবর পদচারণা করিতেছিল, যাহার মধ্যে ফুটিয়া উঠিতেছিল একটা অস্থিরতার ইঙ্গিত]

শ্যামা—আপিসে এ সব কথা নিয়ে আলোচনা আমি করতে চাই না, তাই আমি তোমাকে এখানে ডেকেছি। কিন্তু এ কি সত্যি হেমন্ত ?

হেমন্ত—চিঠির মধ্যে অনেক কথা রয়েছে। তার কয়েকটা কথা সত্যি। বাকীটা মিথ্যে।

শ্যামা—কতটা সত্যি, কতটা মিথ্যে, বল।

হেমন্ত—জ্যাঠাইমার কাছে নিয়মিতই আমি যেতাম এ কথা সত্যি।

শ্যামা—বাকীটা মিথ্যে ?

হেমন্ত—হ্যাঁ, সম্পূর্ণ মিথ্যে। মামলা সংক্রান্ত কোন কথা তাঁকে আমি বলি নি। অন্তত কোন তথ্য তাঁর কাছে প্রকাশ করি নি। এবং তাঁদের তরফের অনেক তথ্য জানলেও সেও তোমাকে আমি বলি নি।

শ্যামা—কিন্তু আমাদের তরফের অনেক তথ্য তাঁরা জেনেছেন, এ বিষয়ে আমি নিঃসন্দেহ।

হেমন্ত—তুমি কি আমাকে বিশ্বাস কর না বড়দা' ?

শ্যামা—শুধু বিশ্বাস নয় হেমন্ত, তোমার ওপর আমি প্রত্যাশা ক'রেছিলাম।

হেমন্ত—তোমার প্রত্যাশার কথা আমি বলতে পারি না বড়দা', কিন্তু অবিশ্বাসের কোন কাজ আমি করি নি।

শ্যামা—আমার মা তোমার জ্যাঠাইমা। সুতরাং তাঁর ওখানে তুমি যেতে—এটাকে অপরাধ কখনই আমি বলব না। কিন্তু মামলা-মকদ্দমার কথা কি তুমি বলতে না ?

হেমন্ত—বলতাম। তোমোদের মা-ছেলের বিরোধ যাতে মিটে যায় সেই জন্যেই আমি ব্যগ্রতা নিয়ে যেতাম। মামলা-মকদ্দমা সেই বিরোধেরই ফ্যাকড়া। কিন্তু—

শ্যামা—কিন্তু সেটা তোমার অনধিকারচর্চ্চা হেমন্ত।

হেমন্ত—সেটা তোমার মনে হ'তে পারে, কিন্তু আমার সে অধিকার আছে ব'লেই আমি মনে করি। তোমাকেও আমি কতবার বলেছি, আজও

তোমাকে আবার বলছি—জ্যাঠাইমাকে দুঃখ তুমি দিয়ো না। আর তুমি এগিয়ো না।

শ্যামা—তুমিও আমাকে ভুল বুঝেছ হেমন্ত। (হাসিল) মায়ের সঙ্গে আমার কোন বিরোধ নেই, থাকতে পারে না। তাঁর প্রতি আমার কর্ত্তব্য আমি সর্ব্বদাই করতে প্রস্তুত। কিন্তু সে আমার সত্যকে জলাঞ্জলি দিয়ে নয়।

হেমন্ত—তোমার বিজ্ঞান কি চরম সত্য আবিষ্কার ক'রতে পেরেছে বড়দা' ?

শ্যামা—নিশ্চয়ই না। কিন্তু সে যে সত্যে পৌছাবার পথে পা দিয়েছে তাতে সন্দেহ নাই। আমি সেই পথের যাত্রী। যাক, এ নিয়ে আলোচনা আমি ক'রতে চাই না হেমন্ত। সোজা তোমাকে যা বলতে চাই শোন— নানা কারণে আমি বিশ্বাস করতে বাধ্য হ'য়েছি যে, তুমি এ সত্যে বিশ্বাস কর না। সুতরাং আমাদের Publicity—প্রচারের কাজ তোমার দ্বারা হওয়া অসম্ভব।

হেমন্ত—(কাতরভাবে বলিয়া উঠিল) বড়দা'

শ্যামা—আমার কথা শেষ ক'রতে দাও হেমন্ত।

হেমন্ত—বল।

শ্যামা—আজ পর্য্যন্ত Capitalist-দের—পুঁজিবাদীদের কারবারে দুনিয়ার publicity হ'ল মিথ্যা বিজ্ঞাপন। আপনাদের এতটুকু কথাকে অতবড় ক'রে ব'লে, আসল উদ্দেশ্যকে ঢেকে মিথ্যা একটা আদর্শের রং চড়িয়ে— সেইটাকে লোকের সামনে ধরাই হ'ল এদের কাজ। আসল উদ্দেশ্য লোককে প্রতারিত ক'রে নিজেদের স্বার্থসিদ্ধি। মিথ্যা কথা লেখার কাজ —যে কোন মতাবলম্বী নিপুণ লেখক হ'লেই চলে। কিন্তু সত্য প্রচার— সে সত্যে বিশ্বাসী ভিন্ন অন্য কারও দ্বারা সম্ভবপর নয়। এই নাও সেই মর্ম্মে কোম্পানীর চিঠি।

হেমন্ত—(চিঠি লইল, একটু নাড়িয়া পকেটে পুরিল) তাই হবে বড়দা'। আমার কাজ কাকে বুঝিয়ে দিতে হবে বল ?

শ্যামা—তুমি নিজেই তোমার লেখা বিজ্ঞাপনগুলো প'ড়ে দেখো হেমন্ত, তুমি বিজ্ঞাপনের মধ্যে আমাকে প্রচার ক'রেছ। আমাকে বড় ক'রে তুলেছ, কিন্তু আমার সত্যকে তুমি প্রকাশ ক'রতে পার নি।

হেমন্ত—কৈফিয়ৎ কেন দিচ্ছ বড়দা'। তুমি এখানে সর্ব্বময় কর্ত্তা, তোমার যা খুসী তাই তুমি করবে।

শ্যামা—খুসী নয় হেমন্ত। যা কর্ত্তব্য তাই করব। সে কর্ত্তব্যের অনুরোধে আরও কিছু তোমাকে আমি বলতে চাই।

হেমন্ত—বল।

শ্যামা—আমার বাড়ীতেও তুমি আর এস না।

(হেমন্ত শ্যামাদাসের মুখের দিকে চাহিল)

শ্যামা—করুণার মন পর্য্যন্ত তুমি চঞ্চল ক'রে তুলেছ। তার পরিবর্ত্তন আমি লক্ষ্য ক'রেছি।

হেমন্ত—বড়দা', বড়দা', কি বলছ তুমি ?

শ্যামা—(ড্রয়ার হইতে একখানা চিঠি বাহির করিয়া) এই চিঠিখানার দিকে চেয়ে দেখ। তোমার হাতের লেখা ?

হেমন্ত—হ্যাঁ।

শ্যামা—করুণাকে লিখেছ ?

হেমন্ত—হ্যাঁ।

শ্যামা—কি লিখেছ ? আমি প'ড়ে তোমাকে শোনাই ? "শ্রদ্ধাভাজনীয়া বউদিদি, আপনার চিঠি পেলাম—"

হেমন্ত—তুমিই সে চিঠি আমাকে দিয়েছিলে।

শ্যামা—মনে আছে আমার। তুমি কিছুদিন যাও নি ব'লে করুণা অনুযোগ ক'রে তোমাকে যাবার জন্যে লিখেছিল। তার উত্তরে তুমি যা লিখলে সে আমার হাত দিয়ে পাঠাও নি। ডাকে পাঠিয়েছিলে। তার কারণ তুমি এই চিঠির ভেতর দিয়ে আমার বিরোধী মত প্রচার ক'রেছ আমার স্ত্রীর কাছে।

হেমন্ত—আমার মত আমি লিখেছি।

শ্যামা—হ্যাঁ। লিখেছ—"যাই না কেন জানাই।—আপনাদের ওখানে গিয়ে অন্তরে দুঃখ পাই, তাই যাই না। বড়দা' আপনাকে দিয়ে যে research করাচ্ছেন তার মূল্য কি, সে আপনারাই জানেন, কিন্তু তার মধ্যে যে নিষ্ঠুরতম হৃদয়হীনতার পরিচয় পাই, সে আমি সহ্য ক'রতে পারি না। হতভাগ্য গিনিপিগগুলোকে না খেতে দিয়ে তাদের জীর্ণ দুর্ব্বল ক'রে বিভিন্ন অবস্থায় তাদের কেটে, তাদের দেহের ভেতরের অবস্থা লক্ষ্য ক'রে যে মৃত্যুরহস্য উদ্ঘাটনের চেষ্টা—একে আমি সহ্য ক'রতে পারি না। আর সেই পাপ আপনি করেন—"

হেমন্ত—হ্যাঁ বড়দা', এ পাপ। আমার সব চেয়ে বড় দুঃখ—তুমি এই পাপ করছ।

শ্যামা—(হাসিয়া) সংসারে emotion আমি ঘৃণা করি হেমন্ত।

হেমন্ত—তার কারণ তুমি হৃদয়হীন।

শ্যামা—সেই জন্যেই বলছি হেমন্ত, পরস্পরের সীমানার মধ্যে আমাদের পা বাড়ানো উচিত নয়। আমার বাড়ীতে তুমি আর এস না।

হেমন্ত—বেশ, তাই হবে। (ক্ষণেক স্তব্ধ থাকিয়া) তা হ'লে চললাম আমি।

শ্যামা—অপেক্ষা কর। (ড্রয়ার হইতে একখানি চেক ও রসিদ বাহির করিয়া) তোমার এক মাসের মাইনে। রসিদটা সই ক'রে দাও।

[হেমন্ত রসিদ সই করিতে লাগিল। সেই মুহূর্ত্তে বাহিরের দরজায় কড়া নাড়ার শব্দ হইল]

নেপথ্য হইতে নগেন নামক কর্ম্মচারী—Sir !

শ্যামা—কে ? নগেনবাবু ?

নগেন—হ্যাঁ, Sir !

শ্যামা—ভেতরে আসুন।

(নগেনের প্রবেশ)

শ্যামা—কি খবর ? রতন বাগ্দীর সড়কী মারার মামলার আজ দিন ছিল না ?

নগেন—হ্যাঁ Sir, মামলার অবস্থা বড জটিল হ'য়ে উঠল Sir.

শ্যামা—কি ব্যাপার ?

নগেন—আপনার—মানে শ্রীমতী শৈলজা দেবী—

শ্যামা—আমার মা ! আমার মা !

নগেন—হ্যাঁ Sir, তিনিই ব্যাপারটাকে ঘোরালো ক'রে দিলেন।

শ্যামা—তিনিই ঘোরালো ক'রে দিলেন ? কি ক'রেছেন তিনি ?

নগেন—তিনি নিজে আদালতে হাজির হ'য়ে হাজিরা দিয়ে হাকিমের কাছে বললেন— (সে থামিয়া গেল)

শ্যামা—কি বললেন তিনি ?

নগেন—বললেন—রতন বাগ্দী দোষী হ'লে সে দোষের অধিকাংশ দায়িত্বই তাঁর। তিনিই নাকি সড়কী চালাতে হুকুম দিয়েছিলেন।

[শ্যামা স্তম্ভিত হইয়া গেল। সে চেয়ারে বসিয়া পড়িয়া দুই হাতে মাথা চাপিয়া ধরিল]

নগেন—রতন বাগ্দী অবশ্য বলেছে—না, সে কারও হুকুমে এ কাজ করে নাই। ক'রেছে নিজে কলের লোকদের ওপর আক্রোশে।

শ্যামা—কিন্তু সত্যি ব্যাপারটা কি আপনারা খোঁজ নিয়েছেন ?

হেমন্ত—সত্যি ব্যাপার তুমি আজও বুঝতে পারলে না বড়দা' ? তোমার ওপর অভিমান ক'রে তিনি রতনের দায়িত্বের ভাগ নিয়ে, সাজা নিতে চান।

শ্যামা—উত্তরে আমিও বলতে পারি তিনি আমাকে লোকসমাজে হেয় ক'রতে চান, আমাকে আঘাত দিতে চান। কিন্তু সে কথা আমি বলতে তো পারব না। মা তো আমার মিথ্যে কথা বলেন না।

হেমন্ত—তিন বৎসর আগে, যে দিন তুমি প্রথম নোটিশ দিয়েছিলে জ্যাঠাইমার ওপর, বাগ্দীদের ওপর, সেই দিন তিনি বলেছিলেন—

(বাহিরে কড়া নাড়ার শব্দ হইল)

শ্যামা—দেখুন তো নগেনবাবু, বাইরে কে ? ব'লে দিন আমি এখন ব্যস্ত আছি।

(নগেন বাহিরে গেল)

হেমন্ত—সেই দিন তিনি বলেছিলেন—রতন, তোরা বাগ্দীর ছেলে, তোরা কি সড়কী লাঠি চালাতে ভুলে গেছিস্ ? রতন বলেছিল—মা, এ যে বড়-দাদাবাবু! জ্যাঠাইমা বলেছিলেন—হোক, যে কেউ তোদের তুলতে আসবে তাদের মাথা ফাটিয়ে দিবি, দরকার হয় সড়কী চালিয়ে গেঁথে ফেলবি। তিন বছর আগের কথা। তারপর বাগান-বস্তী তিনি ঘোষালকে বিক্রী ক'রে দিয়েছেন। বাগ্দীদের সঙ্গে জমিদার-প্রজা-সম্বন্ধের দায়িত্বও তাঁর নেই। তবু সেই কথা তুলে আজ তিনি আদালতে দাঁড়িয়েছেন।

শ্যামা—সে দিন তিনি আরও একটা কথা বলেছিলেন হেমন্ত। তুমি বলতে আমার মনে প'ড়ে গেল। কথাটা আমার কানে এসেছিল। বলেছিলেন—শ্যামাদাস ম'রে গেছে।

হেমন্ত—তাতে তুমি দুঃখ পেয়েছিলে বড়দা' ?

(নগেনের প্রবেশ)

নগেন—Sir, Mr. Ghoshal—B. B. Ghoshal এসেছেন, দেখা করতে চান।

শ্যামা—B. B. Ghoshal? তাঁকে বল—এখন আমি খুব ব্যস্ত।

নগেন—বলেছি Sir, কিন্তু তিনি বললেন—আমাদের আপিসে দেখা না পেয়ে তিনি এখানে এসেছেন। তাঁর কাজ খুব জরুরী।

শ্যামা—Unreasonable people!—সংসারে এঁদের নিজের কাজটাই সব চেয়ে জরুরী। হেমন্ত, একটু ব'স তুমি, যদি তোমার সময় থাকে। আমি আসছি। নগেনবাবু, আপনি এখন যেতে পারেন।

(শ্যামাদাস ও নগেনের প্রস্থান)

[হেমন্ত টেবিলে মাথা রাখিয়া বসিল। অন্যদিক দিয়া প্রবেশ করিল করুণা]

করুণা—(প্রবেশ করিয়া হেমন্তকে দেখিয়া প্রথমে চমকিয়া উঠিল—তারপর বলিল) কে? ঠাকুরপো?

হেমন্ত—বউদি'! ভাল আছেন?

করুণা—আপনার স্ত্রী চারু কেমন আছেন ঠাকুরপো?

হেমন্ত—ভাল আর মন্দ বউদি'! কাল ব্যাধি। ডাক্তার বলে, সমুদ্রের ধারে কিংবা পাহাড়ে নিয়ে যেতে। আমার সে সামর্থ্য কোথায়?

করুণা—দরকার হ'লে নিয়ে তো যেতেই হবে ঠাকুরপো।

হেমন্ত—আপনিও অবুঝের মত কথা বলছেন বউদি'? এই তো দরিদ্রের স্বাভাবিক মৃত্যু। ডাক্তারকে সেই কথা বলেছিলাম, ডাক্তার মুখে কিছু বললেন না, কিন্তু তিরস্কার ক'রে এক পত্র দিয়েছেন।

করুণা—কি লিখেছেন?

হেমন্ত—সে আর দেখে কি করবেন?

করুণা—না, আমি দেখতে চাই।

[হেমন্ত পকেট হইতে বাহির করিয়া একখানি পত্র তাহার হাতে দিল]

করুণা—এ কি? Your services are no longer required—

হেমন্ত—না না, ওটা নয়—ওটা নয়। ওটা আমাকে দিন।

করুণা—(পত্রখানা সরাইয়া লইয়া) আপনাকে জবাব দিয়েছেন আপনার দাদা? এই অবস্থায়?

হেমন্ত—এ অবস্থার কথা দাদা জানেন না।

করুণা—জানেন না? তিনি আপনার বাড়ীর খবর জানেন না?

হেমন্ত—আমিও কোন দিন বলি নি, বলবার অবকাশও ঘটে নি।

করুণা—তিনিও কোন দিন জিজ্ঞাসা করেন নি? কোথায় তিনি?

হেমন্ত—তিনি কথা বলছেন Mr. Ghoshal-এর সঙ্গে। Mr. Ghoshal এসেছেন। আসবেন এক্ষুনি। কিন্তু দোহাই আপনার, এ নিয়ে আপনি কোন কথা বলবেন না। তা ছাড়া দাদা জবাব না দিলেও আমি নিজে জবাব দিতাম।

করুণা—কেন ঠাকুরপো? ও, আপনি তাঁর research-এর জন্যে—

হেমন্ত—আমাকে ক্ষমা করুন বউদি'। আমি চললাম। বড়দা'কে বলবেন—অপেক্ষা করা আমার পক্ষে সম্ভবপর হ'ল না। দয়া ক'রে আমার চিঠিখানা আমায় দিন।

(করুণার হাত হইতে চিঠিখানা টানিয়া লইয়া দ্রুতপদে প্রস্থান)

[করুণা একটা দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া পিনিপিগের খাঁচা তুলিয়া লইল]

পঞ্চম দৃশ্য

শ্যামাদাসের বসিবার ঘর

ব্রজবিহারী ও শ্যামাদাস

[তাঁহারা দুইজনে কথা বলিতেছিলেন—হেমন্ত দ্রুতপদে চলিয়া গেল]

ব্রজবিহারী—আপনার সঙ্গে আমার সম্বন্ধ আপনি না মানলেও আমি মানি। নারায়ণ! নারায়ণ!

(হেমন্ত চলিয়া গেল)

শ্যামা—হেমন্ত! হেমন্ত!

হেমন্ত—আমি চললাম, বড়দা'। আমার জরুরী কাজ আছে। (প্রস্থান)

ব্রজ—আমার কথাটা শুনুন।

শ্যামা—আপনি যা বলেছেন আমি শুনেছি। আপনি বলবার আগে থেকেই আমি জানি। আপনারা ব্যবসায়ী। আপনাদের লক্ষ্য হ'ল লাভ। আমার কারখানার উদ্দেশ্য তা নয়। আমার প্রতিষ্ঠানের প্রত্যেক কর্ম্মীকে তার অংশীদার ব'লে মনে করি। যাঁরা টাকা দিয়ে অংশীদার আছেন, তাঁরা এ কথা মেনে নিয়েছেন।

ব্রজ—কিন্তু আমি মেনে নিই নি।

শ্যামা—আপনি মেনে নেন নি? তার অর্থ?

ব্রজ—(একখানা কাগজ বাহির করিয়া) এইটে দেখুন।

শ্যামা—কৃষ্ণদাস শাস্ত্রীর Share আপনি কিনেছেন! I see.

ব্রজ—আরও আছে। (আরও কয়েকখানি কাগজ বাহির করিয়া দিলেন)

শ্যামা—(দেখিয়া চমকিয়া উঠিলেন) হরেন রায়, বিমল ঘোষ—

ব্রজ—হ্যাঁ, আপনার কারখানার কর্ম্মচারী। এবং আরও আছে।

(শ্যামাদাস কাগজগুলি দেখিতেছিল)

ওর মধ্যে অবিশ্বাসের কিছুই নেই। জাল নয়।

শ্যামা—হ'লেও বিস্মিত হ'তাম না Mr. Ghoshal.

ব্রজ—সংসারে টাকার প্রয়োজন আছে। ওদের দশ টাকার শেয়ারের আমি দুশো টাকা দাম দিয়েছি! নারায়ণ! নারায়ণ!

শ্যামা—ভাল। আপনি আমাদের shareholder, আপনার আপত্তি আমি শুনলাম। মিটিংএ আমি এটা place করব, তারপর যা হয় আমি জানাব।

ব্রজ—(হাত-ব্যাগ হইতে একটা কাগজের বাণ্ডিল বাহির করিয়া) Bengal Scientific-এর অর্দ্ধেকের ওপর শেয়ার আমার হাতে। আমার বিভিন্ন লোকের নামে আমি কিনেছি Mr. Sastri.

শ্যামা—(চীৎকার করিয়া উঠিল) Mr. Ghoshal.

ব্রজ—Mr. Sastri, আপনি এখন উত্তেজিত হ'য়েছেন, পরে আপনার সঙ্গে কথা কইব! আজ আমি চললাম। নারায়ণ! নারায়ণ!

শ্যামা—মিঃ ঘোষাল।

ব্রজ—Yes!

শ্যামা—সাধারণ মানুষের অসহায় অবস্থার কথা আমি জানি। কিন্তু এতখানি আমি প্রত্যাশা করি নি। যাক। আপনি বলতে চান—আপনি বিভিন্ন নামে অর্দ্ধেকের উপর শেয়ারের মালিক; সুতরাং কারখানা চলবে আপনার নির্দ্ধারিত পথে; কারখানার কর্ত্তৃত্বভার আসবে আপনার হাতে।

ব্রজ—না, কর্ত্তৃত্বভার আমি নিতে চাই না। প্রথমেই আপনাকে বলেছি—আপনি না মানলেও আমি মানি—আপনি আমার আত্মীয়—

শ্যামা—Please Mr. Ghoshal, please—ও কথা বাদ দিন।

ব্রজ—কারখানার প্রত্যেক মজুর, প্রত্যেক কর্ম্মচারী, হিন্দু মুসলমান সকলেই মনে মনে বিরক্ত। আপনি তাদের মধ্যে শিক্ষার নাম ক'রে নাস্তিকতা প্রচার করেন। আত্মীয় হিসাবেই আপনাকে আমি বলতে এসেছি। নারায়ণ! নারায়ণ!

শ্যামা—কারখানার কর্ত্তৃত্বভার আমি ত্যাগ করলাম। আজই আমি Shareholder's meeting ডাকব।

ব্রজ—আপনি অবুঝের মত কথা বলছেন Mr. Sastri, আপনার নিজের হাতের গড়া প্রতিষ্ঠান—

শ্যামা—সে প্রতিষ্ঠানের মধ্যে দুরারোগ্য ব্যাধির বীজ প্রবেশ ক'রেছে Mr. Ghoshal—আমি ওর সঙ্গে সমস্ত সংস্রব ত্যাগ করলাম।

ব্রজ—কি ক'রছেন ভেবে দেখুন।

শ্যামা—আমার আরও জরুরী কাজ আছে Mr. Ghoshal, নমস্কার।

ব্রজ—আচ্ছা, নমস্কার। ভেবে দেখবেন আমার কথা। (প্রস্থান)

[শ্যামাদাস স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিল]

(প্রবেশ করিল করুণা)

করুণা—তুমি হেমন্ত ঠাকুরপোকে কাজ থেকে জবাব দিয়েছ ?

শ্যামা—(চকিত হইয়া) করুণা ?

করুণা—হ্যাঁ, তুমি—

শ্যামা—একটা বিপর্য্যয় ঘ'টে গেল করুণা। Bengal Scientific Research-এর সঙ্গে আমার সম্বন্ধ চুকে গেল।

করুণা—মামার সঙ্গে কথা বলছিলে আমি শুনেছি। কিন্তু তুমি কি—

শ্যামা—আমি এ জানতাম। এদেশে বড় বড় প্রতিষ্ঠান গ'ড়ে ওঠে—খাঁটি স্বদেশী প্রতিষ্ঠানের নাম নিয়ে, কিন্তু অন্তরালে থাকে কোটী কোটী

টাকা, বিদেশী মূলধন। জান কিছুদিন আগেও বিরাট একটা ভারতীয় কারখানা গ'ড়ে উঠল এক রাত্রে, লণ্ডনে উঠল তার মূলধন। এদেশে সবই সম্ভব। এ আমি জানতাম।

করুণা—কিন্তু তুমি হেমন্ত ঠাকুরপোকে জবাব দিলে কেন? তুমি জান না—তার বাড়ীতে তার স্ত্রী—

[শ্যামাদাস হঠাৎ ছুটিয়া জানালার ধারে গেল]

শ্যামা—এ কি? গিনিপিগ ছুটে পালাচ্ছে। কে? কে খুলে দিলে খাঁচার দরজা? (দ্রুতপদে ল্যাবরেটারীর দিকে অগ্রসর হইল)

[করুণা স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিল। ওঘর হইতে শ্যামাদাসের কণ্ঠস্বর ভাসিয়া আসিল।—বেয়ারা! বেয়ারা! বেয়ারা! করুণা এবার ল্যাবরেটারির দিকে অগ্রসর হইল]

ষষ্ঠ দৃশ্য

ল্যাবরেটারী

শ্যামাদাস ও বেয়ারা

[শ্যামাদাস টেবিলের উপর গিনিপিগের খাঁচা রাখিয়া উত্তেজিত ভাবে চাহিয়া আছে]

শ্যামা—ছোলা, দুধ! এগুলোকে একেবারে খাবার দিতে আমি বারণ ক'রেছিলাম। কে দিয়েছে ছোলা—দুধ? একটা পালিয়ে গেছে বাগানের ভেতর দিয়ে! তোমার কি বলবার আছে?

বেয়ারা—আমি কিছুই জানি না হুজুর।

(করুণা আসিয়া দাঁড়াইল)

শ্যামা—তবে কে জানবে? কে দিলে?

বেয়ারা—আমি জানি না হুজুর।

শ্যামা—হেমন্ত। হেমন্ত। আমি ওঘরে গিয়েছিলাম, সে এ ঘরে ছিল। Sentimental fool—! হেমন্ত—

করুণা—না। (শ্যামাদাস তাহার দিকে চাহিল—করুণা আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইল) আমি দিয়েছি দুধ, আমি দিয়েছি ছোলা। খাঁচা খুলতে একটা পালিয়ে গেছে।

শ্যামা—তুমি দিয়েছ?

করুণা—হ্যাঁ, আমি।

শ্যামা—তুমি স্বেচ্ছায় research গ্রহণ করেছিলে করুণা, তুমি বিজ্ঞানের ছাত্রী, তুমি দিয়েছ?

করুণা—এমনই ক'রে অনাহারে তিলে তিলে দ'গ্ধে জীবগুলোকে জীর্ণ ক'রে তাদের কেটে মড়ার উপর খাঁড়ার ঘা চালাতে, আমি পারব না—সে পাপ আমি করব না—কিছুতেই না।

শ্যামা—কি বলছ তুমি করুণা, তুমি কি বলছ?

করুণা—আমি ঠিক বলছি। তুমিই আমাকে এ পাপে লিপ্ত ক'রেছ, তোমার জন্য এ পাপ ক'রেছি, জান সেই পাপেই আমার সংসার শূন্য হ'য়ে রইল।

শ্যামা—(বেয়ারাকে) যা যা, তুই বাইরে যা।

(বেয়ারার প্রস্থান)

করুণা বলিয়াই গেল—সন্তান থেকে ভগবান আমাকে বঞ্চিত করলেন, আমাকে তিনি দিলেন না। জীবকে হত্যা ক'রে জীবনরহস্য, মৃত্যুরহস্য উদ্ঘাটন! তোমার মায়া নেই, মমতা নেই, স্নেহ নেই—

শ্যামা—প্রেম নাই, ভালবাসা নাই। না—নাই। তার জন্য কোন অনু-শোচনা নাই। করুণা, আমার আছে শুধু সত্য। তান্ত্রিক শবসাধনার

কথা শুনেছ করুণা? আমার সাধনা সেই সাধনা। সেই সত্যের সাধনায় তোমাকে আমি সঙ্গিনী বলে গ্রহণ করেছিলাম।

(দরজা খুলিয়া প্রবেশ করিল অণিমা। সে অবাক্ হইয়া গেল)

শ্যামাদাস বলিয়াই গেল—তুমি সে পথ স্বেচ্ছায় পরিত্যাগ করলে। চিকিৎসা-শাস্ত্র মতে তোমার সন্তানহীনতার কারণ তুমি জান। জেনেও তুমি আমার কর্ম্মের ওপর মিথ্যা কল্পিত পাপের বোঝা চাপাতে চাও। তোমার সঙ্গে আমার সম্বন্ধ—

অণিমা—শ্যামল, শ্যামল।

শ্যামা—আজ এই মুহূর্ত্ত থেকে আমরা স্বতন্ত্র পৃথক ভাবে জীবনে যাত্রা আরম্ভ করলাম!

করুণা—তাই হবে। আমি চললাম।

(সে অগ্রসর হইয়া আসিয়া শ্যামাদাসকে প্রণাম করিল)

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

[শ্যামাদাসের বাড়ীর ঠাকুর দালান। ঠাকুর দালানের অনেক পরিবর্ত্তন হইয়াছে।] পাকা নাটমন্দির—চারিদিকে ঐশ্বর্য্য। সেই নাটমন্দিরে উৎসব হইতেছে। ব্রজ-বিহারী বসিয়া আছে। কেষ্টদাস তদ্বির করিতেছে। ব্রজবিহারীর বন্ধুবান্ধব আছে। ঢপ কীর্ত্তন দলের গান হইতেছে। কোন অশ্লীলতা বা ইতরতা নাই। গম্ভীর রাজসিকতার ভাব চারিদিকে]

কীর্ত্তনগায়িকা— (গান)

(গান শেষ হইল)

ব্রজ—সাধু! সাধু! চমৎকার! সুন্দর! তোমার গানেই শুধু দখল নয় তোমার ভক্তিও আছে। বাঃ! ভাল!

১ম ভদ্র—জলেই জল টানে ঘোষাল মশায়। আপনার ভক্তি আছে, তাই আপনার ভাগ্যে গায়িকাটিও এসেছে ভক্তিমতী।

ব্রজ—নারায়ণ! নারায়ণ! ভাগ্য নয়, বোস মশায়, দয়া। ওই ওঁরই দয়া।

২য় ভদ্র—দয়া নিশ্চয়। কিন্তু দয়া তো সংসারে শুধু মেলে না; ভগবান ভক্তের। ভক্তি থাকলে তবে তাঁর দয়া পাওয়া যায়।

১ম ভদ্র—একশো বার। নইলে পাওনা আদায় করতে গিয়ে সংসারে ঠাকুর কেনে কে?

ব্রজ—না, না-না! ও কথা বলবেন না! ঠাকুর কেনা যায় না। দয়া ক'রে তিনি আসেন। শাস্ত্রী বংশের প্রতিষ্ঠা করা গোবিন্দ, শাস্ত্রী বংশের সন্তান নাস্তিক হ'য়েছে ব'লেই তাকে পরিত্যাগ ক'রে আমার কাছে এসেছেন। নারায়ণ! নারায়ণ!

ভদ্র—আপনারই যোগ্য কথা—কিন্তু—

ব্রজ—এর মধ্যে 'কিন্তু' নাই বোস মশাই। এই সম্মুখে নারায়ণ, আমি সত্য বলছি। শামাদাস শাস্ত্রীর বিরুদ্ধে Bengal Research-এর দরুণ পাঁচ হাজার টাকার ডিক্রী নিয়ে বসে তখন ভাবছিলাম, লোকটি হাজার হ'লেও আত্মীয়। যাক, পাঁচ হাজার টাকা না হয় গেলই। শাস্ত্রীর আর নেব কি? একমাত্র পৈত্রিক বাড়ী, বাগান। কিন্তু বাড়ীতে গোবিন্দজী রয়েছেন। পার্থিব আইন কানুনে ওসব শ্যামাদাসের হ'লেও ও হ'ল গোবিন্দজীর রাজ্য। ওতে আমি হাত বাড়াতে পারব না। হঠাৎ রাত্রে একদিন স্বপ্ন দেখলাম, গোবিন্দজী বলছেন—তুই আমার সেবা কর! আমার সেবার বড় ত্রুটি হচ্ছে। স্বপ্ন দেখে ঘুম ভেঙে গেল। সকালে উঠেই প্রথমে খবর নিলাম কেষ্টদাসের কাছে যে, ব্যাপার কি? শুনলাম—শ্যামাদাসের মাও এখানে নেই, তিনি মনের আবেগে তীর্থ দর্শনে বেরিয়েছেন। সেবার ভার দিয়ে গেছেন কেষ্টদাসের ওপর আর একজন পুরোহিতের ওপর। শুধু তাই নয় শ্যামাদাসের মায়েরও শেষ দিকে কেমন মতিভ্রষ্ট হ'য়েছিল। তিনি গোবিন্দজীর বাড়ীর আশে পাশে বাগ্দীদের বসত করিয়ে ছিলেন। সেইদিন রাত্রে আবার স্বপ্ন দেখলাম। তবুও দ্বিধা হ'ল। শ্যামাদাসের মা ফিরে আসবেন তো! তৃতীয় দিন রাত্রে আবার সেই স্বপ্ন। আর আমি দ্বিধা ক'রলাম না। ডিক্রীজারী ক'রে গোবিন্দজীকে মাথায় ক'রে নিলাম। নারায়ণ! নারায়ণ!

ভদ্র—আপনি ভক্তিমান্ পুরুষ ঘোষাল মশায়। আপনার প্রেম আছে। "বিনা প্রেমসে না মিলে নন্দলালা"—সেই জন্যেই ঠাকুর যেচে আপনার সেবা গ্রহণ ক'রেছেন। ত্রুটিও কিছু করেন নি আপনি। ইন্দ্রভুবন ক'রে তুলেছেন।

ব্রজ—বিশ্ব ব্রহ্মাণ্ডের সম্রাট, তাঁর উপযুক্ত পূজাবেদী কি মানুষ তৈরী ক'রতে

পারে? তবে হঁ্যা, যতদূর সাধ্য ক'রেছি। আরও অবশ্য অনেক ইচ্ছা আছে। নারায়ণ—নারায়ণ।

ভদ্র—ক'রবেন বই কি। ভগবান যখন আপনাকে দয়া ক'রেছেন, তখন ক'রবেন বই কি।

ব্রজ—ইচ্ছা আছে একটি অনাথ আশ্রম ক'রব। ওই যে আপনাদের যেখানে বাগ্দীদের বাস ছিল, ওইখানে অনাথ আশ্রম ক'রব নতুন ধরণে। তার মধ্যে ইস্কুল থাকবে, হাসপাতাল থাকবে, ছোটখাটো কল কারখানাও থাকবে। যাতে তারা বড় হ'য়ে সক্ষম হ'তে পারে। আমাদের দেশের ওই একটা মস্ত সমস্যা। মস্ত সমস্যা! এইসব নীচু জাতের ছেলেরা, বিশেষ ক'রে অনাথ যারা, তারা হয় হ'য়ে ওঠে চোর, জোচ্চোর, কেউ খৃষ্টান হয় পাদরীদের হাতে প'ড়ে, কেউ অন্য ধর্ম্ম গ্রহণ করে। মোট কথা, ধর্ম্ম যে যেতে বসেছে তার এও একটা কারণ। আর তারাও তো ভগবানের রাজ্যের দীন প্রজা। শাস্ত্রে বলে 'দরিদ্র নারায়ণ'!

(কৃষ্ণদাসের প্রবেশ)

কৃষ্ণ—স্যার!

ব্রজ—কি? কিছু বলছ?

কৃষ্ণ—আজ্ঞে স্যার, গান আর হবে, না বন্ধ ক'রে দেব?

ব্রজ—গান হবে বই কি?

কৃষ্ণ—ওদিকে খাবার জায়গা কম্‌প্লিট—রেডি! নূন থেকে তরকারী পর্য্যন্ত দেওয়া হ'য়ে গেছে। আপনারা গেলেই গরম গরম ভেজে লুচি দিয়ে দেব টপাটপ! From the frying pan।

ব্রজ—Into the fire of our belly—জঠরানলে! কৃষ্টদাস আমার বড় করিৎকর্ম্মা লোক! বুঝেছেন, লোকে কৃষ্টদাসকে বলে—মূর্খ, অপদার্থ, কিন্তু ও মস্ত কাজের লোক!

কৃষ্ণ—আর একটা কথা স্যার!

ব্রজ—আবার কি কথা?

কৃষ্ণ—বাগ্দী বেটারা খেতে আসবে বলে মনে হচ্ছে না। খিচুড়ী ফিচুড়ী সব নষ্ট হবে।

ব্রজ—আসবে না? খেতে আসবে না? গোবিন্দের প্রসাদ খেতে আসবে না?

কৃষ্ণ—না স্যার। ওরা বলছে, মানে বলছে ওই হেমা আর মিসেস শ্যামাদাস শাস্ত্রী মানে আপনার ভাগ্নী, মানে ওরাই সব শিখিয়ে দিচ্ছে!

ব্রজ—নারায়ণ! নারায়ণ!

কৃষ্ণ—আপনি তাদের নিজের বাড়ী থেকে উঠিয়ে দিয়েছেন, জ্যাঠাইমা তারপর জায়গা দিয়েছিলেন খিড়কীর পুকুরের পাড়ে, সেখান থেকেও উঠিয়ে দিয়েছেন, এরপর আপনার এখানে যে খাবে, সে মানুষ নয়, রাস্তার এঁটো পাতা চাটা কুত্তা—এই সব বলছে।

ব্রজ—(হাসিয়া) ভাল কথা! যারা আসবে তাদের খাওয়াও, তারপর যা থাকবে—কুকুরদেরই খাইয়ে দাও কেষ্টদাস। কুকুরও আমার ভগবানের প্রজা। কেউ না আসে সবই কুকুরদের খাইয়ে দাও। যত্র জীব—তত্র শিব। নারায়ণ! নারায়ণ!

কৃষ্ণ—যে আজ্ঞে স্যার! (প্রস্থানোদ্যত)

ব্রজ—দাঁড়াও কেষ্টদাস।

কৃষ্ণ—আজ্ঞে স্যার।

ব্রজ—খিচুড়ীর চাল ডাল সব যেন রান্না হয়!

কৃষ্ণ—আজ্ঞে, চালেডালে আড়াই মণ আছে—

ব্রজ—আড়াই মণই রান্না হবে। বুঝলে? (কথাগুলি বেশ দৃঢ় আদেশের সুরে বলিল) এক মুঠো যেন পড়ে না থাকে।

(কৃষ্ণদাস অবাক্ হইয়া তাহার মুখের দিকে চাহিয়া রহিল)

ব্রজ—আমার কথা বুঝেছ ?

কৃষ্ণ—হ্যাঁ স্যার।

ব্রজ—যাও তা হ'লে। কি ? দাঁড়িয়ে রইলে যে ?

কৃষ্ণ—যাব কি স্যার, আমি ভাবছি এত কুকুর আমি পাব কোথা ? আড়াই মণ চালেডালে খিচুড়ী খাবার মত এত কুকুর ? !

ব্রজ—তুমি কি আমার সঙ্গে রসিকতা করছ কেষ্টদাস ?

কৃষ্ণ—আজ্ঞে না স্যার, আমি খুব seriously বলছি—এ সব খাবার জন্যে মানুষ যত আছে—কুকুর তত নাই। বিশ্বাস করুন আপনি। সময় থাকতে আশেপাশে খবর দিতে পারলে পঙ্গপালের মত লোক এসে জুটে যেতো। আর কুকুরেই যদি আপনার ঝোঁক তারও ব্যবস্থা হ'ত। মণখানেক পাঁঠার টেংরী নিয়ে এসে খিচুড়ীর সঙ্গে মিশিয়ে দিয়ে কুকুরওয়ালা ভদ্রলোকের বাড়ী নেমন্তন্ন পাঠালেই চলত।

ব্রজ—কেষ্টদাস, আমায় এ নিয়ে বেশী ঘাঁটিয়ো না তুমি। যা বললাম তাই কর গিয়ে। রান্না করিয়ে না ফুরোয় ডাষ্টবিনে ফেলে দেবে। যাও।

(কৃষ্ণদাস তাহার মুখের দিকে চাহিয়া চলিয়া গেল)

এত বড় idiot, impertinent আমি আর দেখি নি।

১ম ভদ্র—আমরাও তাই বলি, আপনাদের মধ্যে ওটাকে যে আপনি কেন রেখেছেন, আপনিই জানেন।

ব্রজ—(হাসিল) এইবার ওটাকে দূর করব।

[শৈলজা দেবীর প্রবেশ—তাঁহার হাতে একটি স্যুটকেশ। সঙ্গে সঙ্গে দরোয়ানও প্রবেশ করিল। শৈলজা দেবী অনেক দূর হইতে আসিতেছেন দেখিয়াই বুঝা যায়, প্রবেশ করিয়া তিনি চারিদিক সবিস্ময়ে চাহিয়া দেখিতেছিলেন]

দরোয়ান—(ব্রজবিহারীকে সেলাম করিয়া) দেখিয়ে হুজুর, ইয়ে মাইজী বাড়ীর

অন্দর ঘুস গেলেন, হামি মানা করলেম তো বলছেন কি—হামারা বাড়ী! আওরাৎ, হাম কেয়া করে হুজুর!

ব্রজ—(আগাইয়া আসিয়া) কে? ও আপনি! ?

শৈলজা—হ্যাঁ, আমি। কিন্তু এ সব কি? আমার বাড়ীর ঠাকুরবাড়ী ভেঙে চুরে এ সব কে করলে? ও কি? ঠাকুর বাড়ীতে ওরা কে? একি, খ্যামটা নাচ হচ্ছে?

ব্রজ—নাচ নয়, ঢপের কীর্ত্তন হচ্ছে।

শৈলজা—ঢপের কীর্ত্তন?

ব্রজ—হ্যাঁ।

শৈলজা—কিন্তু আমার ঠাকুর বাড়ীতে এসব ক'রবার অধিকার আপনাকে কে দিলে ঘোষাল মশায়?

(ব্রজবিহারী চুপ করিয়া রহিল)

আমি যখন তীর্থে যাই, তখন কেষ্টদাসের ওপর ভার দিয়ে গিয়েছিলাম, আপনি ভক্তিমান্ ব্যক্তি জেনে আপনাকে অনুরোধ ক'রেছিলাম একটু খোঁজখবর রাখবেন, এইমাত্র। আমার বাড়ীর ঠাকুরের সেই পুরানো মন্দির নাটমন্দির ভেঙে এসব ক'রতে আমি বলি নি। আমার ঠাকুর ছিলেন কাঙালের ঠাকুর—তাঁর গায়ে এত গয়না! এ সব কি ক'রেছেন আপনি? ঠাকুরের সামনে ঢপের কীর্ত্তন, ছি-ছি-ছি! আমার ঠাকুরকে যে আমি আর চিনতে পারছি না! (ঢপওয়ালীদের প্রতি) যাও যাও বাছা, তোমরা বাইরে যাও। যাও!

(ঢপওয়ালীদের প্রস্থান)

খুলে দাও আমার ঠাকুরের গা থেকে ওসব গয়না, খুলে দাও। কই, পুরুত ঠাকুর কই? (অগ্রসর হইলেন)

ব্রজ—দাঁড়ান আপনি, শুনুন—

শৈলজা—আগে আমার ঠাকুরের গা থেকে গয়না খুলিয়ে দি—(অগ্রসর হইলেন)

ব্রজ—ঠাকুর আপনার নয়। (আপনি দাঁড়ান।)

শৈলজা—(দাঁড়াইল) আমার নয় ?

ব্রজ—না। শাস্ত্রীবংশের সম্পত্তির মালিক আপনি নন, মালিক শ্যামাদাস। হেমন্তের বাপ, শ্যামাদাসের বাপকেই তার অংশ বিক্রী ক'রেছিল। কেষ্টদাসও তাই ক'রেছে। শ্যামাদাস শাস্ত্রীর বিরুদ্ধে কোম্পানীর ডিক্রীর টাকার জন্যে এ সমস্তই নীলাম হ'য়েছে। আমি সমস্তই নীলামে কিনেছি।

(শৈলজা স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া রহিলেন)

ব্রজ—আমি কখনও অনধিকার চর্চ্চা করি না। আদালতের নির্দ্দেশ মত আইনসঙ্গত ভাবেই এ সমস্তের ওপর অধিকার এখন আমার। আমার ইচ্ছামত, আমার সাধ এবং ভক্তি অনুযায়ী আমি গোবিন্দজীর সেবা ক'রবার ব্যবস্থা করেছি। এতে আপনার আপত্তি ক'রবার কিছুই নাই। তা ছাড়া ভগবানের সেবায়—

শৈলজা—একটা কথা, একটা কথা। ভগবানকে নীলেম ক'রবার হুকুমও কি আদালতের আছে ? বিষয় সম্পত্তি নীলাম হ'ল বুঝতে পারলাম। কিন্তু আমার গোবিন্দজী, আমার ঠাকুর, আমার গৃহ-দেবতা,?

বোস নামক ভদ্রলোক—ঠাকুর উনি প্রথমেই অস্থাবরের সঙ্গে ক্রোক ক'রে নীলাম ক'রে নিয়েছেন।

শৈলজা—অস্থাবর ক্রোক ক'রে নীলাম ক'রে নিয়েছেন ? গোবিন্দজীকে ?

বোস—হ্যাঁ! আপত্তি তো কেউ করেনি।

ব্রজ—শুনুন আপনি। এটাকে আপনি অন্যভাবে নেবেন না। এ অভিপ্রায় আমার ছিল না। শ্যামাদাসের কাছে পাওনা টাকার জন্যে এ সব আমি করিনি। কারণ, এ থেকে কোন আর্থিক লাভ নেই আমার। বরং

দেবসেবার খরচই বেড়ে গেছে। গোবিন্দজী আমাকে স্বপ্নে আদেশ ক'রলেন।

শৈলজা—(স্থির দৃষ্টিতে তাহার দিকে চাহিয়া) কি আদেশ ক'রলেন ?

ব্রজ—স্বপ্নে দেখলাম গোবিন্দজী আমাকে বলছেন, তুই আমার সেবা কর, আমার সেবার বড় ত্রুটি হচ্ছে। এ দারিদ্র্যের মধ্যে আমি আর থাকতে পারছি না।

শৈলজা—এ দা-রি-দ্র্যে-র মধ্যে তিনি আর থা-ক-তে পা-র-ছেন না ? স্বপ্নে আপনাকে সেই কথা বললে ?

ব্রজ—একদিন ? পর পর তিন দিন ! প্রথম দিনের পর খোঁজ নিয়ে দেখলাম সেবার ত্রুটি সত্য। আপনি গোবিন্দকে অবহেলা ক'রে তীর্থে গেছেন। কেষ্টদাস কোন খোঁজই রাখে না। পুরোহিত বললে—যে টাকা আপনি তাকে দিয়ে গেছেন—সে শেষ হ'য়ে এসেছে। দেখলাম, গোবিন্দজীর মন্দিরের পাশের পুকুরের চারি ধারে আপনি নীচ জাতি বসিয়েছেন। সে দিনও রাত্রে স্বপ্ন দেখলাম ! বললেন—ওদের গায়ের গন্ধে আমার কষ্ট হচ্ছে।

[শৈলজা ধীরে ধীরে অগ্রসর হইয়া গেলেন বিগ্রহের মন্দির দ্বারে]

ব্রজ—নিয়ে আমি কোন অন্যায় করি নি। বিশ্বব্রহ্মাণ্ডের অধীশ্বর, লক্ষ্মী যাঁর চরণাশ্রিতা, দৈন্যের মধ্যে তাঁকে কি মানায় ? তবে আমার আর সাধ্য কতটুকু বলুন !

শৈলজা—(বিগ্রহের প্রতি স্থির দৃষ্টিতে চাহিয়া থাকিতে থাকিতে বলিলেন) দারিদ্র্যের মধ্যে থাকতে তোমার কষ্ট হচ্ছিল ?

ব্রজ—আমি নিয়েছি বটে, তবে এ সবই আপনার মনে ক'রবেন। আপনি এখানে থাকুন গোবিন্দের সেবায়—

শৈলজা—দীন-দরিদ্র মানুষের গায়ের গন্ধ তুমি সহ্য ক'রতে পারছ না ?

ব্রজ—আপনি শান্ত হোন। আপনি শান্ত হোন!

শৈলজা—উত্তর দাও। উত্তর দাও। বল—আমাকে বল! ওঁকে যে কথা স্বপ্নে বলেছ, সে কথা আমাকে স্বমুখে তুমি বল। বল! বল!

ব্রজ—এ কি ? এ সব কি বলছেন, কি ক'রছেন আপনি ?

শৈলজা—আমি শুনব তুমি বল। এতকাল তোমার সেবা ক'রেছি আমি, তার প্রতিদানে তুমি আমাকে শুধু কথাটার উত্তর দাও। নইলে জানব তুমি মিথ্যে—

ব্রজ—এবার আমাকে ক্ষমা ক'রবেন আপনি। আপনাকে আর আমি প্রশ্রয় দিতে পারব না।

শৈলজা—উত্তর দাও! তুমি বল!

ব্রজ—দুঃখের সঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি—আপনি আমার দেবমন্দির থেকে চলে যান। চলে যান আপনি!

শৈলজা—তুমি পাথর! তুমি পাথর!

ব্রজ—বেরিয়ে যান আপনি!

শৈলজা—তুমি পাথর! (প্রস্থান করিলেন)

দ্বিতীয় দৃশ্য

হেমন্ত এবং ডাঃ হিরণ বোস

[হেমন্ত একখানি ইজিচেয়ারে শুইয়া আছে]

ডাঃ বোস—আপনার শরীরের অবস্থা তো ভাল নয় হেমন্তবাবু। অনেক আগেই আপনার সাবধান হওয়া উচিত ছিল।

(হেমন্ত হাসিল)

আপনি হাসছেন হেমন্তবাবু ? I am sorry, আমি দুঃখ পেলাম।

হেমন্ত—আপনি যদি দুঃখ পান ডাক্তারবাবু তবে আর হাসব না; এবং হেসেছি ব'লে সত্যিই অনুতপ্ত। আপনাকে সত্যিই আমি শ্রদ্ধা করি। চারুর জন্যে আপনি যা ক'রেছেন—

ডাঃ বোস—ওকথা থাক হেমন্তবাবু, ও কথা থাক—

(হেমন্ত চুপ করিল)

ডাঃ বোস—আমি যদি তাঁকে বাঁচাতে পারতাম, তবে আপনার লক্ষ ধন্য-বাদ, কৃতজ্ঞতা, দু'হাত ভরে গ্রহণ ক'রতাম। কিন্তু—(একটু নীরব থাকিয়া) আমি আশা ক'রেছিলাম। শেষের দিকটাতেই আশা করে-ছিলাম। (একটু নীরব থাকিয়া) মৃত্যুর মত রহস্যময় আর কিছু নেই হেমন্ত বাবু। মৃত্যুর কাছে আমরা নিতান্ত অসহায়। Medicine can cure disease but cannot prevent death.

হেমন্ত—শ্যামাদাসদা' এই রহস্য উদ্‌ঘাটন ক'রতে চান!

ডাঃ বোস—Mr. Sastri-র কোন খবর—

হেমন্ত—নাঃ। কোন খবর নাই। Mrs. Bose-কেও কি কোন চিঠিপত্র লেখেন না?

ডাঃ বোস—না।

হেমন্ত—তিনি কেমন আছেন? তাঁকে আনলেন না কেন?

ডাঃ বোস—অ্যানি? (হাসিল) সে আজ তিন দিন হ'ল কোথায় বাইরে গেছে! যাবার সময় আমার সঙ্গে দেখা হয় নি। কোথায় গেছে সে ব'লেও যায় নি। অবশ্য সে তার স্বভাবও নয়। অণিমা, আবার অ্যানি হ'য়ে উঠেছে হেমন্ত বাবু। উল্কার মত ছুটে বেড়াচ্ছে like a shooting star! (হাসিল) কক্ষচ্যুত গ্রহ বললেই ভাল হয়। কেন্দ্রের যে সূর্য্যের আকর্ষণে পৃথিবী-কক্ষপথে নিয়মিত শৃঙ্খলায় জীবনময়ী হ'য়ে ঘুরত সে—

সেই সূর্য্য কেন্দ্র থেকে অদৃশ্য হ'য়েছে। সুতরাং এ তার পক্ষে স্বাভাবিক। আমি তাকে দোষ দিই নে।

হেমন্ত—আমারও বিপদ হ'য়েছে Dr. Bose, বউদিদির দিকে আমি চাইতে পারি নে।

ডাঃ বোস—Mrs. Sastri কই ? তিনি কোথায় থাকেন ?

হেমন্ত—এ সব জায়গা জমি, বাড়ী ঘর তো তাঁরই। আমি ক'লকাতাতেই ছিলাম, তিনি চিঠি লিখলেন একবার যেন আসি। এলাম; আমায় দেখে বললেন—এ কি শরীর হ'য়েছে আপনার ঠাকুরপো ? ব্যস। একেবারে আটক বন্দী ক'রে সেবায় তৎপরা হ'য়ে উঠলেন। আপনাকে চিঠি লিখলেন।

ডাঃ বোস—এখানে তিনি কি ক'রছেন ? এই পাড়াগাঁয়ে ?

হেমন্ত—যুদ্ধ ঘোষণা ক'রে ট্রেঞ্চ খুঁড়ে বসে থাকা গোছের ব্যাপার। শ্যামাদাসদা' আমাদের বাগানের বাগ্দীদের তুলে দিয়ে জায়গাটায় কল-কারখানা ক'রে তার Idea মত একটা ব্যাপার—

ডাঃ বোস—সে আমি জানি। Bengal research-এর আমিও পার্টনার ছিলাম।

হেমন্ত—হাঁা। ঠিক কথা। তারপর শ্যামাদাসদা'র সঙ্গে মামলা ক'রে ব্রজ ঘোষাল তাদের উঠিয়ে দিলে। জ্যাঠাইমা তাদের জায়গা দিলেন—বাড়ীর ভেতরের পুকুরের পাড়ে। জ্যাঠাইমা তীর্থে গেলেন, সেই সুযোগে ঘোষাল বাড়ী ঘর ঠাকুর ঠাকুরবাড়ী নীলেম ক'রে নিয়ে হতভাগাদের আবার উঠিয়ে দিলেন। ব্যস। বউদি' খবর পেয়ে প্রায় নাচতে নাচতে ছুটে এলেন। স্বামী এবং মামা দু' জনের বিরুদ্ধে বাগ্দীদের সঙ্গে মৈত্রী গঠন ক'রে এইখানে ট্রেঞ্চে অপেক্ষমান হ'য়ে বসে আছেন। নিজের গহণা পৈত্রিক টাকাকড়ি সব দিয়ে জায়গা জমি কিনে দাতা কর্ণের

জমিদারী খুলে বসেছেন। বাড়ী ঘরের জায়গা দিয়েছেন বিনা পয়সায়, ঘর ক'রতে বিনাস্থদে টাকা ধার দিয়েছেন, ক্ষেতের জায়গাও বিনামূল্যে, বীজ সরবরাহ বিনামূল্যে, লাঙ্গল গরুর দামও দিয়েছেন অনেককে; গভর্ণমেণ্টের ভূমিরাজস্ব, সেও নিজেই দিচ্ছেন। বাগ্দীরা খুবই কৃতজ্ঞ, বলে মা লক্ষ্মী, দুবেলা প্রণাম করে, কথা বলতে গদগদ হয়। বলে—প্রাণ দিতে পারি। পারে না কেবল খাজনার টাকা দিতে আর ধারের টাকা শোধ করতে।

ডাঃ বোস—মিসেস শাস্ত্রী তা হ'লে চমৎকার আছেন বলুন।

হেমন্ত—চমৎকার বলে চমৎকার! করুণা নামটা প্রায় সার্থক ক'রে তুলেছেন। বাগ্দীরা খাজনা দেয় না, ধার শোধ দেয় না, ওতেই তাঁর পরমানন্দ। গদগদ হ'য়ে বলেন, আহা বেচারী! বলতে গিয়ে চোখ ছল ছল করে, ঠোঁট কাঁপে, মানে সে একটা বিগলিত ব্যাপার! চোখে জল এ ক্ষেত্রে অনিবার্য্য বুঝতে পারছেন কিন্তু ওইখানেই বউদি'র বাহাদুরী। কখন কেমন ভাবে যে সে জল মুছে ফেলেন আজও ধরতে পারলাম না। ওই যে, এইদিকেই আসছেন। ওই দেখুন না—বাগ্দীদের মেয়েগুলো কেমনভাবে অনুসরণ করছে, মুখের হাসি দেখুন না। নিশ্চয় বেচারীর দল কিছু চেয়েছে আর কি!

করুণা—(নেপথ্য হইতে বলিল) সব চুপ ক'রে সারিবন্দী দাঁড়াবে, তবে পাবে। নইলে পাবে না।

হেমন্ত—শুনছেন? বিগলিত ব্যাপার, দানযোগের পরমানন্দে উৎসাহিত হ'য়ে উঠেছেন।

(করুণা প্রবেশ করিল, পিছনে কয়েকটি বাগ্দীর মেয়ে)

করুণা—(ডাঃ বোসকে দেখিয়া) ডাঃ বোস? আপনি এসেছেন? উঃ আপনাকে যে কি বলে কৃতজ্ঞতা জানাব?

হেমন্ত—যা বলেছেন, তার মধ্যেই যা কৃতজ্ঞতা প্রকাশ পেয়েছে, তাতেই ডাঃ বোসের ঘাড় ঝুঁকে পড়েছে। আর বেশী বলবেন না। এখন একটু বসুন দেখি দয়া ক'রে।

ডাঃ বোস—আপনার শরীরও যে বড় খারাপ হ'য়ে গেছে মিসেস শাস্ত্রী।

করুণা—না না ডাঃ বোস, আমি খুব ভাল আছি। এত ভাল আমি কখনও ছিলাম না।

হেমন্ত—শরীর ভাল না থাকার ওইটেই সব চেয়ে বড় লক্ষণ বউদি'। শরীর যাদের ভাল থাকে—ইয়া হৃষ্টপুষ্ট গ্রামফেড ভেটকের মানে ভেড়ার মত শরীর, তারাই দেখবেন সকাল থেকে খল নুড়ি, বড়ি মধু, মিকশ্চার, নিয়ে ব্যস্ত। কি—না?—মাথা টিপ্ টিপ্ করে, বুক ধড়ফড় করে, পেট কন কন করে—নিদেন পক্ষে Blood Pressure—low কিংবা high! আর সত্যই যাদের শরীর খারাপ—

করুণা—তারা বলে আমি তো খুব ভালই আছি। যেমন আপনি!

হেমন্ত—আমার অস্ত্রেই আমাকে ঘাল করলেন? যাক্ এখন ওই আপনার জয়া-বিজয়ার দলকে বিদেয় করুন দেখি! ব্যাপার কি ওদের? কিছু দেবেন নিশ্চয়!

করুণা—হ্যাঁ, ওদের একটা ক'রে জামা দেব বলেছি।

হেমন্ত—দেবেন তখন দিয়ে ফেলুন। দানধর্ম্ম পুণ্যকর্ম্ম শুভস্য শীঘ্রং। যান দিয়ে আসুন। যান বেচারারা উৎকণ্ঠিত হ'য়ে উঠছে।

করুণা—আমি এক্ষুণি আসছি ডাঃ বোস; (ছেলেদের প্রতি) এস তোমরা এস। (প্রস্থান—ছেলেদের দল তাহাকে অনুসরণ করিল)

ডাঃ বোস—মিসেস্ শাস্ত্রীর শরীর তো খুবই খারাপ হ'য়ে গেছে হেমন্তবাবু।

হেমন্ত—ওঁর চিকিৎসা কোন চিকিৎসাশাস্ত্রেই নেই ডাঃ বোস।

ডাঃ বোস—শ্যামাদাসবাবুকে আমি শ্রদ্ধা করি, অ্যানি তাকে ভালবাসে,

তবু আমি কোনদিন তাকে ঈর্ষ্যার চোখে দেখি নি। আজ কিন্তু মিসেস শাস্ত্রীর এই তিলে তিলে আত্মনাশ দেখে শাস্ত্রীর প্রতি ঈর্ষ্যান্বিত না হ'য়ে পারছি না।

হেমন্ত—সে অতি হতভাগ্য ডাক্তার বাবু, পাগল। 'খ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশ পাথর'। অথচ পরশপাথর বার বার তার হাতের কাছে এল আর তাকে পাথর বলে বারবার ছুঁড়ে ফেলে দিলে। অমৃতকে পরিত্যাগ ক'রে সে মৃত্যু-রহস্য ভেদ করতে চাইলে।

ডাঃ বোস—শাস্ত্রী যদি নিজের Experiment-এ Successful হন হেমন্ত-বাবু, তবে—তবে সে একটা অভাবনীয় ব্যাপার হবে! Biology-তে—(বলিতে বলিতে স্তব্ধ হইয়া গেল)। আসুন মিসেস্ শাস্ত্রী। ছেলেদের জামা দেওয়া গেল?

(করুণার প্রবেশ)

করুণা—হ্যাঁ। কিন্তু আপনাদের কি আলোচনা হচ্ছিল, বন্ধ করলেন কেন? আমায় দেখে?

ডাঃ বোস—না না। আলোচনা কিছু নয়—আলাপ বলতে পারেন?

করুণা—(হাসিয়া) আপনাদের কথার খানিকটা আমার কানে এসে গেছে ডাক্তারবাবু; ঠাকুরপো বলছিলেন 'অমৃত পরিত্যাগ ক'রে সে মৃত্যু-রহস্য ভেদ করতে চাইলে—সে কথা আমি শুনেছি।

[ডাক্তার বোস এবং হেমন্ত পরস্পরের দিকে চাহিয়া মাথা নীচু করিল]

করুণা—'পরশপাথর বারবার হাতের কাছে এল আর সে তাকে পাথর বলে বারবার ছুড়ে ফেলে দিলে' সে কথাও শুনেছি।

হেমন্ত—শুনেছেন তো! ব্যস তা' হ'লেই ঠিক হ'য়েছে, আপনিও আমাদের আলোচনায় যোগ দিতে পারবেন। আমি বলছিলাম ডাঃ বোসকে যে,

রবীন্দ্রনাথের ওই কবিতাটি একটি রূপক কবিতা। "ক্ষ্যাপা খুঁজে-খুঁজে ফিরে পরশপাথর"। এই ক্ষ্যাপা কে? না অতৃপ্ত মানুষ, অতৃপ্ত মানুষের জীবনে বিরাম নাই, শান্তি নাই, তৃপ্তি নাই—

করুণা—যেমন আপনার দাদা।

ডাঃ বোস—মিসেস্ শাস্ত্রী এ আলোচনা থাক—

করুণা—(হাসিয়া) আমি কোন দুঃখ পাব না ডাঃ বোস, হোক না আলোচনা।

হেমন্ত—না, হ'তে পারে না।

করুণা—কেন?

হেমন্ত—কেন? তার কারণ মেয়েদের সঙ্গে এ সব আলোচনা করা উচিত নয়। তারা অত্যন্ত Sentimental, যে-কোন মহাপুরুষের নাম করলেই কুমারী মেয়েরা ভাববে ঠিক আমার বাবার মত, সদ্য-বিবাহিতেরা ভাববে আমার স্বামীর মত, সন্তানবতীরা ভাববে আমার ছেলের মত। ঠিক বলেছেন ডাক্তার বোস—এ আলোচনা এখন থাক।

(করুণা হাসিল)

ডাঃ বোস—হাসছেন যে? ও! ভাবছেন আমি কথাটা ঢাকছি! আচ্ছা বলুন তো কোথায় এই ক্ষ্যাপার সঙ্গে মিল রয়েছে শ্যামাদাসদা'র? মাথায় বৃহৎ জটা, ধূলায় কাদায় কটা, মলিন ছায়ার মত ক্ষীণ কলেবর। দিব্যি এমন ব্যাক ব্রাস করা চুল, হৃষ্টপুষ্ট চেহারা, নেয়াপাতি ভুঁড়ি, সে না কি ওই ক্ষ্যাপা হয়।

করুণা—থাক ঠাকুরপো, থাক। তবে আপনারা আমার জন্যে মিথ্যেই দুঃখ পাচ্ছেন। আপনার দাদার জন্যে আমার কোন দুঃখ নাই। যে মানুষের মনে মায়া নাই, মমতা নাই, স্নেহ নাই, প্রেম নাই, ভালবাসা নাই, তার প্রতি আমার কোন আকর্ষণ নাই, তাকে হারিয়ে আমার

কোন দুঃখ নাই, যে আমাকে জীবনে এককণা কিছু দিলে না—সে যদি চ'লেই গিয়ে থাকে, তাতেই বা আমার লোকসান কিসের ?

Dr. Bose—মিসেস্ শাস্ত্রী, মিসেস্ শাস্ত্রী—

করুণা—না না, Dr. Bose, আমি উত্তেজিত হই নি। আমি শুধু আপনাদের ব'লতে চাই, আপনারা অকারণে কল্পনা ক'রে আমার জন্য দুঃখ পাবেন না। আমার জীবনে আমি তাকে বিবাহ ক'রে ভুল ক'রেছিলাম, সে ভুল সংশোধন হ'য়েছে, তাতে আমি সুখী হ'য়েছি। আপনাদের Mr. Sastri পণ্ডিত লোক, আপনারা তাকে সম্মান ক'রতে পারেন। কিন্তু আমি তাকে ঘৃণা করি।

(বলিয়া কথা-শেষের সঙ্গেই সে ভিতরের দিকে চলিয়া গেল)

হেমন্ত—(আবৃত্তি করিল) "অর্দ্ধেক জীবন খুঁজি কোন ক্ষণে চক্ষু বুজি
স্পর্শ লভেছিল যার এক পল ভর।
বাকি অর্দ্ধ ভগ্নপ্রাণ আবার করিবে দান
ফিরিয়া খুঁজিতে সেই পরশ পাথর।"

(সেকেণ্ড দুয়েক স্তব্ধ থাকিয়া) ডাক্তার বোস।

Dr. Bose—হেমন্তবাবু!

হেমন্ত—কেমন দেখলেন আমাকে ? আমি সত্যিই বেশী দিন বাঁচব না ?

Dr. Bose—আপনি শরীরের ওপর যত্ন নিন হেমন্তবাবু—নিয়মিত ভাবে ওষুধ ব্যবহার করুন, কে ব'লতে পারে আপনি সেরে যাবেন না ? তবে—

হেমন্ত—তবে ? ডাক্তার বোস ?

Dr. Bose—অন্য লোক হ'লে কথাটা গোপন ক'রতাম, আপনার কাছে গোপন ক'রব না। আপনার স্ত্রীর ব্যাধি আপনার মধ্যে infected হ'য়েছে।

হেমন্ত—জানি। কিন্তু আমাকে বাঁচিয়ে রাখুন ডাক্তারবাবু। আমি আমার

শেষ কাব্য রচনা ক'রে যেতে চাই—শ্যামাদাস শাস্ত্রী করুণা বউদি' অণিমা দেবীকে নিয়ে আমার শেষ কাব্য! (ডাক্তারের হাত চাপিয়া ধরিল)

Dr. Bose—আপনি কাল আমার Chamber-এ আসুন হেমন্তবাবু, আমি আপনাকে ভাল ক'রে দেখতে চাই।

(রতনের প্রবেশ)

রতন—(বাহির হইতে ডাকিতেছিল) মা লক্ষী, মা-ঠাকরুণ! এই যে দাদা-ঠাকুর; দাদা-ঠাকুর!

হেমন্ত—একটু অপেক্ষা কর রতন। (ডাক্তার বোসের প্রতি) তাই হবে ডাক্তারবাবু!

Dr. Bose—তা হ'লে আজ আমি আসি।

হেমন্ত—বউদি'র সঙ্গে—

Dr. Bose—তাঁকে আমার নমস্কার দেবেন হেমন্তবাবু! তাঁকে এখন বিরক্ত করা ঠিক হবে না, তাঁর emotion-টা একটু শান্ত হ'তে দিন। নমস্কার।

হেমন্ত—নমস্কার! কি রতন? (ডাক্তার বোসের প্রস্থান)

রতন—বড় মা-ঠাকরুণ, বড়দাদা ঠাকুরের মা, আপনকার—

হেমন্ত—জ্যাঠাইমা?

রতন—হ্যাঁ দাদা-ঠাকুর, তিনি ফিরে এয়েচেন।

হেমন্ত—জ্যাঠাইমা ফিরে এসেছেন? কোথায়?

রতন—দেখলাম তিনি বাড়ীর মধ্যে গেলেন।

হেমন্ত—বাড়ীর মধ্যে? নিজের বাড়ীতে?

রতন—হ্যাঁ গো। এইবারে কেষ্টদাদার মুনিবটারে মা-ঠাকরুণ ঢিট্ ক'রে দিবেন, তুমি দেখো।

হেমন্ত—রতন!

রতন—দাদা-ঠাকুর ।

হেমন্ত—চল্, তুই আমার সঙ্গে চল্, এগিয়ে দেখি ।

রতন—তুমি যাবে দাদা-ঠাকুর ? এই শরীর ! না, না, তোমার যাতি হবে না, আমি—

হেমন্ত—না, না, তুই জানিস্ নে রতন । ওরে—

[নেপথ্যে শৈলজা দেবীর উচ্চ তীব্র মর্ম্মভেদী স্বর ভাসিয়া আসিল]

নে-শৈলজা—তোকে আমি অভিসম্পাৎ দিচ্ছি না কেষ্টদাস, আমি অভিসম্পাৎ দিচ্ছি শ্যামাদাসকে—

হেমন্ত—(উঠিয়া দাঁড়াইল, এবং চীৎকার করিয়া উঠিল) জ্যাঠাইমা ! জ্যাঠাইমা !

নে-শৈলজা—তারই পাপে আমার গোবিন্দজী বিগ্রহ থেকে চ'লে গেছেন । অবিশ্বাসী, নাস্তিক, তাকে আমি অভিসম্পাৎ দিচ্ছি—

হেমন্ত—জ্যাঠাইমা ! (প্রস্থান)

নে-শৈলজা—কে ? হেমন্ত ।

[রতন প্রস্থান করিতে উদ্যত হইল, ঠিক এই সময়ে ব্যস্ত হইয়া প্রবেশ করিল করুণা]

করুণা—কে ঠাকুরপো ? কাকে ডাকছেন, রতন, ঠাকুরপো কোথায় গেলেন, কাকে এমন ভাবে চীৎকার ক'রে—

রতন—বড় মা-ঠাকরুণ, মা-লক্ষ্মী, বড় দাদা-ঠাকুরের মা, আপনকার শাশুড়ী—

করুণা—কোথায় তিনি ? (কয়েক পা অগ্রসর হইয়া সে স্তব্ধবিস্ময়ে দাঁড়াইয়া গেল ।)

নে-হেমন্ত—না । তোমার গোবিনজী যদি চ'লে গিয়ে থাকেন তবে শ্যামাদাসদা'র জন্ম চ'লে যান নি । চ'লে গেছেন তোমার জন্যে !

রতন—এই যে ! মা-ঠাকরুণ—মা-ঠাকরুণ ।

(বলিতে বলিতে রতন চলিয়া গেল। পর মুহূর্ত্তে হেমন্ত এবং
শৈলজা প্রবেশ করিল)

শৈলজা—(স্থির দৃষ্টিতে হেমন্তের দিকে চাহিয়া) আমার জন্যে ?

হেমন্ত—হ্যাঁ, তোমার জন্যে। যে মুহূর্ত্তে তুমি সন্তানের ওপর নিষ্ঠুর হ'য়েছ—শ্যামাদাসদা'কে ত্যাগ ক'রেছ, সেই মুহূর্ত্তে তোমার গোবিনজীর মধ্য থেকে গোপালও চ'লে গেছেন। অপরাধ তোমার।

[শৈলজা হেমন্তের দিকে স্থির দৃষ্টিতে চাহিয়া রহিলেন, করুণা আসিয়া তাঁহাকে প্রণাম করিল]

শৈলজা—তুমি কে মা ? হেমন্ত, এটি কে ?

হেমন্ত—বউদি'। তোমার বউমা গো—শ্যামাদাসদা'র বউ।

শৈলজা—(চিবুক ধরিয়া) আমার বউমা! চিরায়ুষ্মতী হও মা।

করুণা—আসুন মা, বাড়ীর ভেতরে আসুন।

শৈলজা—থাক্ মা। আমি এইখান থেকেই ফিরব।

হেমন্ত—ফিরবে মানে ? যাবে কোথায় এই অসময়ে ?

শৈলজা—আমি বৃন্দাবনে ফিরব হেমন্ত। বাড়ী ফিরে দেখলাম ঘোষাল মশাই সব নীলেম করিয়ে নিয়েছেন। তাই ফিরে যাচ্ছিলাম স্টেশনে। পথে তুই ডাকলি। শেষের দিন কটা—

হেমন্ত—তোমার শেষের দিনের এখনও দেরী আছে। দিব্যি ডাঁটো আছ এখন। আর শেষের দিনে এখানে থাকলেও তোমার রথ আসবে, এ আমি হলপ ক'রে বলতে পারি। সুতরাং বৃন্দাবনে যাবার কোন প্রয়োজন নাই। চল, চল, বাড়ীর ভেতর চল।

শৈলজা—রূঢ় কথাটা আমাকে তুই বলতে বাধ্য করলি হেমন্ত। শ্যামাদাসের বাড়ীতে, আমি তো থাকতে পারব না বাবা।

হেমন্ত—হরি! হরি! হরি! মাভৈ, জ্যাঠাইমা মাভৈ। এ বাড়ী শ্যামাদাসদা'র নয়; শ্যামাদাসদা' এখানে থাকেও না। এ বাড়ী বউদি'র। চল—চল।

শৈলজা—কি বলছিস্ হেমন্ত?

হেমন্ত—কথাটা বিস্ময়েরই বটে, কিন্তু তোমার তো বিস্মিত হ'বার কথা নয়। এ বাড়ী বউদি'র। শ্যামাদাসদা' এখানে থাকে না। শ্যামাদাসদা' বউদি'কে অথবা বউদি' শ্যামাদাসদাকে পরিত্যাগ ক'রেছেন, সে কথা আমি জানি না, তবে, পরিত্যাগটা সত্য।

শৈলজা—শ্যামাদাস বউমাকে পরিত্যাগ ক'রেছেন? কেন হেমন্ত?

হেমন্ত—ভগবান সত্য জ্যাঠাইমা। তোমার গোবিনজীরূপী ভগবান, বউদি'র গিনিপিগরূপী ভগবান। চল, বাড়ীর ভেতর চল, সব কথা ধীরে সুস্থে শুনবে।)

করুণা—আসুন মা।

শৈলজা—চল। (উভয়ের প্রস্থান)

হেমন্ত—"খাঁচার পাখী ছিল সোনার খাঁচাটিতে, বনের পাখী ছিল বনে। একদা কি করিয়া মিলন হ'ল দোঁহে, কি ছিল বিধাতার মনে।"

নে-ডাঃ বোস—হেমন্তবাবু!

হেমন্ত—(সবিস্ময়ে) ডাঃ বোস?

(ডাঃ বোস-এর প্রবেশ)

ডাঃ বোস—আমি আবার ফিরে এলাম হেমন্তবাবু। ডক্টর শাস্ত্রীর খবর বোধ হয় পেয়েছি।

হেমন্ত—শ্যামাদাসদা'র?

ডাঃ বোস—বাড়ী ফিরেই এই চিঠিখানা পেলাম। দিল্লী থেকে লিখেছেন আমার এক বন্ধু। অ্যানির খবর জানিয়েছেন। অ্যানি কয়েকদিন তাঁর

ওখানে ছিল। তারপর হঠাৎ একদিন বেড়াতে বেরিয়ে আর ফেরে না। উৎকণ্ঠিত হ'য়ে খবর ক'রতে গিয়ে একজন আধপাগলা ভদ্রলোকের সঙ্গে ঘুরতে দেখতে পায়। এ লোকটি নাকি অদ্ভুত মানুষ; অনেকে বলে পণ্ডিত ব্যক্তি। অনেকে বলে পাগল। কারুর সঙ্গে মেলা-মেশা নাই। Govt. Research Institute-এ চাকরী করেন। বাড়ীতে যন্ত্রপাতি নিয়ে কাজ করেন। আমার মনে হচ্ছে, ডক্টর শাস্ত্রী ছাড়া আর কেউ নন।

হেমন্ত—আসুন ডাক্তারবাবু, বাড়ীর ভেতর আসুন।

(উভয়ের বাড়ীর ভিতরের দিকে প্রস্থান)

তৃতীয় দৃশ্য

দিল্লী—শ্যামাদাসের বাসা

[শহরের প্রান্তে পুরানো পরিত্যক্ত পল্লী মধ্যে একখানি পুরানো বাড়ী। ঘরের মধ্যে আসবাবপত্রগুলি অতি কম দামী এবং সংখ্যাতেও অতি অল্প। দুই-তিনখানি ভাঙা চেয়ার, একখানা পুরানো টেবিল; জিনিষপত্র, যেমন স্টকেস—খোলা পড়িয়া আছে। অণিমা একা ঘরের মধ্যে রহিয়াছে। সে আপন মনে গুনগুন করিয়া গান করিতেছে এবং খাবার সাজাইতেছে একখানি থালায়। কমলালেবু ছাড়াইয়া রাখিতেছে। এমন সময় শ্যামাদাসের কণ্ঠস্বর শোনা গেল]

নে-শ্যামাদাস—সুখন! সুখন! এ সুখন!

[অণিমা গানের প্রথম কলিটি বেশ জোরে গাহিয়া উঠিল এবং অগ্রসর হইয়া গিয়া দরজা খুলিয়া দিল। শ্যামাদাস ঘরে ঢুকিয়া থমকিয়া দাঁড়াইল]

শ্যামাদাস—অণিমা! তুমি যাও নি?

অণিমা—না, আমি ফিরে এসেছি।

শ্যামাদাস—তোমাকে আমি স্টেশনে পৌঁছে দিলাম, তুমি আমায় কথা দিলে তুমি ফিরে যাবে ক'লকাতায়—

অণিমা—কিন্তু যেতে আমি পারলাম না। মন আমার যেতে চাইলে না।

শ্যামাদাস—অণিমা!

অণিমা—না। Call me Anny.

শ্যামাদাস—I can't let you stay here অণিমা। তোমায় এখানে আমি থাকতে দিতে পারি না। You must leave.

অণিমা—হবে, ও কথা পরে হবে শ্যামল, আগে তুমি কোটটা খুলে ফেল, let me help you.

শ্যামাদাস—ধন্যবাদ অণিমা—কিন্তু দরকার নেই সাহায্যের।

[নিজেই কোট খুলিয়া ফেলিল, দেওয়ালে একটা হুকে ঝুলাইয়া রাখিল। ইতিমধ্যে অণিমা চেয়ার আগাইয়া আনিল। শ্যামাদাস সে চেয়ারখানায় না বসিয়া অন্য একখানা টানিয়া বসিল। অণিমা খাবারের থালা টেবিলের উপর রাখিল এবং চা তৈয়ারী করিতে লাগিল]

শ্যামাদাস—অণিমা!

অণিমা—শ্যামল!

শ্যামাদাস—তুমি আমায় মুক্তি দাও অণিমা। Leave me. Please let me alone.—রাত্রি দশটায় গাড়ী রয়েছে, সেই গাড়ীতে ক'লকাতায় চ'লে যাও।

অণিমা—শ্যামল!

শ্যামাদাস—You must. You must. আমাকে আমার কাজ ক'রতে দাও। I can't stand you অণিমা, I can't stand—

অণিমা—You can't stand me ?

শ্যামাদাস—Let me finish—I can't stand any body. তোমাদের সকলের কাছ থেকে পালিয়ে আত্মগোপন ক'রে আমি আমার কাজ ক'রতে চেয়েছিলাম। Unsuccessful, ridiculed, হতভাগ্য—yes, তোমরা অবশ্যই আমাকে হতভাগ্য ব'লতে পার। কিন্তু—কিন্তু—কেন তুমি আমার মত হতভাগ্যকে অনুসরণ ক'রে এলে বলতে পার? কেন?

অণিমা—(হাসিল) কেন?

শ্যামাদাস—হ্যাঁ, কেন?

অণিমা—যদি বলি, আমিই মূর্ত্তিমতী দুর্ভাগ্য, হতভাগ্যকে অনুসরণ করাই আমার কাজ।

শ্যামাদাস—দুর্ভাগ্যকে মানুষ সহ্য ক'রতে পারে না অণিমা। সেইজন্যই তোমাকে আমি এড়িয়ে চলতে চাই, বিদায় দিতে চাই।

অণিমা—কথাটা সম্পূর্ণ হ'ল না শ্যামল, বল এড়িয়ে চলতে চাই, বিদায় দিতে চাই, তাতেও না যাও, তোমায় তাড়িয়ে দিতে চাই।

শ্যামাদাস—কথাটা সম্পূর্ণ ক'রে দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ অণিমা। হ্যাঁ, ও কথাটাও আমার বলা উচিত ছিল।

অণিমা—ভাল কথা। আমাকে তাড়িয়ে দিচ্ছ, আমি যাব। তাতে আমি দুঃখ পাব না শ্যামল, কিন্তু আমার হাতের খাবার চা না খেলে আমি দুঃখ পাব শ্যামল। (চায়ের কাপ সামনে নামাইয়া দিল)

শ্যামাদাস—না। তোমায় সে দুঃখ দেব না। সে অপমান তোমায় আমি ক'রব না। তা ছাড়া আহার্য্যের আমার প্রয়োজনও আছে। যাকে বলে, ক্ষিধেয় পেট জ্ব'লে যাচ্ছে।

অণিমা—Tha'ts like a good boy. If you like তোমাকে একখানা গানও শোনাতে পারি।

শ্যামাদাস—গান?

অণিমা—হ্যাঁ গান। Don't you like it?

শ্যামাদাস—গান ভালবাসি না এমন নয়, কিন্তু এখন গান শুনে স্বপ্নলোক সৃষ্টির আমার সময় নেই অণিমা। তুমি জান না অণিমা, কত বড় ক্ষতি আমার হ'য়ে গেছে, আমার জীবনের গতি কতখানি পিছিয়ে পড়েছে। আমার মা আমার বিরুদ্ধে অর্থশালী ধনী ব্রজবিহারীর সঙ্গে যোগ দিয়ে একটা বিরাট পরিকল্পনাকে নষ্ট ক'রে দিলেন। আমার স্ত্রী, আমার স্ত্রী, আমার Comrade—আমাকে পরিত্যাগ ক'রলে,—মহাসত্যের সামনে থেকে সে পালিয়ে গেল—

অণিমা—জানি শ্যামল, সে তোমাকে নিষ্ঠুর আঘাত দিয়েছে।

শ্যামাদাস—কি বললে? আমাকে আঘাত দিয়েছ?

অণিমা—আমি জানি শ্যামল।

শ্যামাদাস—না অণিমা। ওখানে তোমার ভুল হ'য়েছে। আঘাত আমি পাই নি। আঘাত করার মত emotional softness আমার নাই।

অণিমা—(হাসিল) তুমি সত্যকে অস্বীকার করছ শ্যামল। যাদের মানুষ ভালবাসে—

শ্যামাদাস—থাম অণিমা। আমি কাউকে ভালবাসি নে।

অণিমা—কি বলছ তুমি শ্যামল? না না, ও কথা তুমি ব'লো না।

শ্যামাদাস—কিন্তু সত্যকে আমি অস্বীকার করব কি ক'রে? প্রেম ভালবাসা ওগুলোকে Biological emotion জেনে আমি সাধনা ক'রে ওগুলোকে জয় ক'রেছি।

অণিমা—শ্যামল! শ্যামল!

শ্যামাদাস—তুমি শহরের মেয়ে অণিমা। তুমি দেখেছ, গরুর বাছুর ম'রে গেলে গোয়ালারা একটা খড়ের কাঠামোর ওপর মরা বাছুরটার চামড়া জড়িয়ে সামনে ধরে। চামড়া জড়ানো নকল বাছুরটাকেই গাভীমাতা সস্নেহে

জিভ দিয়ে চাটে, তাতেই তার বুদ্ধিহীন Biological emotion উথলে উঠে; আবেগে স্নায়ুতন্ত্রী উচ্ছ্বসিত হ'য়ে দুধের ধারা ঝরতে আরম্ভ করে। আবার নকল বাছুরটাকে সরিয়ে দিলেই সে চীৎকার করে। মানুষের মা সন্তানের মৃত্যুতে বুক চাপড়ে মাথা খুঁড়ে কাঁদে, শবদেহটার বুকের ওপর আছাড় খেয়ে পড়ে, সেটা অবিলম্বে নষ্ট হ'য়ে যাবে ব'লে। খড়ের কাঠামোতে চামড়া জড়িয়ে তার সান্ত্বনা হয় না, তার কারণ তার বুদ্ধি আছে। নইলে ও দুটোতে তফাত কতটুকু, বল? এ কি অণিমা, মুখ তোমার ফ্যাকাসে হ'য়ে গেল?

অণিমা—আমার নিঃশ্বাস বন্ধ হ'য়ে আসছে শ্যামল, আমার অত্যন্ত কষ্ট হচ্ছে। নিঃশ্বাসের সঙ্গে কেমন একটা যেন গন্ধ পাচ্ছি—

শ্যামাদাস—কি? গন্ধ পাচ্ছ? নিঃশ্বাস নিতে কষ্ট হচ্ছে (তাড়াতাড়ি উঠিয়া) সরে এস অণিমা, তুমি দরজাটার কাছ থেকে সরে এস, ঐ জানলার ধারে এসে দাঁড়াও। (কাছে গিয়া) Yes, yes, গন্ধ উঠছে! হ্যাঁ! অণিমা তুমি জানলার ধারে দাঁড়াও। না, না—ও ঘরে, ও ঘরে চল।

[অণিমাকে অন্য ঘরে লইয়া গেল। পুনরায় প্রবেশ করিল]

আসছি আমি—আমি আসছি অণিমা! তুমি এ ঘরে এস না, আমি বারণ করছি (সে দরজার চাবী বন্ধ করিল) আমার gas mask—gas mask!

[একটা আলমারী খুলিয়া একটা গ্যাস মাস্ক লইয়া পরিতে পরিতে বলিয়া উঠিল]

শ্যামাদাস—পেয়েছি, পেয়েছি। I have got it—I have got it!

[বলিতে বলিতে মাস্ক পরিয়া সে যে দরজার ধারে অণিমা দাঁড়াইয়া ছিল, সেই দরজা খুলিয়া প্রস্থান করিল। রঙ্গমঞ্চ শূন্য পড়িয়া রহিল। মুহূর্ত পরেই পাশের ঘর হইতে অণিমার ব্যাকুল কণ্ঠস্বর শোনা গেল]

নে-অণিমা—শ্যামল! শ্যামল! (খানিক স্তব্ধতা) শ্যামল! (দরজায় ধাক্কা মারিতে আরম্ভ করিল) শ্যামল!

[এ ঘরের দরজা খুলিয়া শ্যামাদাস প্রবেশ করিল। দরজা বন্ধ করিল। মাস্ক খুলিতে খুলিতে চীৎকার করিয়া উঠিল প্রায় পাগলের মত]

শ্যামাদাস—পেয়েছি—পেয়েছি। I have found it out, I have found it out.

নে-অণিমা—শ্যামল!

শ্যামাদাস—অণিমা! (অগ্রসর হইয়া দরজা খুলিয়া দিল) অণিমা, I have found it out. Congratulate me অণিমা, I have found it out.

অণিমা—কি শ্যামল, কি?

শ্যামাদাস—প্রচণ্ড একটা শক্তি, অদ্ভুত শক্তিশালী একটা gas—

অণিমা—Gas!

শ্যামাদাস—হ্যাঁ। গত যুদ্ধে Musturd gas-এর নির্ম্মম নিষ্ঠুর শক্তির পরিচয় তুমি তো দেখেছিলে অণিমা!

অণিমা—Oh, it is dreadful!

শ্যামাদাস—তার ভয়ঙ্করত্ব দেখে মনে মনে সঙ্কল্প ক'রেছিলাম—Musturd gas-এর প্রতিষেধক একটা gas আবিষ্কার ক'রব আমি। ক'লকাতায় আমার ব্যবসা-বাণিজ্য নষ্ট ক'রে দিলে ব্রজবিহারী। একটা Research Institute-এ চাকরী নিলাম—পুরনো সংকল্পের কথা মনে হ'ল। এ gas আবিষ্কার ক'রতে পারলে—পৃথিবীর সমস্ত দেশ আমার ঐ আবিষ্কারের ফল পাবার জন্য পাগল হ'য়ে উঠবে। ঠিক এই জন্যে অণিমা—শহরের প্রান্তে এই প'ড়ো বাড়ীতে আমার জীবনের সমস্ত কিছু বিক্রী ক'রে—Laboratory তৈরী ক'রে দিনরাত্রি পরিশ্রম ক'রেছি। এই জন্যেই অণিমা, কাউকে আমি সহ্য ক'রতে পারি নি।

অণিমা—And, and, you have found it out শ্যামল ?

শ্যামাদাস—হ্যাঁ, অণিমা পেয়েছি। কিন্তু যা' চেয়েছিলাম—তা পাই নি। প্রচণ্ড শক্তিশালী gas আমি আবিষ্কার ক'রেছি। কিন্তু Musturd gas-এর চেয়েও ভয়ঙ্কর—তার চেয়ে বহুগুণে নিষ্ঠুর।

অণিমা—উঃ, শ্যামল—

শ্যামাদাস—বহুগুণে মারাত্মক এ গ্যাস। প্রচণ্ড মৃত্যুশক্তি আবিষ্কার ক'রেছি আমি অণিমা। দরজার ফাঁক দিয়ে তার ক্ষীণতম স্পর্শ তোমার নাকে এসেছিল ক্ষণিকের জন্য। খুব সময়ে তুমি বুঝতে পেরেছিলে। It is dreadful অণিমা, it is dreadful—

ণিমা—(শ্যামাদাসের দুই হাত ধরিয়া) I adore you—I admire you—

চতুর্থ দৃশ্য

করুণা ও হেমন্ত

[করুণার পল্লীগ্রামের বাড়ী]

হেমন্ত—ব্যাঙ্কের টাকা শেষ হ'য়েছে, গয়নাপত্র যা ছিল বিক্রী ক'রেছেন, অথচ একটা কথাও বলেন নি আপনি ? তার ওপর জ্যাঠাইমার এই অবস্থা। সময়ে আপনার সাবধান হওয়া উচিত ছিল বউদি'।

করুণা—সাবধান হওয়ার সময় পেলাম কোথায় ঠাকুরপো ? হঠাৎ এল সাইক্লোন, বেচারাদের বাড়ী ঘর উড়ে গেল, যা ছিল দু মুঠো ধান চাল—তার শেষ কণাটুকু পর্য্যন্ত নষ্ট হ'য়ে গেল ; গরু বাছুর ছাগল তাও ম'ল দেওয়াল চাপা প'ড়ে ; শুধু গরু বাছুরই নয়, মানুষও কম মরে নি। তারপর আরম্ভ হ'ল জ্বর-জ্বালা, ওষুধ পাওয়া যায় না, গেলেও সে আগুনের দাম। দেখতে দেখতে চালের মণ হ'য়ে উঠল তিরিশ পঁয়ত্রিশ। সাবধান

হ'বার সময় কোথায় পেলাম বলুন? এরই মধ্যেই মায়ের মাথার গোলমাল যে কখন আরম্ভ হ'ল আমি তা বুঝতে পারি নি। আপনি তো সবই চোখের ওপরই দেখছেন!

হেমন্ত—হ্যাঁ, দেখছি বইকি! আমি আবার যতটা দেখছি ততটা আবার আপনি দেখেন নি। দেশে চাল নেই, মুদীর দোকান বন্ধ, অথচ রাত্রে আমাদের ঠাকুর-বাড়ীতে, অবশ্য আমাদের আর নয়, এখন ঘোষাল মশায়ের ঠাকুর বাড়ী। সেখানে নিষুতি রাত্রে লরী বোঝাই চাল আসছে, আটা আসছে। জানেন ঠাকুর-বাড়ীর নাটমন্দিরের চারিদিকে দেওয়াল তুলে—সেটাকে এখন ঘোষালের চালের গুদোম ক'রেছে!

করুণা—বলেন কি?

হেমন্ত—রাত্রে আমার ঘুম হয় না, লরী আসতে আমি নিজে চোখে দেখেছি। লরীতে যে চাল ময়দা আসে—সে কথা আমাকে কেষ্ট বলেছে।

করুণা—কেষ্টদাস ঠাকুরপো নাকি এখানকার সব বিক্রী ক'র চ'লে গেছেন?

হেমন্ত—সব মানে তো শুধু বাড়ীখানা। সেও তো আপনি দেখছেন দেয়ালের পলেস্তারা খ'সে মেঝের সিমেণ্ট উঠে মানুষের চেয়ে গরু-ভেড়ার বাসের পক্ষে অধিকতর উপযোগী হ'য়ে উঠেছিল।

করুণা—কিন্তু সে সব তো মেরামত করালেন আমরা আসার পর।

হেমন্ত—হ্যাঁ। ঘোষাল মশায় নিজে থেকে টাকা দিয়েছিলেন। তখন কেষ্ট বুঝতে পারে নি। জ্যাঠাইমা আর বড়দা'র সঙ্গে ঘোষালের মামলা মেটার পরই ঘোষাল কেষ্টকে চাকরী থেকেও জবাব দিলে, বাড়ী মেরামতের টাকার জন্যে নালিশ ক'রলে। কি আর করবে কেষ্ট, বাড়ী মেরামতের দেনার টাকার মায় সুদ শোধ দিয়ে যে ক'টা পেলে তাই সম্বল ক'রে মেয়েছেলে নিয়ে চ'লে গেল। অত্যন্ত সহজ এবং সরল ঘটনা। একেবারে ন্যায়শাস্ত্র অনুমোদিত ব্যাপার। ধর্ম্মাধিকরণের

সিদ্ধান্ত। এ কি জ্যাঠাইমা আস্‌ছেন যে! চোখের দৃষ্টি দেখছেন?

করুণা—দিন দিন অবস্থা যেন খারাপের দিকে যাচ্ছে ঠাকুরপো!

(শৈলজা দেবীর প্রবেশ)

শৈলজা—বউমা! (নেপথ্য হইতে কথা বলিয়া প্রবেশ করিলেন)

করুণা—এ কি মা, আপনার পূজো কি এরই মধ্যে হ'য়ে গেল!

শৈলজা—পূজো ক'রতে ব'সে হঠাৎ দুর্য্যোধনের মায়ের কথা মনে হ'ল। কিন্তু নামটা আমার কিছুতেই মনে পড়ল না। দুর্য্যোধনের মায়ের নামটা কি বল দেখি?

করুণা—গান্ধারী।

শৈলজা—হ্যাঁ হ্যাঁ। (চলিয়া যাইতেছিলেন হঠাৎ ফিরিলেন) আচ্ছা হেমন্ত। তুই কাল রাত্রে ওইখানে বসেছিলি, না? কি করছিলি বল্ তো?

হেমন্ত—ঘুম হ'ল না জ্যাঠাইমা, তাই ব'সে ছিলাম।

শৈলজা—ঘোষালের ঠাকুর-বাড়ীতে স্বর্গ থেকে রথ এসেছিল দেখেছিলি?

হেমন্ত—হ্যাঁ, চাল আটা বোঝাই লরী দেখেছি জ্যাঠাইমা।

শৈলজা—ওগুলো কি লরী নাকি? আর বস্তাগুলোতে সে সব চাল আটা নাকি? ওরে, ও যে রোজ রাত্রে আসে রে! তোর মত আমারও রাত্রে ঘুম হয় না কিনা। আমি দেখি। ভাবি ওগুলো স্বর্গের রথ। আর বস্তার মধ্যে ওগুলোকে মনে হয়—ধন রত্ন মণি মাণিক্য। তা ওগুলো যদি আটা চালই হয়—তবে ওগুলো ভগবান না পাঠালে আসে কোথেকে? তুই জানিস্ নে, সব ভগবান পাঠায়। নিশ্চয় আমাদের গোবিনজী।

করুণা—আসুন মা, বাড়ীর ভেতরে আসুন। জল খাবেন আসুন।

শৈলজা—জল খাব কি? এখনও আমার পূজো শেষ হয় নি। অভিশাপ দেওয়া হয় নি।

হেমন্ত—কি বলছ জ্যাঠাইমা?

শৈলজা—তা নইলে আর গান্ধারীর নাম জিজ্ঞাসা ক'রলাম কেন? আমি গান্ধারীর মত রোজ অভিশাপ দিই কিনা! গোবিনজীকে দিই—আর শ্যামাদাসকে দিই। গান্ধারী দিয়েছিল—দুর্যোধনকেও দিয়েছিল, আবার শ্রীকৃষ্ণকেও দিয়েছিল। যাই, পূজো শেষ ক'রে শাপ দিই গে যাই।

(প্রস্থান)

করুণা—মায়ের দিকে চাইলে চোখের জল আমি ধ'রে রাখতে পারি না ঠাকুরপো! এমন মানুষের শেষ এই পরিণাম হ'ল? এই ভাবে ওঁর মাথা খারাপ হ'য়ে যাবে আমি ভাবতে পারি নি।

হেমন্ত—আমি ভাবছি, নিঃস্ব অসহায় ওঁকে নিয়ে আপনি কি ক'রে কি করবেন? আমার ধারণা, হয়তো শেষ পর্য্যন্ত উন্মাদ পাগল হ'য়ে যাবেন।

করুণা—সন্তানের এর চেয়ে বড় অপরাধ কিছু হ'তে পারে ঠাকুরপো?

হেমন্ত—শ্যামাদাসদা'র অপরাধ আমি অস্বীকার করি নে বউদি', কিন্তু জ্যাঠাইমার মাথা খারাপ হওয়ার কারণ শুধু বড়দা'র ব্যবহারই নয়। বউদি, ওঁর বিশ্বাসের ঘরে ঘা পড়েছে। ঘোষাল ওঁর ইষ্টদেবতাকে কেড়ে নিলে। উনি যেদিন প্রথম এখানে আসেন—সে দিন বার বার আপনার মনে কি বলেছিলেন আপনার মনে আছে? ছুটো দশটা কথার মধ্যে অর্থহীন ভাবে বলছিলেন—তুমি পাথর, তুমি পাথর। তারপর যেদিন বাগ্দীদের বস্তীর ওপর বোমা পড়ল সে রাত্রের কথা মনে করুন, বললেন—কোন ভয় নেই তোদের—তোরা নিশ্চিন্ত হ'য়ে ব'স্, আমি এই জপে বস্‌লাম। তারপর বোমা পড়ল, ওঁর সেদিনকার সে বিহ্বল মূর্ত্তি আপনার মনে আছে? সকলের চেয়ে বিহ্বল হ'য়েছিলেন উনি। ডাক্তারে বলেছিল—শব্দের

অঙ্গে শক লেগে হ'য়েছে। ডাক্তার বুঝতে পারে নি। আমরাও সেদিন বুঝতে পারি নি। কিন্তু সে বিহ্বলতা ওঁর শব্দের ভয়ের জন্য নয়। বোমাটা সেদিন বাইরের দৃষ্টিতে বাগ্দীদের বস্তীতে পড়েছিল—কিন্তু সত্যি সত্যি পড়েছিল ওঁর মনের বিশ্বাসের দেউলে।

[ছেঁড়া ময়লা কাপড় পরনে—জীর্ণ শীর্ণ রতনের উচ্ছ্বসিত আবেগে চীৎকার করিতে করিতে প্রবেশ, সঙ্গে আরও দুই তিন জন সঙ্গী, সকলেরই ওই এক রকম অবস্থা]

রতন—হায় ভগবান, একবারে মেরে ফেলাও, ঠাকুর, একবারে মেরে ফেলাও। দগ্ধে দগ্ধে আর মেরো না ঠাকুর—দয়া কর, একেবারে শেষ ক'রে দাও!

হেমন্ত—কি রে রতন, কি ?

করুণা—কি হ'ল রতন ?

রতন—ওগো মাগো, আমার মায়ের প্যাটের বুন—

হেমন্ত—তোর বোন কে ? সেই দামিনী ?

রতন—হ্যাঁ হ্যাঁ, সেই দামিনী, তাকে মনে পড়ছে দা'ঠাকুর ? সেই গাঁয়ের লোকে যারে বলত—গেছো মেয়ে, সেই নারকল গাছে উঠে যে ডাব পাড়ত ? সেই দামিনী দাদাঠাকুর আমার সেই মায়ের প্যাটের বুন দামিনী—ডায়মণ্ডহারবরে বিয়ে দিয়েছিলাম সেই দামিনী—

হেমন্ত—হ্যাঁ, হ্যাঁ, তার কি হ'ল ?

রতন—ডায়মণ্ডহারবারে প্যাটের ভাত জুটল নি, মেয়েতে মরদে চ'লে যেয়েছিল কোন্ দিকে। আজ এখুনি শুনলাম—দামিনী একা আসছিল আমার বাড়ী ? আসতে আসতে মুখ গুঁজে প'ড়ে যেয়েছে ঠাকুর-বাড়ীর দেউড়ীর ছামনে। বলে, ধুঁকছে।

হেমন্ত—বউদি', আপনি চট ক'রে একটু গরম দুধ নিয়ে আসুন। চল রতন চল, দেখি।

রতন—দাদাঠাকুর, কি নিয়ে পিথিমীতে আর বেঁচে থাকব বল? ঘর গেল, ভিটে গেল, জমি গেল, বোমা প'ড়ে বেটি জাম্মই নাতি নাতিন গেল, জ্বরে গেল শূরবীর বেটা, নিজে না খেয়ে ধুকছি, তবু মরণ হয় না কেন বলতি পার?

হেমন্ত—কি করবি রতন বল্? এর উপায়—

রতন—উপায় যদি নাই তবে মা-ঠাকরুণকে বল—আধপেটা খাইয়ে আমাদিকে বাঁচিয়ে রাখছে কেনে? তাই ম'রে বাঁচতি দাও আমাদের।

হেমন্ত—আয়, আয়।

রতন—ওগো, তোমরা আমাদিকে ম'রে বাঁচতি দাও!

(সকলের প্রস্থান)

(দুধের বাটি হাতে করুণার প্রবেশ)

পিছনের দিক হইতে শৈলজা—বউমা! বউমা!

(করুণা দাঁড়াইল। শৈলজা প্রবেশ করিল)

শৈলজা—জানলা থেকে দেখলাম গোবিনজীর দরজায় বাগ্দীদের ভিড় জ'মে গেছে। রতনাব গলা শুনলাম, হাউ-হাউ ক'বে কাঁদছে। তা' হ'লে গোবিনজী এইবার জেগেছে? ভাত-কাপড় দিচ্ছে? না কি?

করুণা—না মা, রতনের বোন পথের ওপর প'ড়ে ভিরমী গিয়েছে।

শৈলজা—ও! তা হ'লে গোবিনজী যমদূত পাঠিয়ে ধ'রে এনেছে। এঁঃ, বাগ্দীদের গায়ের যে গন্ধ! যে নোংরা ওরা! খুব ক'রে চাবুক লাগাবে বোধ হয়। যাই দেখে আসি।

করুণা—না, যাবেন না আপনি। বাড়ীর ভেতর যান।

শৈলজা—মার খেয়ে ওরা শাপ শাপান্ত ক'রছে না? এই বাগ্দীরা গো? শুধু হাউ-হাউ ক'রে কাঁদছে? যাই আমি যাই, দাঁড়াও।

করুণা—না, যাবেন না আপনি। মা! মা!

[শৈলজা চলিয়া যাইতেছিলেন হঠাৎ দাঁড়াইয়া ঘোমটা টানিয়া সরিয়া দাঁড়াইলেন]

শৈলজা—ওমা! সায়েবী পোষাক-পরা কে আসছে গো?

(ডাঃ বোসের প্রবেশ)

করুণা—এ কি! ডাঃ বোস? আসুন। ভালই হ'য়েছে ডাঃ বোস, একটি মেয়ে না-খেয়ে দুর্ব্বল হ'য়ে পথের ওপর অজ্ঞান হ'য়ে পড়েছে। একবার আসুন, দেখবেন আসুন।

ডাঃ বোস—দেখেই আমি আসছি মিসেস শাস্ত্রী! পথে ভিড় দেখেই আমি নেমেছিলাম। দুধের বাটি নিয়ে আপনার আর যাবার প্রয়োজন নেই।

করুণা—ম'রে গেছে?

ডাঃ বোস—বেঁচে গেছে বলুন। নিষ্কৃতি পেয়েছে।

শৈলজা—তুমি সেই ডাক্তার না? শ্যামাদাসের বন্ধু?

ডাঃ বোস—হ্যাঁ মা। আমায় চিনতে পারছেন না?

শৈলজা—তুমি আমাকে মা বলছ কেন?

ডাঃ বোস—আপনি শ্যামাদাসবাবুর মা—

শৈলজা—না না না, পাথরে দেবতা নেই, পণ্ডিতের মা নেই, স্ত্রী নেই, কেউ নেই। না না না। (ক্রোধভরে তিনি চলিয়া গেলেন)

করুণা—মা সত্যিই পাগল হ'য়ে গেলেন ডাঃ বোস!

ডাঃ বোস—জীবনে রোগে মানুষের মর্ম্মান্তিক দুঃখজনক পরিণতি দেখে ডাক্তারেরা প্রায় পাথর হ'য়ে যায়। (রুমাল দিয়া চোখ মুছিয়া) চোখে জল আসার অনুভূতি আমি প্রায় ভুলে গিয়েছিলাম মিসেস শাস্ত্রী।

করুণা—আসুন, বাড়ীর ভেতরে চলুন।

ডাঃ বোস—সময় অল্প মিসেস শাস্ত্রী—কাজ অনেক। অ্যানি দীর্ঘকাল পরে একটা চিঠি লিখেছে। সেই চিঠিখানা আপনাকে দেখাতে এসেছিলাম।

[চিঠিখানা তাহার দিকে অগ্রসর করিয়া ধরিল। করুণা ডাঃ বোসের মুখের দিকে চাহিয়া ধীরে ধীরে চিঠিখানা লইল এবং পড়িতে আরম্ভ করিল]

ডাঃ বোস—ডাক্তার শাস্ত্রী একটা আবিষ্কার ক'রেছেন।

করুণা—(চিঠি হইতে মুখ তুলিয়া) Gas ? Mustard Gas-এর চেয়েও—

ডাঃ বোস—Mustard gas-এর চেয়েও নাকি ভয়ঙ্কর! ডাঃ শাস্ত্রী নাকি gas-টার নাম দিতে চান Death gas !

করুণা—ডাঃ বোস!

ডাঃ বোস—মিসেস শাস্ত্রী!

করুণা—আপনি আমাকে হাওড়া স্টেশনে পৌঁছে দেবেন ? আপনার সঙ্গে নিশ্চয় গাড়ী আছে!

ডাঃ বোস—আপনি কি—

করুণা—হ্যাঁ, আমি দিল্লী যেতে চাই।

ডাঃ বোস—আমি যদি সঙ্গে যেতে চাই, আপনি কি আপত্তি করবেন ?

করুণা—ডাঃ বোস, জীবনে আমার ভাই নেই। আপনাকে আজ থেকে বড়দা' ব'লে ডাকব আমি। (হাত বাড়াইয়া দিয়া) হাতটা ধরুন আমার।

(ডাঃ বোস করুণার হাত ধরিয়া অগ্রসর হইল)

পঞ্চম দৃশ্য

[শ্যামাদাসের বাসা—দিল্লী]

(শ্যামাদাস ও করুণা)

শ্যামাদাস—করুণা ! তুমি ?

করুণা—হ্যাঁ, আমি। তোমাকে আমি আমার শেষ অনুরোধ জানাতে এসেছি। আমার শেষ কথা বলতে এসেছি।

শ্যামাদাস—কি বলবে বল ?

করুণা—কি বলতে চাই তুমি কি অনুমান করতে পার না ?

শ্যামাদাস—আমার সময় আজ অত্যন্ত অল্প করুণা। ক'লকাতা থেকে বড় একটা ফার্মের অ্যাটর্নি আসছেন আমার সঙ্গে দেখা করতে—তাঁরা এখুনি আসবেন। অণিমা তাদের আনতে গেছে। ভাল কথা, তোমাকে বলা হয় নি। আমি এক প্রচণ্ড শক্তি আবিষ্কার ক'রেছি।

করুণা—Mustard gas-এর চেয়েও ভয়ঙ্কর একটা gas—

শ্যামাদাস—তুমি জানলে কি ক'রে ? হ্যাঁ, Mustard gas-এর চেয়েও ভয়ঙ্কর একটা gas—

করুণা—তুমি নাকি সে gas-টার নাম দিতে চাও Death gas.

শ্যামাদাস—Yes, Death gas নাম দিতে চাই আমি।

করুণা—আমি তোমাকে শেষ অনুরোধ জানাতে এসেছি—ওই gas আবিষ্কারের সমস্ত চিহ্ন সমস্ত নজীর নিঃশেষে বিলুপ্ত ক'রে দাও তুমি।

শ্যামাদাস—কি ? বিলুপ্ত ক'রে দেব ?

করুণা—তোমার স্মৃতি থেকে পর্য্যন্ত মুছে ফেলে দাও।

শ্যামাদাস—I am sorry, অত্যন্ত দুঃখিত আমি করুণা। দীর্ঘকাল পরে তুমি এলে এবং শেষ অনুরোধ ব'লে আমাকে জানালে, তা আমি রাখতে পারছি না।

করুণা—তোমায় রাখতে হবে! তুমি কি বুঝতে পারছ না—পৃথিবীর বুকে আবিষ্কারের নামে কি অভিশাপ তুমি ছড়িয়ে দিচ্ছ?

শ্যামাদাস—বিজ্ঞানে তুমি একদিন আমার ছাত্রী ছিলে, Assistant ছিলে, Comrade ছিলে; তুমি এটুকু অবশ্যই জান করুণা, প্রখরতম আলো আর চরমতম অন্ধকারের মধ্যে কোন পার্থক্য নাই? জীবন এবং মৃত্যু একই, শক্তির রূপ হ'তে রূপান্তরে প্রকাশ! আবিষ্কারের আনন্দ তুমি কখনও ভোগ করনি করুণা। অমরত্বের আনন্দের সঙ্গে তার কোন প্রভেদ নেই।

করুণা—মানুষের সমাজে মৃত্যু বিলিয়ে তুমি নিজে অমরত্ব লাভ ক'রতে চাও? মানুষ তোমাকে কেন ক্ষমা করবে? কেন তোমার দান নেবে? আর তাকে বাঁচাতে যখন পার না তুমি—তখন তাকে মারবার পন্থা আবিষ্কার ক'রে তাই তাকে দান ব'লে দিতে চাচ্ছ কোন্ মুখে?

শ্যামাদাস—তুমি বুঝতে পারছ না করুণা। মানুষকে দিচ্ছি আমি মৃত্যুরূপের বার্ত্তা, একটা বিপুল শক্তির পরিচয়। আমি তার আবিষ্কর্ত্তা। I have found it out. কিন্তু তুমি কি বুঝতে পারছ না, তুমি মানুষের হাতে তুলে দিচ্ছ—

করুণা—স্বার্থান্ধ মানুষ। ওগো, এ যে পাপ—নিষ্ঠুরতম পাপ!

শ্যামাদাস—আবিষ্কার নিষ্ঠুরতম হ'তে পারে, কিন্তু পাপ আমার কাছে নেই, সে তুমি জান।

করুণা—আমি তোমার স্ত্রী—

শ্যামাদাস—আমাদের জীবনের যোগসূত্র আমরা ছিঁড়ে ফেলেছি করুণা। পরস্পরের সম্মতিক্রমেই আমরা জীবনে ভিন্ন পথ ধ'রে চলেছি। এখন আবার এসে আমার পথ আগলে দাঁড়াবার তোমার কোন অধিকার নাই।

করুণা—আছে।

শ্যামাদাস—না। নাই।

করুণা—আছে। আমি তোমার কাছে পত্নীত্বের সামাজিক অধিকারে পথ আগলে দাঁড়াতে আসি নি। এসেছি, ভালবাসার অধিকারে। আমার সে অধিকারে তুমি হস্তক্ষেপ ক'রতে পার না। আমি তোমাকে এ অন্যায় ক'রতে দেব না। মানুষ হ'য়ে মানুষের সর্ব্বনাশ ক'রতে দেব না। না—দেব না।

শ্যামাদাস—আমার কথার আমি পুনরুক্তি করছি করুণা। অবুঝ ভালবাসা Biological emotion—তার কোন মূল্য আমার কাছে নাই। তোমার ওই আবেগময় বুভুক্ষার গ্রাসে আমি আমার জীবনের সাধনাকে আহুতি দিতে পারব না।

[দরজায় আঘাত দিল কেহ]

কে? অণিমা?

(অণিমার প্রবেশ)

অণিমা—হ্যাঁ শ্যামল। ওঁরা সকলে—। একি, করুণা?

শ্যামাদাস—এসেছেন সকলে?

অণিমা—হ্যাঁ, সকলেই এসেছেন। বাইরে অপেক্ষা ক'রছেন। করুণা, তুমি কখন এলে? এ কি করুণা, তোমার মুখ এমন কেন?

শ্যামাদাস—তুমি করুণাকে পাশের ঘরে নিয়ে যাও অণিমা। করুণা বোধ হয় অসুস্থ হ'য়ে পড়েছে।

অণিমা—কি হ'য়েছে?

শ্যামাদাস—(হাসিয়া) An outburst of Biological emotion অণিমা; ওটার মাত্রাধিক্য হ'লেই মানুষ অসুস্থ হ'য়ে পড়ে।

অণিমা—শ্যামল!

শ্যামাদাস—Please অণিমা, please—করুণাকে নিয়ে তুমি ওঘরে যাও। ভদ্রলোকেরা বাইরে অপেক্ষা করছেন। (বাহিরের দিকে প্রস্থান)

অণিমা—করুণা !

করুণা—আপনি কি এখানে থাকেন মিসেস বোস ?

অণিমা—শ্যামলের কথাটাই কি সত্যি করুণা ? ভালবাসাকে কি তুমি দেহের ঊর্দ্ধে তুলতে পার নি ?

করুণা—আমি জিজ্ঞাসা করছি দিদি, আপনি যখন এখানে ছিলেন, তখন কেন আপনি ওঁকে এই সর্ব্বনাশা আবিষ্কারের পাপ থেকে নিবৃত্ত করলেন না ? এই মহা অন্যায় কেন ক'রতে দিলেন ?

অণিমা—তার জন্যে এস করুণা, আমরা দু'জনে বুক ভাসিয়ে কাঁদব। আগ্নেয় গিরির মাথায় মাথা ঠুকে সমস্ত রক্ত ঢেলেও তার আগুনকে আমি নেবাতে পারি নি। আমি হেরে গেছি।

করুণা—কিন্তু আমি তো হারতে পারব না, হারব ব'লে তো আসি নি। চলুন, আমি বাড়ীর ভেতর যাব। (বাড়ীর ভিতর প্রস্থান। অণিমাও সঙ্গে গেল)

(অ্যাটর্নি, কর্ম্মচারী ও শ্যামাদাসের প্রবেশ)

[শ্যামাদাসের হাতে একখানি দলিল]

শ্যামাদাস—বসুন অনুগ্রহ ক'রে।

[অ্যাটর্নি ও কর্ম্মচারী বসিল। শ্যামাদাস পড়িতে লাগিল]

অ্যাটর্নি—যেমন কথাবার্ত্তা হ'য়েছে—দলিলেও ঠিক তাই আছে। Government-এর কাছে monopoly নিয়ে আমরা কারখানায় gas তৈরী ক'রব। Company-তে আপনার শেয়ার থাকবে। আপনিই থাকবেন manager, তা ছাড়া production-এর ওপর royalty পাবেন।

[শ্যামাদাস দলিলখানা চোখের সম্মুখ হইতে নামাইল]

Is it alright? ঠিক আছে ?

শ্যামাদাস—হ্যাঁ। ঠিক আছে।

অ্যাটর্নি—Here is your cheque.

শ্যামাদাস—যুদ্ধকালে ব'লে এটা কি লিখেছেন ?

অ্যাটর্নি—যতদিন এই যুদ্ধ চলবে ততদিন কিন্তু আপনি এই কারখানার সঙ্গে যুক্ত থাকতে, I mean, manager থাকতে বাধ্য থাকবেন। কারণ gas-এর prospect একমাত্র এই যুদ্ধের সময়েই বেশী। যদি একবার gas ব্যবহারের বর্ব্বরতা শত্রুপক্ষ আরম্ভ করে এবং আমাদের ধারণা, চরমতম পরাজয়ের পূর্ব্বে শত্রুরা তা করবেই, তখন this Death gas—

শ্যামাদাস—Yes, yes. কিন্তু—please wait a little—

অ্যাটর্নি—You see—মাহেন্দ্র লগ্ন রয়েছে আর দু' মিনিট, আমার client এসবে ভয়ানক বিশ্বাস করেন। তাঁর একেবারে definite instruction আছে যে, ৬টা ১৫ মিনিটে আপনি দলিল সই ক'রবেন। তিনি এখানে এসে পৌঁছুবেন ঠিক—৬টা ১৮ মিনিটে। আর এক মিনিট আছে—Please—ডাঃ শাস্ত্রী—here is your cheque—ধরুন, কলমটা ধরুন।

[শ্যামাদাস পিছাইয়া গেল]

অ্যাটর্নি—ডাঃ শাস্ত্রী !

শ্যামাদাস—(অ্যাটর্নীর কথাগুলি আপন মনে সে আবৃত্তি করিল) চরমতম পরাজয়ের পূর্ব্বে শত্রুপক্ষ মরিয়া হ'য়ে gas ব্যবহার করবেই, তখন—

কর্ম্মচারী—আর এক মিনিট বাকী রয়েছে স্যার।

অ্যাটর্নি—ডাঃ শাস্ত্রী !

শ্যামাদাস—Yes.

অ্যাটর্নি—আর সময় নেই ডাঃ শাস্ত্রী—আমার client-এর দিন-ক্ষণের উপর প্রগাঢ় বিশ্বাস। তাঁর বিশ্বাসের ওপর আপনি আঘাত করবেন না। নিন, আপনার চেক নিন ? ধরুন—কলম ধরুন।

[বাহিরে মোটরের হর্ন বাজিয়া উঠিল]

অ্যাটর্নি—ডাঃ শাস্ত্রী আমার client এসে গেছেন। অনুগ্রহ ক'রে সই করুন। নইলে তিনি অত্যন্ত offended হবেন, shocked হবেন। ডাঃ শাস্ত্রী!

শ্যামাদাস—করুণা! করুণা! (চারিদিক চাহিয়া দেখিল)

অ্যাটর্নি—আপনি কি অসুস্থ ডাঃ শাস্ত্রী ?

[দরজার ওপাশ হইতে ঘোষালের কণ্ঠস্বর শোনা গেল]

নেপথ্যে ঘোষাল—I congratulate you Dr. Sastri (প্রবেশ করিল) You are great, really great. (হাত বাড়াইয়া) তোমার হাত দাও শাস্ত্রী—আমরা এখন পরস্পরের বন্ধু !

অ্যাটর্নি—ডাঃ শাস্ত্রী, সইটা শেষ ক'রে দিন—(কলম বাড়াইল)

শ্যামাদাস—No, I can't sign—I can't give you my hand. করুণা—করুণা! তোমার কথা সত্য, তুমি ঠিক ব'লেছ—

[নেপথ্য হইতে অণিমার কণ্ঠস্বর শোনা গেল]

নেপথ্যে অণিমা—শ্যামল! শ্যামল!

শ্যামাদাস—অণিমা! করুণা!

(অণিমার প্রবেশ)

অণিমা—শ্যামল! করুণা laboratory-তে ঢুকে gas cylinder-এর মুখ খুলে দিচ্ছে।

শ্যামাদাস—সে কি ?

অণিমা—তোমার Death gas-এ সেই প্রথম মরতে চায়।

শ্যামাদাস—করুণা, তুমি জান না, there is explosive—টেবিলের উপর explosive mixture রয়েছে করুণা! (রঙ্গমঞ্চ ঘুরিল)

দৃশ্যান্তর

[প্রচণ্ড একটা শব্দ হইল। সমস্ত অন্ধকার হইয়া গেল। অন্ধকারের মধ্যে শ্যামাদাসের কণ্ঠস্বর শোনা গেল]

শ্যামাদাস—করুণা—করুণা! উঃ উঃ, it is terrible, করুণা—!

অণিমা—শ্যামল! শ্যামল!

ষষ্ঠ দৃশ্য

শ্যামাদাসের বাসা

ডাঃ বোস এবং হেমন্ত

হেমন্ত—ডাঃ বোস!

ডাঃ বোস—আস্তে হেমন্তবাবু। ডাঃ শাস্ত্রী জেগে রয়েছেন—একটু পূর্ব্বে আমার সঙ্গে কথা বলছিলেন।

হেমন্ত—ওঁর চোখ—

ডাঃ বোস—He is blind হেমন্তবাবু।

হেমন্ত—অন্ধ!

ডাঃ—আস্তে হেমন্তবাবু।

[নেপথ্য হইতে অর্থাৎ পাশের ঘর হইতে শ্যামাদাসের কণ্ঠস্বর ভাসিয়া আসিল]

নে-শ্যামাদাস—সে আমি জানি ডাঃ বোস, সে আমি জানি।

নে-অণিমা—শ্যামল! শ্যামল!

নে-শ্যামাদাস—উতলা হ'য়ো না অণিমা, এই নাও, আমার হাত ধর।

ডাঃ বোস—আপনি একটু ওঘরে যান হেমন্তবাবু! উনি বোধ হয় আসছেন। আপনার উপস্থিতি জানতে পারলে কি জানি যদি উনি উত্তেজিত হন তবে হয়তো খারাপ হ'তে পারে। (হেমন্তের প্রস্থান)

[দরজা খুলিয়া শ্যামাদাস ও অণিমা প্রবেশ করিল। শ্যামাদাসের দুই চোখে bandage বাঁধা। অণিমা তাহার হাত ধরিয়া ছিল]।

শ্যামাদাস—আমার হাতে তৈরী Explosive mixture-এর explosion-এ আমার চোখ নষ্ট হ'য়ে গেছে। (ব্যাণ্ডেজ খুলিয়া) Yes. I am blind —কিন্তু তাকে প্রকৃতির প্রতিশোধ বললে, নিয়তির পরিহাস বললে, আমি আপত্তি ক'রব। It was an accident. ডাক্তার, টেবিলের উপর explosive রেখেছিলাম। করুণা গ্যাস-সিলিণ্ডারের মুখ খুলবার চেষ্টা করছিল। আমি তাকে সাবধান ক'রতে ছুটে গেলাম। আমার হাত লেগে প'ড়ে গিয়ে mixture-এর টিউব explode ক'রল, আমার চোখে লাগল আঘাত। করুণা আহত হ'ল। নিয়তি প্রকৃতি লোকে যা বলে বলুক, ডাঃ বোস, এই কথাটা আপনি বলবেন না। It was an accident.

ডাঃ বোস—আপনি বসুন, আপনি বসুন ডাঃ শাস্ত্রী।

অণিমা—এই যে, এই যে, ব'স শ্যামল, তুমি ব'স। তুমি কাঁপছ।

শ্যামাদাস—হ্যাঁ। এখনও shock-টা আমি কাটিয়ে উঠতে পারি নি। (অণিমা তাহার হাত ধরিয়া চেয়ারে বসাইয়া দিল) It was an accident Dr. Bose—an accident.

ডাঃ বোস—হ্যাঁ, ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—ডাঃ বোস, একটা কথা আমাকে সত্য বলবেন? আমার মনের কাঠিন্য আপনি জানেন। সংসারের নিষ্ঠুরতম দুঃসংবাদ আমি অবিচলিত মনে সহ্য ক'রতে পারি—

ডাঃ বোস—মিসেস শাস্ত্রী সত্যই বেঁচে আছেন ডাঃ শাস্ত্রী !

শ্যামাদাস—অণিমাও আমাকে সেই কথা বললে ! কিন্তু তবু আমার মনে হচ্ছিল—আমার এই অবস্থায় সে আমাকে সান্ত্বনা দেবার জন্যেই, হয়তো মিথ্যে সান্ত্বনা দিচ্ছে। তুমি রাগ ক'রো না অণিমা।

ডাঃ বোস—না, ডাঃ শাস্ত্রী, অণিমা মিথ্যে কথা বলে নি। মিসেস শাস্ত্রী আহত হ'য়েছেন—explosion-এর ফলে একটা কাচের টুকরো তাঁর কাঁধের পাশে ঢুকে গিয়েছিল। অতিরিক্ত রক্তপাতের ফলে তিনি অজ্ঞান হ'য়ে রয়েছেন। কিন্তু তিনি বেঁচে আছেন।

শ্যামাদাস—Accidents are so peculiar sometimes—সময়ে সময়ে এমন অদ্ভুত অ্যাকসিডেন্টগুলো ঘটে ডাক্তার বোস—যে, মানুষ বুঝতে না পেরে হাঁপিয়ে ওঠে। অদৃষ্ট—নিয়তি। কে বাতাস করছে ? চুড়ির ঝঙ্কার শুনছি, অণিমা, তুমি ?

অণিমা—হ্যাঁ শ্যামল, তুমি ঘামছ। তোমার বিশ্রামের প্রয়োজন। তুমি চুপ কর।

শ্যামাদাস—Yes, That I should and that I must. বিশ্রাম নেওয়াই আমার উচিত। আমি বাঁচতে চাই ; পৃথিবীকে আমার দেবার কিছু আছে—তার চেয়েও বেশী কিছু আছে নেবার—করুণার কাছে। ডাক্তার বোস, করুণা কি বাঁচবে ?

ডাঃ বোস—সেই আশাই আমি করি ডাঃ শাস্ত্রী। আমি Blood Bank-এ লোক পাঠিয়েছি—telegram ক'রেছি। প্রতি মুহূর্তে expect করছি Blood syrum এসে পড়বে।

শ্যামাদাস—সেবার করুণা ভুল ক'রেছিল। সন্তানহীনতার ক্ষোভে সে তার Biological emotion—কিন্তু এবার তার ভুল নয়। সে ঠিক ব'লেছিল। পৃথিবীর অবস্থা, তার সমাজ-ব্যবস্থা যতদিন এই রকম থাকবে, স্বার্থে

লোভে হিংসায় যতদিন মানুষ জর্জ্জর, ততদিন মৃত্যুশক্তিকে তার আয়ত্তাধীন ক'রে তার হাতে তুলে দেওয়া উচিত নয়। শিশুর হাতে বিষ তুলে দেওয়ার মতই সে গুরু অপরাধ। ডাঃ বোস, আপনি বুঝতে পারবেন, যখন আমি এই শক্তিকে আবিষ্কার ক'রেছিলাম, তখন আমি এসব ভাবিই নি। তখনকার সে আনন্দ, উঃ, ডাঃ বোস—

ডাঃ বোস—আমি জানি ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—সেই আনন্দের ভাগ আমি দিতে চেয়েছিলাম মানুষকে। করুণা এসে প্রতিবাদ ক'রলে, অনুরোধ ক'রলে, আমি তখন সেটাকে সত্য ব'লে মানতে পারি নি। (উঠিয়া) সেটা সত্যও ঠিক নয় ডাঃ বোস।

অণিমা—শ্যামল, শ্যামল, তুমি ব'স।

ডাঃ বোস—ডাঃ শাস্ত্রী, আপনি উত্তেজিত হচ্ছেন।

শ্যামাদাস—আপনাদের ধন্যবাদ জানিয়ে খাটো ক'রব না। আমি উত্তেজিত হচ্ছি। অণিমা, আমাকে ধ'রে বসিয়ে দাও (অণিমা শ্যামাদাসকে বসাইয়া দিল) ডাক্তার বোস, ওই শক্তি আবিষ্কার করা আমার অন্যায় হয় নি। সাপের বিষ থেকে ওষুধ আবিষ্কার হ'য়েছে। ভাবীকালে ওই মৃত্যু-শক্তিকেই বিশ্লেষণ ক'রে অমৃত আবিষ্কার হ'ত এবং হবে। আমি তাই মানতে পারি নি করুণার কথা। কিন্তু অ্যাটর্নির সঙ্গে কথা ব'লে তার স্বার্থান্ধ বিষয়-বুদ্ধির পরিচয় পেয়ে আমার দ্বিধা হ'ল ; তারপর যে মুহূর্ত্তে ব্রজবিহারী ঘোষাল ঘরে ঢুকে আমার দিকে হাতখানা বাড়িয়ে দিলে, বুঝলাম—দিনের আলোর মত বুঝলাম—স্থানকালের আবেষ্টনীতে, করুণার কথাই সত্য। আমি চেঁচিয়ে ডাকলাম—করুণা! তখন দেরী হ'য়ে গেছে ডাক্তার বোস—

অণিমা—জান শ্যামল, করুণা গ্যাস-সিলেণ্ডার খুলে দিয়ে ম'রতে চেয়েছিল ?

তোমার নিষ্ঠুর আবিষ্কারের সে প্রথম victim—প্রথম বলি হ'তে চেয়েছিল। যাতে তুমি তার প্রতিবাদের সত্য বুঝতে পার, স্বীকার ক'রতে পার।

শ্যামাদাস—বুঝতে পেরেছি, কিন্তু খানিকটা দেরী হ'য়ে গেছে অণিমা। তাই—তাই ডাঃ বোস, করুণাকে আপনি বাঁচিয়ে দিন। আজ আমি স্বীকার করছি তার ভালবাসা, আমার প্রতি তার আকর্ষণ জৈবিক প্রবৃত্তি নয়। গাছের রস থেকেই বিকশিত ফুলের মত সে বিচিত্র, অফুরন্ত তার রূপ, অপূর্ব্ব আস্বাদ তার মর্ম্মকোষের মধুর—সুন্দরতর মহত্তর বস্তু। ডাঃ বোস, আমি করুণার সেই ভালবাসা প্রাণ ভ'রে পেতে চাই। আমি অন্ধ, করুণার চোখ আছে, তার চোখ দিয়ে আমি দেখতে চাই।

[অণিমার হাত হইতে পাখাখানা পড়িয়া গেল]

কি হ'ল ?

অণিমা—কিছু না। তুমি চুপ কর শ্যামল। তুমি শ্রান্ত হ'য়েছ, তুমি কি বুঝতে পারছ না ?

শ্যামাদাস—তোমার প্রীতিকে আমি আজ সর্ব্বান্তঃকরণে স্বীকার ক'রছি।

অণিমা—তুমি অত্যন্ত emotional হ'য়ে উঠেছ শ্যামল ; কিন্তু তুমি তো জান আমি emotion-কে অত্যন্ত ঘৃণা করি—I hate it.

ডাঃ বোস—অণিমা, ডাঃ শাস্ত্রীর বিশ্রাম দরকার। ডাঃ শাস্ত্রী, আমি চিকিৎসক হিসাবে আপনাকে অনুরোধ করছি আপনি একটু বিশ্রাম করুন। চেষ্টা করুন।

শ্যামাদাস—আমি, আমি আর কথা কইব না ডাঃ বোস।

বোস—আমি নার্সকে পাঠিয়ে দিচ্ছি।

শ্যামাদাস—অণিমা থাকলে আমি বেশী শক্তি পাব ডাঃ বোস।

বোস—(হাসিল) কিন্তু আপনি কথা কইবেন না।

শ্যামাদাস—ডাক্তার বোস '

ডাঃ বোস—বলুন।

শ্যামাদাস—Blood syrum কখন আসবে ব'লে আশা করেন।

ডাঃ বোস—ঘণ্টাখানেকের মধ্যে ক'লকাতা থেকে ট্রেন আসবে। আপনি ঘুমুন। আমার উপর নির্ভর করুন ডাঃ শাস্ত্রী। (প্রস্থান)

[শ্যামাদাস কয়েক মুহূর্ত্ত স্তব্ধ হইয়া রহিল, অণিমা সহসা চোখ ফিরাইয়া নিজের চোখ মুছিল]

শ্যামাদাস—গরম কিছু যেন পড়ল আমার কপালে? (হাত দিয়া) জল? গরম জল। অণিমা, তুমি কাঁদছ?

অণিমা—হ্যাঁ শ্যামল, চোখের জল আমি রাখতে পারলাম না।

শ্যামাদাস—কেন অণিমা?

অণিমা—না শ্যামল, সে কথা তোমায় আমি এখন বলতে পারব না।

শ্যামাদাস—অণিমা, তবে কি করুণা বাঁচবে না?

(অণিমা কোন উত্তর দিল না)

শ্যামাদাস—অণিমা!

অণিমা—ডাঃ বোস তোমাকে মিথ্যে কথা বলেন নি শ্যামল। কিন্তু তোমাদের এই অবস্থা দেখে চোখের জল আমি রাখতে পারছি না। কিন্তু তুমি ঘুমোতে চেষ্টা কর শ্যামল।

শ্যামাদাস—তুমি আমার মাথায় হাত বুলিয়ে দাও অণিমা।

[ডাঃ বোস নিঃশব্দ পদক্ষেপে দেখা দিলেন, তাহার পিছনে হেমন্ত—তিনি ইঙ্গিতে অণিমাকে ডাকিলেন। শ্যামাদাস স্তব্ধ হইয়া ঘুমন্তের মত রহিয়াছে। অণিমা সন্তর্পিত পদক্ষেপে বাহিরে গেল। হেমন্ত সন্তর্পিত পদক্ষেপে ঘরে প্রবেশ করিয়া কাছে আসিল]

শ্যামাদাস—কে? কে তুমি? অণিমা তো বাইরে গেল। কে তুমি? ডাঃ বোস, আপনি? না। পায়ের শব্দ অপরিচিত মনে হচ্ছে। কে তুমি? (ঈষৎ উত্তেজিতভাবে) কে তুমি? কে?

হেমন্ত—আমি।

শ্যামাদাস—কে? কে?

হেমন্ত—বড়দা', আমি হেমন্ত!

শ্যামাদাস—হেমন্ত! হেমন্ত!

হেমন্ত—হ্যাঁ বড়দা'!

শ্যামাদাস—(উঠিয়া দাঁড়াইল) বলতে পারিস্ হেমন্ত, তুই কি জানিস্—

হেমন্ত—বড়দা', তুমি যে কাঁপছ! ব'স, ব'স তুমি, ব'স। সে শ্যামাদাসের দিকে অগ্রসর হইল)

শ্যামাদাস—(শব্দ লক্ষ্যে হেমন্তের দিকে অগ্রসর হইল) মা কেমন আছেন তুই জানিস্? কোথায় আছেন তিনি? হেমন্ত!

হেমন্ত—ভাল আছেন, তিনি ভাল আছেন। ব'স ব'স তুমি বড়দা'। তুমি কাঁপছ।

শ্যামাদাস—আমায় ও ঘরে নিয়ে চল্, আমি শুতে চাই।

(হেমন্ত তাহাকে ধরিয়া লইয়া চলিল)

শ্যামাদাস—কিন্তু তুই আমাকে মিথ্যে কথা ব'লে সান্ত্বনা দিলি হেমন্ত। আমি জানি মায়ের মাথা খারাপ হ'য়ে গেছে। ডাঃ বোস অণিমাকে চিঠি লিখেছিলেন—অসাবধানতা বশে অণিমা চিঠিখানা ফেলে রেখেছিল টেবিলের ওপর। 'মিসেস শাস্ত্রী' কথাটা আমার চোখে পড়তে আমি চিঠিখানা পড়েছিলাম।

হেমন্ত—বড়দা'!

শ্যামাদাস—আমায় ও ঘরে নিয়ে চল্ হেমন্ত। আমি শুতে চাই।

(উভয়ের প্রস্থান)

[অণিমা ও ডাঃ বোসের প্রবেশ]

ডাঃ বোস—(হাতে Telegram) ওখানকার চাহিদাই Blood Bank মেটাতে

পারছে না ক'লকাতায় একটা বড় air raid হ'য়ে গেছে। বাইরে ওরা blood পাঠাতে পারবে না।

[অণিমা শূন্য দৃষ্টিতে সম্মুখের দিকে চাহিয়া ছিল]

ডাঃ বোস—ডাঃ শাস্ত্রী অসাধারণ শক্ত মানুষ। কিন্তু এই accident যেন ওঁকে প্রচণ্ড একটা নাড়া দিয়েছে। এ শক ওঁর পক্ষে অত্যন্ত রূঢ় আঘাত হবে। আমি ভাবছি, ওঁকে আমি কি বলব? অ্যানি!

[অণিমা তাহার দিকে ফিরিয়া চাহিল]

ডাঃ বোস—তুমি কি আমাকে এই রূঢ় কর্ত্তব্যের হাত থেকে রেহাই দিতে পার? ডাঃ শাস্ত্রীকে এই দুঃসংবাদটা জানাতে পার? মিসেস শাস্ত্রীর মৃত্যুর পূর্ব্বে তাঁকে প্রস্তুত ক'রে রাখতে চাই আমি। অ্যানি!

অণিমা—তুমি তো জান আমার রক্ত সকলকে দিতে পারি আমি— Universal donor.

বোস—অ্যানি!

অণিমা—আমি রক্ত দিতে চাই। করুণাকে আমি বাঁচাতে চাই।

বোস—কিন্তু তোমার damaged heart-এর কথা জেনে—

অণিমা—(হাসিয়া উঠিল) I have got no heart.

বোস—অণিমা!

অণিমা—তুমি আমায় একদিন মুক্তি দিতে চেয়েছিলে, মনে আছে?

[বোস অণিমার মুখের দিকে চাহিল, অণিমা তাহার কাছে আসিল]

অণিমা—আজ আমি তোমার কাছে সেই মুক্তি চাইছি। তুমি আমাকে মুক্তি দাও।

[বোস তাহার মুখের দিকে চাহিয়া রহিল]

অণিমা—আজ তোমাকে আমি বলছি I love him, শ্যামলকে আমি ভালবাসি। কিন্তু সে করুণাকে আমার চেয়ে ঢের বেশী ভালবাসে। ঢের বেশী কেন, হয়তো পৃথিবীর মধ্যে ওই একটি নারীকেই সে ভালবাসে। তাই—তাই আমি তাকে বাঁচাতে চাই। আমার রক্তের উষ্ণ ব্যাকুল কামনা করুণার দেহের মধ্যে গিয়ে সার্থক হবে তার স্পর্শে তার সমাদরে! (তারপর শান্তস্বরে) তা ছাড়া এমন কিছু বিপদের কথা এটা নয়।

ডাঃ বোস—কিন্তু তোমার emotion-কে আমি ভয় করছি। তোমার damaged heart-কে আমার ভয় অণিমা।

অণিমা—যদিই কিছু ঘটে, তার জন্যেই তো তোমার কাছে মুক্তি চেয়ে রাখছি।

বোস—অ্যানি! (হাত চাপিয়া ধরিল)

অণিমা—কি হ'ল?

বোস—তোমার চোখ, তোমার দৃষ্টি—

অণিমা—(হাসিয়া বাধা দিয়া বলিয়া উঠিল) ভ্রম—তোমার মনের ভ্রম।

বোস—অণিমা, তুমি হেসো না।

অণি—ডাক্তার, রোগীর জীবন তোমার হাতে। মুহূর্ত্তে মুহূর্ত্তে দেরী হ'য়ে যাচ্ছে। ডাক্তার! (হাত ধরিয়া ঝাঁকি দিল)

বোস—(হাসিল—সঙ্গে সঙ্গে একটা দীর্ঘনিঃশ্বাস ফেলিল) চল।

[অণিমা গানের একটি কলি গুঞ্জন করিতে করিতে অগ্রসর হইল। নেপথ্যে শ্যামাদাসের কণ্ঠস্বর শোনা গেল]

নে-শ্যামা—ডাক্তার! ডাক্তার! ডাক্তার বোস!

(শ্যামাদাস প্রবেশ করিল)

হেমন্ত—এ ঘরে তো কেউ নেই।

শ্যামাদাস—অণিমা! অণিমা!

নে-অণিমা—শ্যামল! শ্যামল!

শ্যামাদাস—অণিমা, করুণার জন্যে রক্ত কি পাওয়া গেছে অণিমা?

নে-অণিমা—গেছে শ্যামল, পাওয়া গেছে।

(এক কলি গান)

নে-ডাঃ বোস—অণিমা, please অণিমা!

(নেপথ্যে অণিমা খিলখিল করিয়া হাসিয়া উঠিল)

নে-ডাঃ বোস—অণিমা! অণিমা! অণিমা!

শ্যামাদাস—ডাঃ বোস! কি হ'ল ডাঃ বোস! ডাঃ বোস! (খুঁজিতে খুঁজিতে অগ্রসর হইল)

(রঙ্গমঞ্চ ঘুরিল)

[শ্যামাদাস আসিয়া ঘরে প্রবেশ করিল। ঘরে দুইটি শয্যা—একটি শয্যায় শুইয়া আছে করুণা। অপর শয্যায় অণিমার দেহ। পাশে নার্স। ডাঃ বোস একখানি চাদর ঢাকিয়া দিলেন]

শ্যামাদাস—ডাঃ বোস!

বোস—মিসেস শাস্ত্রী নিরাপদ ব'লেই মনে হচ্ছে ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—আমি একবার স্পর্শ ক'রে দেখতে পারি না ডাঃ বোস?

বোস—(হাত ধরিয়া করুণার বিছানার পাশে আনিয়া) অত্যন্ত সন্তর্পণে স্পর্শ করবেন। আপনাকে বেশী বলতে হবে না ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—(মুখে হাত বুলাইয়া) করুণা, wake up, জাগ করুণা। জেগে ওঠ। তোমার দৃষ্টি দিয়ে আমাকে পৃথিবীকে দেখাও। হ্যাঁ ডাক্তার বোস, করুণা বেঁচেছে, তার কোমল উত্তপ্ত মুখের স্পর্শ আমাকে বলছে, সে বাঁচবে। কিন্তু অণিমা কই! সে যে আমায় ডাকলে, সে কই? অণিমা!

বোস—সে এ ঘরে নেই ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—সে কোথায় গেল ? সে আমায় বলেছিল, ডাক্তার বোস বলেছেন —শ্যামল, তোমার করুণা বাঁচবে। সে কোথায় গেল ? অণিমা, অণিমা! এইমাত্র যে তার খিলখিল হাসি শুনলাম।

ডাঃ বোস—ডাঃ শাস্ত্রী, খেয়ালী হৃদয়হীনা অণিমাকে আপনি তো জানেন। মিসেস শাস্ত্রীর অবস্থার উন্নতি দেখেই সে এমনি ক'রে হাসতে হাসতে চ'লে গেল—এখান থেকে চ'লে গেল।

[শ্যামাদাস উঠিয়া আসিতে উদ্যত হইল]

ডাঃ বোস—এদিকে নয়, এদিকে নয়। এই—এই আমার হাত ধরুন ডাঃ শাস্ত্রী।

[নেপথ্যে হর্নের শব্দ শোনা গেল]

শ্যামাদাস—ওই, ওই কি অণিমা চ'লে গেল ! অণিমা ! অণিমা !

নে-হেমন্ত—ডাঃ বোস, ডাঃ বোস !

(হেমন্তের প্রবেশ)

হেমন্ত—ডাঃ বোস ! (ইঙ্গিত করিল)

শ্যামাদাস—হেমন্ত !

ডাঃ বোস—কি হেমন্তবাবু ? (আগাইয়া গেল)

হেমন্ত—জ্যাঠাইমা এসেছেন ডাঃ বোস।

[ইতিমধ্যে শ্যামাদাস চলিতে গিয়া অণিমার শয্যাপার্শ্বে উপস্থিত হইয়া পায়ে খাটের বাজুতে আঘাত পাইয়া বিছানার উপর হাত দিয়া আত্মরক্ষা করিল। সঙ্গে সঙ্গে সে অনুভব করিল—অণিমার দেহ]

শ্যামাদাস—একি ? ডাঃ বোস, এ কি ? এ কে ? ঠাণ্ডা শক্ত এ কি ? এ কে ডাঃ বোস ?

হেমন্ত—এ কি ? এ কি ? ডাঃ বোস—

ডাঃ বোস—হেমন্তবাবু ! (ঈঙ্গিত করিলেন—চুপ করুন) ডাঃ শাস্ত্রী।

শ্যামাদাস—এ কি? Tall slim, দীর্ঘদেহ এ কে? কাপড়ের চুলের মিষ্টি গন্ধ, কানের এই লম্বা চুল! ডাঃ বোস!

ডাঃ বোস—হ্যাঁ ডাক্তার শাস্ত্রী, অণিমা।

শ্যামাদাস—অণিমা! ডাঃ বোস, কি বলছেন?

ডাঃ বোস—ক'লকাতায় Blood Bank থেকে রক্ত পাওয়া যায় নি ডাঃ শাস্ত্রী। অণিমা ছিল universal donor, সে রক্ত দিলে। তাকে আমি বারণ ক'রেছিলাম। ওর হার্টও ড্যামেজ ছিল। তাতেও কিছু হ'ত না। ডাঃ শাস্ত্রী she loved you. মিসেস শাস্ত্রীকে বাঁচিয়ে তার মধ্যে সে বেঁচে থাকতে চেয়েছে। ইচ্ছে ক'রে সে চেঁচালে হাসলে। ডাঃ শাস্ত্রী সে আপনাকে না পেয়ে বেঁচে থাকতে পারলে না।

শ্যামাদাস—অ্যানি! অ্যানি! অ্যানি!

ডাঃ বোস—ডাঃ শাস্ত্রী! Please বিচলিত হবেন না। আত্মসম্বরণ করুন।

শ্যামা—হ্যাঁ ডাক্তার বোস! আমাকে আত্মসম্বরণ করতে হবে।

নেপথ্যে শৈলজা—শ্যামাদাস! ওরে শ্যামাদাস! ওরে তুই কোথায়? ওরে, আমার সব ভেঙে চুরমার হ'য়ে গেল রে! গোবিনজী পাথর হ'য়ে গেল। আমার মনের দেউল ভেঙে গেল, আমি আজ কি নিয়ে থাকব তোকে ছাড়া? তুই আমার গোপাল। শ্যামাদাস!

ডাঃ বোস—ডাঃ শাস্ত্রী আপনার মা।

শ্যামাদাস—আমার মা! ডাঃ বোস, এ ঘরে নয় ডাঃ বোস। ও ঘরে নিয়ে চলুন!

(Dr. Bose চাদর দিয়া অণিমার দেহ ঢাকিয়া দিলেন)

শ্যামাদাস—ডাঃ বোস, আমি স্বীকার করছি, এই যদি ভালবাসা হয়, তবে Love is God, and if there is God—God is Love.

যবনিকা